করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে।
সবাই সুস্থ ও নিরাপদ থাকুন।
সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

# প্রথম আলো

Prothom Alo North America
26 May 2022, Thursday, 6th Year, Issue 271, 40 Pages





নতুনের কেতন ওড়ালেন নজরুল পৃষ্ঠা ৩৫



২৬ মে ২০২২, ১২ জ্যৈষ্ঠ ১৪২৯, ২৫ শাওয়াল ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৬, সংখ্যা ২৭১, পৃষ্ঠা: ৪০


## আমেরিকা আবার রক্তাক্ত: প্রাথমিক বিদ্যালয়ে হামলা



টেক্সাসে গুলিবর্ষণের ঘটনায় আমেরিকাজুড়ে সন্তানদের নিরাপত্তা নিয়ে উৎকণ্ঠায় রয়েছেন অভিভাবকেরা। বুধবার নিউইয়র্কের জ্যামাইকা কিউ ৫০ স্কুলে। ছবি: সানজিদা আক্তার

# ১৯ শিশুসহ নিহত ২১

### নিহতদের বেশিরভাগ দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী।

**বিশেষ প্রতিনিধি**

টেক্সাসের একটি প্রাথমিক বিদ্যালয়ে বন্দুকধারীর গুলিতে ১৯ শিক্ষার্থীসহ ২১ জন নিহত হয়েছে।

২৪ মে মঙ্গলবার এ ঘটনা ঘটে। বন্দুকধারী সালভাদর রামোস পুলিশের গুলিতে নিহত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। প্রেসিডেন্ট বাইডেন আল্লাহর নামে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণ আইন নিয়ে কংগ্রেসকে দ্রুত সক্রিয় হওয়ার আহ্বান জানিয়েছেন। হোয়াইট হাউস থেকে দেয়া বক্তৃতায় তিনি বলেন, আর কবে আমাদের বোধোদয় হবে! সক্রিয়


**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**


## নিউইয়র্ক এখন আতঙ্কের নগর!

**বিশেষ প্রতিনিধি**

আমেরিকায় বসবাসের সেরা ১০০টির মধ্যে নিউইয়র্কের নাম নেই। সারাবিশ্বের সবচেয়ে শৌর্য্য-বীর্যের নগর


**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**


## আগ্নেয়াস্ত্র আইন তৈরিতে কংগ্রেসকে বাধ্য করা উচিত: বাইডেন

**উত্তর আমেরিকা ডেস্ক**



জো বাইডেন

মার্কিন নাগরিকদের উচিত একটি যুক্তিসংগত আগ্নেয়াস্ত্র আইন তৈরি করতে কংগ্রেসকে বাধ্য করা। স্থানীয় সময় মঙ্গলবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট টেক্সাসে বন্দুকধারীর গুলিতে ২১ জনের মৃত্যুর প্রসঙ্গ টেনে এ কথা বলেছেন। বার্তা সংস্থা রয়টার্সের এক


**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ২**


## প্রেসিডেন্ট পদ প্রার্থিতা নিয়ে ভাবছেন এরিক অ্যাডামস!

**রওশন হক**



এরিক অ্যাডামস

নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস ২০২৪ সালের নির্বাচনে প্রেসিডেন্ট পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার কথা ভবাছেন।


**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ২**


# শিশুখাদ্য ঘাটতি, সর্বত্র উদ্বেগ

### যুক্তরাষ্ট্র

### ৮ মে পর্যন্ত দেশব্যাপী খুচরা বিক্রেতাদের কাছে ৪৩ শতাংশ বেবি ফর্মুলার স্টক ছিল না।

**এইচ বি রিতা**



মার্কিন যুক্তরাষ্ট্রে ১ থেকে ৩ বছর বয়সী শিশুদের খাদ্য ঘাটতি দেখা দিয়েছে। বেবি ফর্মুলার এই ঘাটতি নিম্ন ও মধ্য আয়ের লোকজনের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। বাজারে বেবি ফর্মুলা পাওয়া যাচ্ছে না। লোকজন মাইলের পর মাইল ড্রাইভ করে শিশুদের জন্য খাবার সংগ্রহ করতে হচ্ছে। বেশ কিছু প্রতিষ্ঠান গ্রাহকদের রেশনিং করে বেবি ফর্মূলা বিক্রি করছে।

যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন-এফডিএ গত বৃহস্পতিবার জানায়, ইনফেন্ট ফর্মুলা ফ্যাক্টরিটি বন্ধ


**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**


# রাষ্ট্রদূতকে সরিয়ে দেওয়া হচ্ছে

### বাংলাদেশ মিশনে রদবদল

**ঢাকা অফিস**

বিদেশে বাংলাদেশ মিশনগুলোতে চলতি বছর বড় ধরনের রদবদল ঘটতে যাচ্ছে। এর মধ্যে মাত্র দুই মাস আগে ভারতে তিন বছরের চুক্তিতে যোগ দেওয়া হাইকমিশনারকে যুক্তরাষ্ট্রে এবং যুক্তরাষ্ট্রে চুক্তিতে থাকা রাষ্ট্রদূতকে মেয়াদ শেষ হওয়ার আগেই সরিয়ে দেওয়া হচ্ছে। আগামী তিন মাসের মধ্যে ভারত, যুক্তরাষ্ট্র, সুইজারল্যান্ড, অস্ট্রেলিয়া, চীন, জার্মানি, তুরস্ক, ডেনমার্ক ও ভুটানে রাষ্ট্রদূত পদে রদবদল হতে পারে।

পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেন এসব দেশের মিশনে রাষ্ট্রদূত পদে পরিবর্তনের সিদ্ধান্তের বিষয়টি প্রথম আলোর কাছে নিশ্চিত করেন।

বর্তমান সরকারের আমলে দেড় বছরের মধ্যে এই প্রথম বড় ধরনের রদবদল হচ্ছে। ২০১৯ সালের শেষ দিকে ভারত, রাশিয়াসহ ১২টি দেশ এবং


**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**






আপনার প্রিয়জন যদি ডিমেনশিয়ায় ভোগেন তাহলে তিনি ২৪ ঘন্টার জন্য হোম কেয়ার সার্ভিস পাবেন।

আমাদের সার্ভিস সমূহ:
ফারসোনাল কেয়ার এইডস
হোম হেলথ এইডস
দক্ষ নার্সিং কেয়ার
থেরাপিস্ট

আমরা বাংলায় কথা বলি

HumanCare
HOME HEALTH CARE SERVICES
Companionship. Comfort. Peace of Mind.

Tel: 718-435-1100ex 272
www.HumanCareNY.com

CHISHTI CPA PC
চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services.
Over 13 years of Accounting and Taxation Experience.
আমাদের অফিস জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে

ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ
- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ-এমপ্লয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পুরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

AUTHORIZED e-file PROVIDER
NOTARY PUBLIC
Direct Deposit

একাউন্টিং ও বুককিপিং
- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings



Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372
Mohammed K. Chishti, CPA, MBA

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

Queens Social Adult Day Care Center Inc



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এন্ড ড্রপস্ করে থাকি






আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

# জ্যামাইকার হিলসাইডে খলিল বিরিয়ানীর শাখা

উত্তর আমেরিকা রিপোর্ট

সাফল্যের অগ্রযাত্রায় খলিল বিরিয়ানির নতুন শাখা হচ্ছে ১৬৭-২০ হিলসাইড জ্যামাইকায়। ব্রংকসের পর বাংলাদেশি অধ্যুষিত জ্যামাইকায় খলিল বিরিয়ানি শাখাটি চালু হচ্ছে শিগগিরই। প্রিমিয়াম সুইটস নামের আরেকটি স্বদেশি প্রতিষ্ঠানের বিপরীতে চৌরাস্তার মোড়ে উদ্বোধন হবে খলিল বিরিয়ানির শাখাটির। বর্তমানে ইয়ামি চিকেন পিজা এন্ড বার্গার নামে একটি ফাস্ট ফুডের দোকান রয়েছে। এখানেই খলিল বিরিয়ানির এই নতুন শাখা।



প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী খলিলুর রহমান

বলেন, ব্রংকসের বাইরেও আমাদের শাখা চালুর জন্য অনেকের দাবি ছিল। চাহিদা, কমিউনিটির সমর্থন ও সহযোগিতার ধারাবাহিকতায় জ্যামাইকায় শাখা খোলা হচ্ছে। এ বছরই অন্যান্য বরোতেও খলিল বিরিয়ানির শাখা চালু করার পরিকল্পনা রয়েছে। খলিল বলেন, আপাতত এখানে নিয়মিত খাবারগুলোই থাকবে। পরে আরও বড় পরিসর পাওয়া গেলে আলাদা করে চাইনিজ শাখা চালুর চিন্তা রয়েছে। এবার সামারে পিকনিকসহ অন্যান্য অনুষ্ঠানের খাবারের অর্ডার জ্যামাইকা শাখায় দেয়া যাবে বলে খলিলুর রহমান জানান।

# ৩৬তম ফোবানার কিক অফ পার্টি

জুয়েল সাদত

শিকাগোর কন্টিনেন্টাল একটিভিটি সেন্টারে ২১ শনিবার সন্ধ্যায় অনুষ্ঠিত হয় ৩৬তম ফোবানার কিক অফ পার্টি। সন্ধ্যা ৭ টা রাত ১২ পর্যন্ত চলে কিক অফ পার্টি। কিক অফ পার্টিতে ফোবানার একজিকিটিভ কমিটি ও হোস্ট কমিটি ও ফোবানার শুভাকাঙ্ক্ষীরা উপস্থিত ছিলেন।

উইন্ডি সিটি খ্যাত ও বাংলাদেশের অহংকার এর শহর শিকাগো। শিকাগোর ল্যান্ডমাক উইলস টাওয়ার যা সিয়ারস টাওয়ার নামে সুপরিচিত সেটা বাংলাদেশের ফজলুর রহমানের অনন্য সৃষ্টি। সেই শহরে বাংলাদেশ সুপরিচিত, সেখানেই সেপ্টেম্বর এর ২ থেকে ৪ তারিখ ফোবানার ৩৬তম আসর বসতে যাচ্ছে।


**৩৬তম ফোবানার কিক অফ পার্টি।**
প্রথম আলো

ফোবানা উত্তর আমেরিকা প্রবাসীদের বার্ষিক মিলনমেলা। যেখানে উত্তর আমেরিকার শিল্পীরা তাদের মনোমুগ্ধকর পারফরম্যান্স করে থাকেন। ওয়াশিংটন ফোবানর পর শিকাগো ফোবানাকে ঘিরে জল্পনা কল্পনা শুরু হয়েছে। তবে শিকাগোয় ফোবানার মুল কনসেপ্ট ফিরে আসবে ধারণা করা যাচ্ছে।

কিক অফ পার্টিতে ৩৬তম ফোবানার চেয়ারম্যান রেহান রেজা জানান, ফোবানা তার নিজস্ব গতিতে চলছে। ফোবানা নিয়ে বিভ্রান্ত হবার অবকাশ নেই।

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি


মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।

আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।


রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Masoom Medical Clinic
OUR MEDICAL SERVICE



We accept most insurances

Dr. M. A. Iqbal, M.D.
M.B.B.S Dhaka Medical College, Bangladesh
Board Certified Physical Medicine & Rehab
Certified Geriatric Care Professional
Board Certified Interventional Pain (American Academy of Procedural Medicine)
Fellowship in Spinal Cord Injury Medicine
(Mount Sinai School of Medicine, Manhattan NY)
Certified Acupuncturist
Certified NADA (EAR acupuncture)

168-32/36 Highland Ave,
Jamaica, NY 11432
Call us
929-307-8868


Masoom Medical Clinic

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং



- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

আমরা বাংলায় কথা বলি


Ms. Farzana Choudhury

CALL: 718-263-5999
*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


বিসমিল্লাহির রাহমানির রাহিম
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক
নির্বাচন ২০২২, রবিবার ৫ জুন
"দুটি পাতা আর একটি কুঁড়ির দেশে
নতুন করে সাজিয়ে দেবো সবাই মিলেমিশে"
সাংগঠনিক অভিজ্ঞতা
সাবেক সভাপতি, সাধারণ সম্পাদক, উপদেষ্টা, নির্বাচন কমিশনার
সদস্য গঠনতন্ত্র সংশোধনী কমিটি
বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি যুক্তরাষ্ট্র
কার্যকরী সদস্য
কুইন্স বাংলাদেশ সোসাইটি
প্রতিষ্ঠাতা পরিচালক
এবি টিভি ও এবি মিডিয়া গ্রুপ
B1
একতা, ভালোবাসা আর কর্তব্য পালনের মধ্য দিয়ে
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক কে জালালাবাদ বাসীর কাছে যেন
প্রাণের সংগঠন হিসেবে স্থান করে দিতে পারি এটাই আমার লক্ষ্য এটাই আমার দৃঢ় সংকল্প
মাসুদুল হক ছানু
সভাপতি পদ প্রার্থী
MASHUDUL HAQUE SANU • President Candidate
আপনাদের দোয়া ও ভোট প্রার্থী
প্রচারে: সমর্থক ও শুভানুধ্যায়ী বৃন্দ
Please cast your vote for Mashudul Haque Sanu

গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরাম অফ নিউজার্সী, যুক্তরাষ্ট্র
GOLAPGONJ UNITED FORUM OF NEW JERSEY, USA

# ঈদ পুনর্মিলনী ও অভিষেক ২০২২

Eid Reunion & Inauguration Ceremony 2022

29 May 2022, Sunday
Venue: Fireman Hall
224 Walnut St, Paterson, NJ 07522
Time: 5:00 PM

অনুষ্ঠান সূচি:

- কোরআন তেলাওয়াত
- পরিচিতি
- শপথ অনুষ্ঠান
- অতিথিদের বক্তব্য
- ডিনার
- সাংস্কৃতিক অনুষ্ঠান

আমন্ত্রণে:

মাসুম রহমান
সভাপতি
973-914-4045

সুমন আহমদ
সাধারণ সম্পাদক
862-264-0006

বৃহস্পতিবার, ২৬ মে ২০২২

প্রথম আলো
Prothom Alo North America

সম্পাদকীয়

## আবদুল গাফ্ফার চৌধুরীর মৃত্যুতে আমাদের শোক

দেশের বাইরে বসবাস করলেও বাংলাদেশের রাজনীতির নারই নক্ষত্র ছিল তাঁর নখদর্পনে। সারাবিশ্বে বসবাসরত বাংলাভাষী মানুষ ভাষা আন্দোলনকে স্মরণ করতে গিয়ে গেয়ে ওঠে' আমার ভায়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী'। গানটির অমর স্রষ্টা আবদুল গাফ্ফার চৌধুরী লন্ডনে ইন্তেকাল করেছেন। অন্তিম ইচ্ছে অনুযায়ী তাঁর মরদেহ ঢাকায় স্ত্রীর পাশে সমাহিত করা হয়েছে।

বাংলাদেশের যে ক'জন সাংবাদিক তাঁদের ব্যাপ্তি নিয়ে খ্যাতিমান ও পূজনীয় হয়েছেন তাঁদের মধ্যে আবদুল গাফ্ফার চৌধুরী অন্যতম। অনেক প্রাজ্ঞ সাংবাদিকের দেখা পেয়েছে বাংলাদেশ। তফাজ্জল হোসেন মানিক মিয়া, আবদুস সালাম, জহুর হোসেন চৌধুরী, সিরাজুদ্দীন হোসেন, কে জি মুস্তাফা, এবিএম মূসা, তোয়াব খান, শহীদুল্লা কায়সার, আহমেদুর রহমান, সৈয়দ নুরুদ্দীন, এম আর আখতার মুকুল, সন্তোষ গুপ্ত প্রমুখের সাথে প্রমুখের সাথে আবদুল গাফ্ফার চৌধুরীর নামের সাথে বাংলা সাংবাদিকতার ঐতিহ্য ও ব্যাপ্তি জড়িয়ে আছে। বাংলাদেশের স্বাধিকার আন্দোলনের পথ বেয়ে স্বাধীনতায় পৌঁছানোর পথে তাঁরা প্রত্যেকেই অনন্য ভূমিকা পালন করেছেন। আমাদের মনে পড়বে ১৯৯৮ সালে আবদুল গাফ্ফার চৌধুরী তাঁর এক কলামে লিখেছিলেন, "বাংলাদেশের সম্পাদক নামের প্রজাতিটি পৃথিবীর আদি যুগের অনেক প্রাণীর মতো বিলুপ্ত হতে বসেছে। অথচ এককালে তাঁরাই ছিলেন বিদেশি শাসকের বুকের ত্রাস এবং জ্ঞানে-গরিমায় শত্রু-মিত্র সবার কাছে শ্রদ্ধেয় ও সম্মানিত ব্যক্তিত্ব। তাতে কী? ডাইনোসোরাসও তো এককালে ছিল পৃথিবীর সবচেয়ে অতিকায় প্রাণী। এখন তার বংশধারা লুপ্ত। কেবল তাদের ফসিল পাওয়া যায়। এমনও হতে পারে, বাংলাদেশে এখনও সম্পাদক নামক প্রজাতির যে দু-চারজন অবশিষ্ট আছেন, তাঁদের প্রয়াণের পর হয়ত ডাইনোসোরাসের কঙ্কালের মতোই তাঁদের কঙ্কাল নিয়ে গবেষণা হবে, প্রদর্শনী হবে। ভবিষ্যতের বাংলাদেশের মানুষ একদিন অবাক বিস্ময়ে জানবে, তাদের দেশে একদা সৎ, ন্যায়নিষ্ঠ, সত্যানুসন্ধানী একদল সংবাদপত্রসেবী ছিলেন; যাঁদের বলা হতো সম্পাদক। এঁরা এখন প্রায় লুপ্ত প্রজাতি। তাঁদের স্থান যাঁরা দখল করেছেন, তাঁদের নাম মালিক-সম্পাদক। তাঁদের মধ্যে লুপ্তপ্রায় সম্পাদক প্রজাতির দু-একজন অবশ্য এখনও আছেন। তাঁরা মালিক এবং সাংবাদিক দুই-ই। বাকি সবাই কেবল মালিক। কস্মিনকালেও তাঁরা সাংবাদিক অথবা সংবাদপত্রসেবী ছিলেন না। টাকার জোরে (অধিকাংশ ক্ষেত্রেই হয়ত কালোটাকা) তাঁরা সংবাদপত্র প্রকাশ করেছেন এবং মালিকানার জোরে সম্পাদক হয়ে বসেছেন।" তাঁর কথাগুলো আজো প্রাসঙ্গিক।

আবদুল গাফ্ফার চৌধুরী ছিলেন সাংবাদিক, কবি, কথাসাহিত্যিক ও গীতিকার। তিনি পাকিস্তান আমলে পঞ্চাশের দশকে সাংবাদিতা শুরু করে আজীবন সেই পেশায় যুক্ত ছিলেন। ১৯৬৬ সালে বঙ্গবন্ধু ছয় দফা ঘোষণার পর তাঁর সম্পাদিত সান্ধ্য দৈনিক আওয়াজে প্রথম সেই কর্মসূচির পুরোটা প্রকাশিত হয় শাসকের রক্তচক্ষু উপেক্ষা করে। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শুরু হলে সপরিবার সীমান্ত পাড়ি দিয়ে আগরতলা হয়ে কলকাতায় পৌঁছান। সেখানে মুজিবনগর সরকারের মুখপত্র সাপ্তাহিক জয় বাংলার নির্বাহী সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। এ সময় তিনি কলকাতায় দৈনিক আনন্দবাজার ও যুগান্তর পত্রিকায়ও কলাম লিখতেন। ১৯৭২ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর দৈনিক জনপদ বের করেন। ১৯৭৪ সালে অসুস্থ স্ত্রীর চিকিৎসার জন্য লন্ডনে যান এবং সেখানেই স্থায়ী হন। কিন্তু তাঁর হৃদয় ও মননে সদা জাগরূক ছিল বাংলাদেশ; যার প্রতিফলন থাকত তাঁর কলামে, রাজনৈতিক ভাষ্যে।

'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' কবিতা হিসেবে লিখেছিলেন আবদুল গাফ্ফার চৌধুরী। কবিতাটি গান হয়ে কেবল একুশের অনুষ্ঠানে নয়, সারাবছরই গীত হয় নানা উপলক্ষে। আমাদের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা'র পর আর কোনো গান এত জনপ্রিয়তা পায়নি। এই একটি গানের জন্য তিনি অমর হয়ে থাকবেন। প্রজন্ম থেকে প্রজন্মে তাঁর এই গান গীত হবে।

মহুমাত্রিক প্রতিভা নিয়ে জন্মেছিলেন আবদুল গাফফার চৌধুরী। গল্প, উপন্যাস, স্মৃতিকথা, ছোটদের উপন্যাসও লিখেছেন । তাঁর উল্লেখযোগ্য বইয়ের মধ্যে আছে চন্দ্রদ্বীপের উপাখ্যান, সম্রাটের ছবি, ধীরে বহে বুড়িগঙ্গা, বাঙালি না বাংলাদেশি। ১৯৭৫ সালে বঙ্গবন্ধু হত্যার পর প্রথম যাঁরা প্রতিবাদ করেছেন, তারও অগ্রসারিতে ছিলেন আবদুল গাফ্ফার চৌধুরী।

আবদুল গাফ্ফার চৌধুরী কত মানুষের সাথে যে যোগাযোগ রাখতেন, তা এক বিস্ময়ের ব্যাপার। লন্ডনে অবস্থান করেও পূর্ব-পশ্চিমে বসবাস করা নানা পর্যায়ের লোকজনের সাথে ছিল তাঁর নিবিড় সম্পর্ক। আড্ডায় আলোচনায় ছিলেন তিনিই ছিলেন মধ্যমণি। তাঁর সাথে বৈঠকে বসলেই টের পাওয়া যেত, এক জীবন্ত তথ্য কোষ যেন। বিভিন্ন ঘটনার পরম্পরা তিনি অবলীলায় একই সুতায় গাঁথতে পারতেন। আবদুল গাফ্ফার চৌধুরী স্বাধীনতা পুরস্কার, একুশে পদকসহ বহু পুরস্কারে ভূষিত হয়েছেন। কিন্তু সেসব পুরস্কার ছাপিয়ে তিনি একুশের গানের জন্য বাংলাদেশের গণমানুষের মধ্যে যে স্থান করে নিয়েছেন, তাঁর দ্বিতীয় উদাহরণ নেই। বাংলা ভাষা যত দিন থাকবে, আবদুল গাফ্ফার চৌধুরীর লেখা অমর একুশের গানটিও থাকবে। তাঁর প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত। তাঁর প্রতি জানাই শ্রদ্ধাঞ্জলি।

# নিসঃঙ্গতা ও প্রবীণ জনগোষ্ঠী

মো. আবু বকর সিদ্দীক

প্রবীণ নাগরিকদের নিঃসঙ্গতা নিয়ে সারাবিশ্বে ব্যাপক আলোচনা হচ্ছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। অনেক প্রবীণ নাগরিক নিঃসঙ্গতায় মনো-বৈকল্যের শিকার হচ্ছেন। ফলে তাঁরা হতাশ জীবনযাপন করছেন। নিঃসঙ্গতা আবার দুই কারণে হচ্ছে। ক. শারীরিক অসুস্থতাজনিত নিঃসঙ্গতা, খ.মানসিক নিঃসঙ্গতা। আজকের আলোচনা বিষয় মানসিকভাবে নিঃসঙ্গতা।

আমাদের দেশে দেখি, অনেক মানুষই ৫০ বছরের কোঠায় পা দিলেই নিজকে অসহায়বোধ করতে শুরু করেন। ৬০ বছরের কোঠায় এর মাত্রা বেশি দৃশ্যমান হয়। প্রায় সব ক্ষেত্রেই নৈরাশ্য, হতাশা, পাওয়া, না-পাওয়ার হিসেবনিকেশ নিয়ে ক্লান্তি শুরু হয়। এ নৈরাশ্যভাবকে আবার দুভাগে ভাগ করা যায়। নিঃশব্দ নিঃসঙ্গতা এবং সরব নিঃসঙ্গতা। নিঃশব্দ নিঃসঙ্গতাক্রান্ত ব্যক্তিকে সব সময় চিন্তাগ্রস্ত মনে হয়। আক্রান্ত প্রবীণ ব্যক্তি কারও সাথে কথা বলেন না, চুপচাপ থাকেন। কারও কথা শুনতেও পছন্দ করেন না। কখনো ফ্যাল ফ্যাল করেন শুধু চেয়ে থাকেন কিংবা কোনো বিশেষ বস্তুর দিকে বা উদ্দেশ্যহীন চেয়ে থাকেন। নিজকে নিজের মধ্যে গুটিয়ে ফেলেন। ফলে তাঁর শরীরে বাসা বাঁধে, নানা রোগব্যাধি। অনেক সময় বেলায়-অবেলায় বিছানায় শুয়ে থেকে দিন কাটায়। কোনো বন্ধু-বান্ধব, আত্মীয়স্বজনের সাথে তাদের দেখা-সাক্ষাৎ করায় প্রবৃত্ত হয় না। একে আমরা সহজ ভাষায় বলতে পারি ঘরকুনো হয়ে পড়া। এ সময় আবার কারও কারও অহেতুক অভিমান সৃষ্টি হয়। নিকট কোনো কোনো মানুষের নাম পর্যন্ত শুনতে চান না। সরব নিঃসঙ্গতায় আক্রান্ত ব্যক্তি কাউকেই সহ্য করতে পারে না। অহেতুক সামান্য বিষয় নিয়ে উত্তেজিত হন। আজেবাজে কথা বলেন, অভিসম্পাত দেন। মানুষের প্রতি সন্দেহপ্রবণতা বৃদ্ধি পায়। অতীতের সাথে শুধু বর্তমানকে তুলনা করে মিল খুঁজে না পেয়ে দূঃখ পান এবং বিরূপ মন্তব্য করেন করেন। ফলে মানুষ তাকে এড়িয়ে চলে। পরিণামে তিনি আরও নিঃসঙ্গ হয়ে পড়েন। দু'ধরনের নিঃসঙ্গতাই কিন্তু মনস্তাত্ত্বিক কারণে উদ্ভব হতে পারে। বর্তমানে যে সমস্যাটি প্রবীণ এবং নবীনদের মধ্যে ঘটে থাকে। তা মূলত প্রজন্মগত দৃষ্টিভঙ্গি থেকে সৃষ্ট।

আজ সমাজে দু ধরনের সমস্যা বিদ্যমান। ১. সন্তান বা নবীনদের প্রবীণদের প্রতি দায়িত্ববোধ, তাদের সঙ্গ দেয়ার প্রবণতা হ্রাস। ২. প্রবীণদের মধ্যেও পরিবর্তন, বাস্তবতা, প্রজন্মগত পার্থক্য মেনে না নেয়ার প্রবণতা বৃদ্ধি। ফলে উভয় শ্রেণীর মধ্যে দূরত্ব বাড়ছে। সামজিক প্রেক্ষাপটের পালা বদল: অতীতের কথা বাদই দিলাম। বিগত শতাব্দী ও বর্তমান শতাব্দীকে যদি দুই ভাগ করি। যেমন- ১৯০১ হতে ২০০০ এবং ২০০১ থেকে ২০২২ সাল পর্যন্ত। এসময়ের মধ্যে দেখা যায় জীবনযাপন, চিন্তাচেতনা, সমাজব্যবস্থার মধ্যে বিরাট ফারাক সৃষ্টি হয়েছে। দেখা যায়, অনেক নবীনের নিকটই প্রবীণগণ রক্ষণশীল। প্রবীণগণ সনাতনী কৃষ্টি কালচার আঁকড়িয়ে ধরে রাখতে চান। তারা দ্রুত কোনো পরিবর্তন দেখতে অভ্যস্ত নন কিংবা পছন্দও করে না। কিন্তু নবীনরা তার উল্টো। তারা দ্রুত পরিবর্তন চান। নতুনকে স্বাগত জানায়। নতুনত্বের সাথে সহজেই অভ্যস্ত হয়ে পারে। তাছাড়া ১৯০০ হতে প্রায় ১৯৮০/৯০ সাল পর্যন্ত মানুষের স্থান বা পেশা পরিবর্তনের প্রবণতা কম ছিল। তখন কৃষিনির্ভর সমাজব্যবস্থার প্রাধান্য ছিল। আধুনিক প্রযুক্তির বিকাশ, বিশেষত মোবাইল ফোন, ফেসবুক, ইউটিউব ইত্যাদির ব্যবহার ছিল না বললেই চলে। সন্তানেরা চাকরি বা অন্য পেশায় কাজ করলেও তখন



> মনে রাখবেন, আপনি দাপট নিয়ে থাকবেন, গম্ভীরভাবে কথা বলবেন। শুধু উপদেশ দেবেন, কেউ আপনার কাছে ভিড়বে না। কারও ঠেকা পড়েনি উপযাচক হয়ে আপনার সাথে মিশবে। আপনি বিনয়ী হন, দাম্ভিকতা ত্যাগ করুন, অন্যের জন্য চিন্তা করুন। দেখবেন আপনার সুহৃদের অভাব হবে না। কখনও নিঃসঙ্গবোধ করবেন না।

পিতামাতা বা সন্তানের অবস্থান ছিল কাছাকাছি। এখন আর তা নেই। আগে যে পিতা হাল গরু, জমি বিক্রি করে সন্তানকে বিদেশ পাঠিয়েছন। সেই ছেলের দর্শন না পেয়ে অশ্রু ফেলে কাঁদেন। অন্যপক্ষে নগরায়ন, আধুনিকায়ন, বিদেশি সংস্কৃতির অনুপ্রবেশে কারণে অনেক নবীনই পৃথক অণুপরিবারে জীবনযাপন করতে থাকতে চায়। ফলে পিতামাতার সাথে দূরত্ব সৃষ্টি হয়।

অন্য আর একটি কারণ নবীণ-প্রবীনের দূরত্ব বাড়িয়েছে বলে আমি মনে করি। পূর্বে নারীশিক্ষা উপেক্ষিত ছিল। সাধারণত তারা ঘর-গৃহস্থালীতে ব্যস্ত ছিল। গ্রামেই থাকত। এখন নারীশিক্ষার অনেক উন্নতি হয়েছে। বহু মহিলা চাকরি করে, শহরে বসবাস বা স্বামীর কর্মস্থলে বসবাস করে। এজন্য বাস্তবতার কারণে গ্রামে মাতা-পিতা বা শ্বশুর, শাশুড়ির সাথে থাকা সম্ভব হয় না। প্রবীণ-নবীনদের মধ্যে দূরত্ব কমিয়ে আনার জন্য উভয় পক্ষকে এগিয়ে আসতে হবে। বলবেন আনবে কে? আমি মনে উভয়কেই ছাড় দিতে হবে। আমি অবশ্য রোগাক্রান্ত, অতীব অসহায়দের কথা বলছি না। অবসরপ্রাপ্ত অনেক চাকরিজীবী, ব্যবসায়ী বা অন্যপেশার প্রবীণ ব্যক্তিকে আমি চিনি, যারা চাকরিকালীন অপেক্ষা অবসরকালীন অধিক ব্যস্ত। নিসঃঙ্গতা তাদেরকে স্পর্শ করে না। প্রবীণ নাগরিকদের নিঃসঙ্গতা পরিহার করে সজীব জীবনের জন্য ব্যক্তিপর্যায়ে এবং পারিবারিক ও সামাজিক কাউন্সিলিংয়ের মাধ্যমে প্রবীণ নিঃসঙ্গতা দূরীকরণ করা যায়। আমাদের দেশে ডিগ্রীধারী কাউন্সিলরের যথেষ্ট অভাব রয়েছে। এক্ষেত্রে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ দিয়ে প্যারা-কাউন্সিলর সৃষ্টি করা যেতে পারে। শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদেরকে প্রবীণদের বিষয়ে সচেতন করার দায়িত্ব দেয়া যেতে পারে। এ জন্য সরকার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করতে পারে।

মানুষ সামাজিক জীব। সাহচর্য প্রয়োজন। এই সাহচর্য পরিবার, সমাজ, রাষ্ট্রে বহু জায়গা থেকে নেয়া যায়। দেশে অসংখ্য সামাজিক সংস্থা আছে, সামাজিক কাজ আছে। এগুলোর সাথে জড়িয়ে পরুন। নিজ স্বার্থ, লাভ, লোভ করার প্রবণতা ত্যাগ করুন। দেখবেন আপনি কত বন্ধুবান্ধব, সঙ্গ দেয়ার মানুষ দ্বারা পরিবেষ্টিত। আজকাল প্রায় ৭০-৭৫ বয়স পর্যন্ত মানুষ কর্মক্ষমতা নিয়ে বাঁচে। কাজেই গ্রামে কিংবা শহরে মানুষের সাথে চলাফেরা করুন। ব্যস্ত থাকুন। ইগো ত্যাগ করুন। ভুলে যান আপনি আগে ছিলেন? স্মরণ করুন শিশুকালে মানুষের সাথে কেমনভাবে মিশতেন। অহংবোধ ত্যাগ করুন। মনে রাখবেন, আপনি দাপট নিয়ে থাকবেন, গম্ভীরভাবে কথা বলবেন। শুধু উপদেশ দেবেন, কেউ আপনার কাছে ভিড়বে না। কারও ঠেকা পড়েনি উপযাচক হয়ে আপনার সাথে মিশবে। আপনি বিনয়ী হন, দাম্ভিকতা ত্যাগ করুন, অন্যের জন্য চিন্তা করুন। দেখবেন আপনার সুহৃদের অভাব হবে না। কখনও নিঃসঙ্গবোধ করবেন না। মনে রাখবেন, মহান আল্লাহর দুনিয়া বিশাল। আপনার মনকে ভরিয়ে তোলার জন্য রয়েছে অফুরন্ত উপকরণ। নির্মল আনন্দ আপনি ভোগ করুন। সুখী ও সুস্থ থাকুন। সমাজকে দেয়ার মতো আপনার অনেক কিছুই এখনও অবশিষ্ট রয়েছে।

# ইসলামে ভ্রাতৃত্ববোধ

শামীম সিদ্দিকী



ইসলাম ধর্মে পারষ্পরিক ভ্রাতৃত্ববোধকে অত্যন্ত গুরুত্ব দেয়া হয়েছে। মুসলমানদের পারস্পরিক অধিকার সম্পর্কে পবিত্র কোরআন মাজীদ একটি পথ-নির্দেশনাও দিয়েছে যে, প্রত্যেক মুসলমান তার ভালো দোয়ায় সমস্ত মুসলমান ভাইদেরও শরিক করবে। কোরআনের শেখানো অধিকাংশ দোয়ায় বহুবচন ব্যবহারের এটাও একটা তাৎপর্য। কোরআন মাজীদে এমন বহু দোয়া রয়েছে। যেমন ইরশাদ হচ্ছে, 'হে আমার পরওয়ারদেগার, আমাদেরকে দান করো দুনিয়াতে কল্যাণ এবং আখেরাতের কল্যাণ। আর আমাদেরকে রক্ষা করো আগুনের আজাব থেকে।' (সূরা বাকারাহ : আয়াত ২০১)।

. রাসুল (সা.) বলেন, তোমরা পরস্পর মনে বিদ্বেষ পোষণ করো না, পরস্পর হিংসা করো না। একে অন্যের বিরুদ্ধাচরণ কোরো না, তোমরা সবাই আল্লাহর বান্দা ভাই ভাই হয়ে যাও। ' (সহিহ বুখারি, হাদিস : ৬০৬৫) ইসলামী শরিয়ত অনুমোদিত কারণ ছাড়া কোনো মুসলমানের সঙ্গে সম্পর্ক ছিন্ন হারাম। রাসুল (সা.) বলেন, কোনো মুসলমানের জন্য তার ভাইকে তিন দিনের বেশি ত্যাগ করা বৈধ হবে না। (সহিহ বুখারি, হাদিস: ৬০৬৫)

নবীজি (সা.) বলেন, যে ব্যক্তি তার ভাইয়ের কোনো প্রয়োজন পূরণ করে, আল্লাহ তা'আলাও তার প্রয়োজন পূরণ করেন। যে ব্যক্তি তার কোনো মুসলমান ভাইয়ের পার্থিব কষ্টগুলোর মধ্য থেকে একটি কষ্ট দূর করে দেবে, আল্লাহর তা'আলা কিয়ামতের দিন তার ওপর থেকে একটি বড় কষ্ট দূর করে দেবেন। (সহিহ বুখারি, হাদিস: ২৪৪২)

দোয়া মুমিনের হাতিয়ার। একজন মুসলমানের উচিত অন্য মুসলমানের জন্য কল্যাণের দোয়া করা। রাসুল (সা.) বলেন, 'কোনো ব্যক্তি যখন তার অন্য ভাইয়ের জন্য তার অনুপস্থিতিতে দোয়া করে তখন ফেরেশতারা তার দোয়ায় আমিন বলেন এবং তার জন্য অনুরূপ দোয়া করেন।' (আবু দাউদ, হাদিস : ১৫৩৪)

মুসলিম সমাজে পরস্পর অভিবাদনের মাধ্যম সালাম। সালাম রাসুল (সা.)-এর একটি গুরুত্বপূর্ণ সুন্নত। রাসুল (সা.) বলেন, আমি কি তোমাদের এমন একটি কাজের কথা বলব না, যা করলে তোমাদের মধ্যে পারস্পরিক ভালোবাসা সৃষ্টি হবে? তা হলো, তোমরা পরস্পর বেশি বেশি সালাম বিনিময় করবে। (সহিহ মুসলিম, হাদিস: ৯৮) নবীজি (সা.) সব সময় হাসিমুখে কথা বলতেন। হাসিমুখে কথা বলা সুন্নত। রাসুল (সা.) বলেন, 'প্রত্যেক ভালো কাজ সদকাস্বরূপ। আর এটিও ভালো কাজের অন্তর্ভুক্ত যে তুমি তোমার ভাইয়ের সঙ্গে হাসিমুখে সাক্ষাৎ করবে। (তিরমিজি, হাদিস : ১৯৭০)

মুসলমানদের পারষ্পারিক সম্পর্ক এক আধ্যাত্মিক ও ঈমানী সম্পর্ক। এই সম্পর্কের দরুন প্রত্যেক মুসলমানের ওপর অপর মুসলমান ভাইয়ের কিছু বিশেষ হক আরোপিত হয়। যেমন, তাদের পারস্পরিক সহমর্মিতা ও দয়া, তাদের পারস্পরিক আচার-আচরণে বিনম্রতা ও বিনয়, পারস্পরিক কল্যাণকামিতা, সেবার মানসিকতা ও দয়ার্দ্রতা। পবিত্র কোরআনের এক জায়গায় ঈমানদারদের মহিমা বর্ণনা প্রসঙ্গে বলা হয়েছে, 'তারা পারস্পরিক সদয় মমতার আচরণ করে থাকে। (সূরা ফাতহ: আয়াত ২৯)।

অন্যত্র বলা হয়েছে, 'তারা ঈমানী ভাইদের সামনে বিনয়ী ও বিনম্র হয়ে থাকে।' (সূরা মায়েদাহ : আয়াত ৫৪)। তা ছাড়া যেসব বিষয় সম্পর্কের অবনতি ঘটায় এবং অন্তরে পঙ্কিলতা সৃষ্টি করতে পারে, কোরআন সেগুলোকে মুসলমানদের জন্য কঠোরভাবে বারণ করেছে। যেমন, কারো সাথে হাসি-মশকারা করা, কারো প্রতি উপহাস করা, তামাশা করা এবং কারো প্রতি দোষারোপ করা। কাউকে কোনো মন্দ নামে স্মরণ করা। কারো পেছনে নিন্দা করা। কারো দোষ খোঁজা কিংবা শুধু অনুমান বা ধারণার ভিত্তিতে তেমনিভাবে বিনা যাচাইয়ে কোনো সিদ্ধান্ত দাঁড় করানো প্রভৃতি এমনি বিষয়, যে ব্যাপারে মানুষ তেমন সতর্কতা অবলম্বন করে না।

কিন্তু যেহেতু এসব বিষয়ে মানুষের অন্তরে কষ্ট ও দুঃখ সৃষ্টি হয় এবং সম্পর্কের অবনতি ঘটে, তাই কোরআন মাজীদে সুস্পষ্ট ভাষায় তাগিদের সাথে নির্দেশ দেয়া হয়েছে, যাতে কোনো মুসলমান তার অন্য কোনো মুসলমান ভাইয়ের সাথে কস্মিনকালেও এ ধরনের আচরণ না করে এবং এ ব্যাপারে যেন পুরোপুরি সতর্কতা অবলম্বন করে।

ঈমান আনার পর গুনাহর নাম লাগাই দোষণীয়। হে ঈমানদারগণ, নানাবিধ ধারণা থেকে বেঁচে থেকো। কারণ, কোনো কোনো ধারণা পুরোপুরি পাপ। আর কেউ কারো ছিদ্রান্বেষণ করবে না (তার দুর্বলতা ও ত্রুটি খুঁজে বেড়াবে না) এবং কেউ কারো গিবত (অগোচরে দোষ চর্চা) করবে না। তোমাদের মধ্যে কি কেউ এ কথা পছন্দ করবে যে, নিজের মৃত ভাইয়ের গোশত খাবে? অবশ্যই তোমরা একে ঘৃণা করো। অতএব, আল্লাহকে ভয় করো। নিশ্চয়ই আল্লাহ অনেক ক্ষমাশীল, অত্যন্ত করুণাময়। (সূরা হুজরাত : আয়াত ১১-১২)।

আল্লাহ পাক ইসলাম ধর্মের পতাকা তলে সমবেত সকল মুসলমানকে নিজেদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় রাখার এবং পারষ্পরিক ভাই-ভাই সম্পর্ক অটুট রেখে ইসলামী আদর্শ অনুসারে সকলের সাথে সুসম্পর্ক অক্ষুন্ন রেখে জীবন যাপন করার তৈফিক দান করুন।

# নির্বাচন কমিশন ২০২২
## জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক

## নির্বাচনী তফসিল (সংযোজন)

**এতদ্বারা জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক-এর ভোটার ও প্রার্থীগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৫ই জুন, ২০২২ রবিবার নিম্নলিখিত এলাকা-ভিত্তিক ৫টি কেন্দ্রে ও সময়ে অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।**

১। বর্তমান কার্যকরী পরিষদ কর্তৃক নিবন্ধনকৃত ১০৬৪৮ জন সাধারণ ভোটার এবং ৪৪৪ জন আজীবন সদস্য অত্র নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন।

২। আজীবন সদস্যবৃন্দ ও এলাকা ভিত্তিক ভোটারগণ উল্লেখিত নিজ নিজ কেন্দ্রে ভোট দিতে পারবেন। এক এলাকার ভোটার অন্য এলাকার ভোট কেন্দ্রে ভোট দিতে পারবেন না।

৩। যেহেতু ভোটার তালিকায় আজীবন সদস্যবৃন্দের জন্মবর্ষ উল্লেখ নাই, তাই আজীবন সদস্যবৃন্দ নির্বাচন কর্মকর্তার সামনে আইডি কার্ড প্রদর্শন করে নামের সত্যতা যাচাইয়ের পর ভোট দিতে পারবেন। সাধারণ সদস্যবৃন্দের ক্ষেত্রে আইডি কার্ডে উল্লেখিত জন্মসালের সাথে ভোটার তালিকায় উল্লেখিত জন্মসালের অবশ্যই মিল থাকতে হবে।

৪। নির্বাচন কেন্দ্রের ১০০ গজের মধ্যে কোন প্রকার প্রচার পোষ্টার লাগানো বা লিফলেট বিতরণ করা যাবে না। নির্বাচন কেন্দ্রে কোন প্রকার মাইক, রেডিও অথবা শব্দ উৎপাদনকারী যন্ত্র ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। নির্বাচন কেন্দ্রের চারদিকের ফুটপাথকেও নির্বাচন কেন্দ্র হিসাবে গণ্য করা হবে।

৫। প্রত্যেক কেন্দ্রে প্রত্যেক প্রার্থী ২জন করে এজেন্ট নিয়োগ করতে পারবেন। তবে, প্রত্যেক প্রার্থীর ১ জনের বেশি এজেন্ট কেন্দ্রের ভিতরে একই সাথে থাকতে পারবেন না। নির্বাচনের ৭ দিন পূর্বে অর্থাৎ ২৯মে ২০২২ ইং তারিখ বিকাল ৫ টার পূর্বে প্রত্যেক প্রার্থী তাঁর এজেন্টগণের দুই কপি করে পাসপোর্ট সাইজ ফটো সহ নিয়োগ পত্রে স্বাক্ষর করে নির্বাচন কমিশনের নিকট দিতে হবে। অবাধ ও সুন্দর নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন প্রার্থীর এজেন্টগণকে নির্বাচনী কাজে ব্যবহার করতে পারবেন।

৬। নির্বাচন (১) Queens (২) Ozonepark (৩) Bronx (৪) New Jersey (৫) Philadelphia এই পাঁচটি এলাকায় অনুষ্ঠিত হবে। Queens, Ozonepark, Bronx এই ৩টি **কেন্দ্রে সকাল ৯টা থেকে রাত্র ৮টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। নিউ জার্সি কেন্দ্রে সকাল ৯টা থেকে বিকাল ৭টা পর্যন্ত এবং ফিলাডেলফিয়া কেন্দ্রে সকাল ৯টা থেকে বিকাল ৬টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে।**

### নির্বাচনের এলাকা-ভিত্তিক কেন্দ্রগুলোর নাম ও স্থান নিম্নে দেয়া হল ঃ

❖ **Queens Center** (কেন্দ্র) ঃ **NTV Studio,** 36-01 37th Ave, Long Island City, NY 11101
**এলাকা সমূহের নাম ও জিপ কোডঃ** Hollis, Jamaica, Queens Village, Astoria, East Elmhurst, Elmhurst, Floral Park, Jackson Heights, Jamaica, New Hyde Park, New York, Queens, Ronkonkoma , Saint Albans, Sunnyside, Woodside, Bayside, Bellerose, Binghamton, Brookevilee, Corona, Dixhill, East Meadow, Elmont, Farmingdale, Farmingville, Flushing, Forest Hills, Fresh Meadows, Glen Cove, Hicksville, Hillside, Jericho, Kissimmee, Little Creek, Long Island, Long Island City, Manhattan, Mountsinai, New Hyde Park, Oceanside, Regopark, Ronkonkoma, Saint Albans, Selden, Springfield, Springfield Gardens, Valley Stream, West Hempstead, Westbury, Woodside, Middle Village (10001, 10002, 10003, 10009, 10010, 10011, 10018, 10019, 10023, 10024, 10025, 10026, 10027, 10028, 10029, 10035, 10036, 10037, 10038, 10039, 10128, 10435, 10458, 10460, 10467, 10472, 10473, 11001, 11003, 11004, 11040, 11101, 11102, 11103, 11104, 11105, 11106, 11134, 11208, 11264, 11342, 11354, 11355, 11358, 11361, 11362, 11364, 11365, 11366, 11368, 11369, 11369, 11370, 11372, 11373, 11374, 11375, 11377, 11378, 11385, 11412, 11413, 11414, 11416, 11417, 11418, 11419, 11420, 11421, 11423, 11425, 11426, 11427, 11428, 11429, 11431, 11432, 11433, 11433, 11434, 11435, 11435, 11436, 11455, 11472, 11473, 11482, 11542, 11545, 11552, 11554, 11572, 11580, 11581, 11590, 11733, 11735, 11738, 11746, 11752, 11753, 11766, 11779, 11784, 11801, 12373, 13901)

❖ **Ozonepark (Brooklyn) Center** (কেন্দ্র) ঃ **Deshi Senior Center,** 83-10 Rockaway Blvd, Queens, NY 11416.
**এলাকা সমূহের নাম ও জিপ কোডঃ** Ozonepark, Howard Beach, Brooklyn, Woodhaven, Richmondhill, Briarwood, Richmond Hill, South Ozone Park, South Richmond Hill, Far Rockway, Ridgewood, Staten Island, Briarwood (10304,10462, 10465, 10472, 11096, 11101, 11105, 11206, 11207, 11208, 11212, 11216, 11218, 11221, 11226, 11229, 11230, 11233, 11235, 11237, 11238, 11377, 11385, 11412, 11414, 11416, 11417, 11418, 11419, 11420, 11421, 11423, 11432, 11433, 11435, 11460, 11691)

❖ **Bronx Center** (কেন্দ্র) ঃ **Neerob Restaurant,** 2096 Starling Ave. Bronx, NY 10462.
**এলাকা সমূহের নামঃ** Bronx, South Winder, Manchester, Buffalo, Windsor, Bloomfield, Rockland County, Bristol, Manchester, Sterling, Woodbridge, Bridgeport, Tarrytown, New Rochell, Norwich, Alexandria, Mount Vernon, Yonkers, Milford, Newtown, Fairfield.

❖ **NEW-JERSEY: Center** (কেন্দ্র) ঃ **Fireman Hall,** 226 Walnut Street, Paterson, NJ 07522
**এলাকা সমূহের নামঃ** All voters from New Jersey.

❖ **PHILADELPHIA: Center** (কেন্দ্র) ঃ **Al-Sham Restaurant,** 6738 Bustleton Ave, Philadelphia, PA 19149.
এলাকা সমূহের নামঃ All voters from Philadelphia & voters from Syracuse, Hamtramck.

৭। ভোট প্রদানকালে ফটো আইডি যেমন: ড্রাইভিং লাইসেন্স, স্টেট আইডি, পাসপোর্ট (বাংলাদেশি/আমেরিকান), গ্রিনকার্ড, ওয়ার্ক অথরাইজেশন কার্ড ইত্যাদির যে কোন একটি নির্বাচন কমিশনের সামনে উপস্থাপন করতে হবে। উল্লেখিত আইডিগুলোর যে কোন একটি ছাড়া কোন অবস্থাতেই কেউ ভোট প্রদান করতে পারবেন না।

৮। ভোটার তালিকার ব্যাপারে নির্বাচন কমিশনের কাছে কোন আপত্তি করা যাবে না। যে কোন ভোট চ্যালেঞ্জ করতে হলে প্রমাণ সাপেক্ষে ফেরতযোগ্য ৫০ ডলার নির্বাচন কমিশনের কাছে জমা দিয়ে ভোট চ্যালেঞ্জ করা যাবে। নির্বাচন কমিশন যাচাই বাছাই করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৯। শুধু নিবন্ধনকৃত ভোটারের নাম, ঠিকানা, কিংবা জন্মসালের অসঙ্গতি দেখা দিলে ভোটারগণ সদস্য হওয়ার মূল রশিদ প্রদর্শন সাপেক্ষে ভোট দিতে পারবেন। এক্ষেত্রে কমিশন মূল রেকর্ড যাচাই বাছাই করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১০। ভোট গ্রহণ **ইভিএম (Electronic Voter Machine)** এর মাধ্যমে হবে। ভোট প্রদানের পরে মেশিনে কোন অসুবিধা দেখা দিলে, ভোটার ভোট প্রদানে বিরত থেকে নির্বাচন কমিশনকে সাথে সাথে অবহিত করবেন। ভোট প্রদান পরে কোন প্রকার অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১১। ভোট দানে অক্ষম বা নিরক্ষর ব্যক্তির ক্ষেত্রে সাহায্য করার জন্য ভোটারদের পিতা-মাতা, স্বামী-স্ত্রী, ছেলে-মেয়ে, ভাই-বোন এই ধরণের নিকটতম আত্মীয়ের মধ্যে কাউকে অথবা আমাদের ভোটার মেশিনের সহযোগিতাকারীকে মনোনীত করতে পারবেন।

১২। নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে কারো কোন অভিযোগ থাকলে বেসরকারিভাবে নির্বাচনী ফলাফল ঘোষণার ২৪ ঘন্টার মধ্যে অভিযোগের পক্ষে উপযুক্ত প্রমাণাদী সহ নির্বাচন কমিশনের নিকট দুই হাজার (২০০০) ডলার জামানত সহ আবেদন করতে হবে। অভিযোগ প্রাপ্তির পর নির্বাচন কমিশন জরুরি সভায় মিলিত হয়ে মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং ঐ সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অভিযোগ প্রমাণিত হলে জামানতের দুই হাজার (২০০০) ডলার ফেরত প্রদান করা হবে। অন্যথায় তা অফেরতযোগ্য বলে বিবেচিত হবে।

১৩। নির্বাচন কেন্দ্রে কোন প্রার্থী বা প্রার্থীর সমর্থকরা কোন প্রকার বিশৃংখলার সৃষ্টি করলে সুষ্ঠ নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন স্থানীয় আইনরক্ষাকারী সংস্থার আশ্রয় নিতে বাধ্য হবে।

১৪। প্রতিদ্বন্দ্বী দুই বা ততোধিক প্রার্থীর প্রাপ্ত ভোটের সংখ্যা সমান হলে সেক্ষেত্রে লটারির মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে।

সুষ্ঠ ও সুন্দর নির্বাচন উপহার দেওয়ার জন্য নির্বাচন কমিশন বদ্ধপরিকর। অতএব যে কোন পরিস্থিতিতে নির্বাচনের স্বার্থে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
পরিশেষে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক এর আসন্ন সাধারাণ নির্বাচনকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য আপনাদের সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা একান্ত কাম্য।

বিনীত

**আতাউর রহমান সেলিম**
প্রধান নির্বাচন কমিশনার (৯১৭) ২৯৪-০৯৭০

**আহমেদ এ. হাকিম**
নির্বাচন কমিশনার (৫১৬) ৮৫১-৩৭১৫

**মোশাররফ আলম**
নির্বাচন কমিশনার (৯৭৩) ৬২৯-২৪৩৪

**সাব্বির হোসেন**
নির্বাচন কমিশনার (৩৪৭) ৯৯৩-৫৭০৬

**মিনহাজ আহমদ**
নির্বাচন কমিশনার (৯১৭) ৫৬৭-৯৪৫০

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Hard Money 9%
Low Income, No Problem
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি



Direct Lender
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
646-920-4799
Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

নতুন ঠিকানায় আতিথেয়তার সাথে আমাদের সেবা গ্রহণ করুন
37-48 72nd Street 2nd Floor Jackson Heights New York 11372
Tel: 917-722-1405 & 917-722-1408 E-Mail: legalnetwork.us@gmail.com
Visit us at: www.legalnetworkusa.com

এসাইলাম সেন্টার / স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
বাংলাদেশ/ইন্ডিয়া/পাকিস্তান/নেপাল/সাউথ আমেরিকা/আফ্রিকা এবং অন্যান্য



রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা। প্রশ্ন হলো, আপনার এই কেইসটি কে তৈরী করছে এবং কে আপনাকে রিপ্রেজেন্ট করছে?

কেন আমাদের কাছে আসবেন
- আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।
- ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
- আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
- ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
- দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকার JEWISH ATTORNEY দের সাহায্য নিন এবং আমেরিকায় আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
- ফ্রি কনসালটেন্সি।

Visit us at: www.legalnetworkusa.com
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
(আমরা নিন্দিত এবং সমালোচিত। কিন্তু আপনার সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়)
37-48 72nd Street 2nd Fl Jackson Heights New York 11372 Tel: 917-722-1405, 917-722-1408 E-Mail: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল
১ মাস ফ্রি




72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372
718-565-9099

# Law Offices

# এক্সিডেন্ট কেইসেস

## মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

# 917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন ৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

## IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেষ্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

# Law offices of Timothy Bompart

**37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

MANAGEOLOGY
HOLDINGS

YOU OWN, WE MANAGE!

প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশে তাদের প্রপার্টি ম্যানেজমেন্টের জন্য নির্ভরযোগ্য একটি প্রপার্টি ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান

আমাদের দক্ষতা

এপার্টমেন্ট রেন্ট | প্রপার্টি ম্যানেজমেন্ট | ক্রয় এবং বিক্রয়

Address
1 (917) 485-2179 tanjila@utshob.com www.manageologyholdings.com
168-25A Hillside Ave#2nd Floor,Jamaica NY 11432

সেবাসমূহঃ

- এপার্টমেন্টের ফ্ল্যাট সম্পূর্ণভাবে ভাড়ার উপযোগী করে তৈরি করা, যেমনঃ রঙ করানো, ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক, গ্যাস, বাথরুম সংযোগ পরীক্ষা করে দেয়া এবং ঠিক করা।
- উপযুক্ত এবং যোগ্য ভাড়াটিয়া যাচাই বাছাই করে খুঁজে বের করা।
- সম্ভাব্য ভাড়াটিয়ার জন্য হটলাইনে কল করে এপার্টমেন্ট এবং ভাড়া সংক্রান্ত তথ্য নেবার সুব্যাবস্থা।
- এপার্টমেন্ট ঘুরে দেখানোর জন্য সু-ব্যাবস্থা।
- ভাড়ার চুক্তিপত্র তৈরি করে স্বাক্ষর দলিল সংরক্ষণ।
- প্রতি মাসের ভাড়া সংগ্রহ করা এবং ফ্ল্যাট মালিকের নির্দেশিত অ্যাকাউন্টে জমা করা।
- এপার্টমেন্ট প্রয়োজন অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা ।
- মালিকের পক্ষ হয়ে, এপার্টমেন্ট সম্পর্কিত সকল প্রকার বিল এবং ট্যাক্স সময়মত প্রদান করা ।
- ভাড়া সম্পর্কিত লেনদেনের স্বচ্ছ হিসাব প্রদান করা। বিশেষ করে প্রবাসে ঘরে বসে এপার্টমেন্ট মালিককে ওয়েবসাইট এর মাধ্যমে ভাড়া এবং বিল সম্পর্কিত সমস্ত তথ্য ও রশিদ দেখার সুযোগ প্রদান।
- এছাড়াও বাংলাদেশে অবস্থিত ফ্ল্যাটবাড়ি ক্রয় বিক্রয়ে থাকবে পূর্ণ সহযোগিতা।

আস্থার কারণঃ

- উৎসব একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছর ধরে প্রবাসী বাংলাদেশীদের সাথে কাজ করে চলেছে, বিশ্বজুড়ে উৎসবের রয়েছে লক্ষাধিক সন্তুষ্ট গ্রাহক।
- উৎসব গ্রুপের এই নতুন সংযোজিত প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রে নিবন্ধিত হওয়ায়, দায়িত্ববোধ এবং জবাবদিহিতা অনেক বেশি।
- গ্রাহকদের জন্য রয়েছে, অনলাইন নিবন্ধনের সুযোগ, যেখানে গ্রাহক নিজস্ব অ্যাকাউন্টে লগ ইন করে বাড়িভাড়া সংক্রান্ত সকল রশিদ, ইউটিলিটি এবং ট্যাক্স সংক্রান্ত নথিপত্র, রক্ষণাবেক্ষণ সম্পর্কিত সকল রশিদের ফ্যানকপি দেখতে পারবেন।
- উৎসব এমন একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছরে উত্তর আমেরিকাতে কোন প্রকার অভিযোগ বা দুর্নাম নেই।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী




এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

**PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688**

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

# বেবি ফর্মুলার জন্য নিউইয়র্কে জরুরি অবস্থা জারি

**রওশন হক**

শিশুখাদ্য সংকটের কারণে নিউইয়র্কে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে।

আমেরিকাজুড়ে বেবি ফর্মুলার তীব্র সংকটের মুখে নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস জরুরি অবস্থা জারি করেছেন।

২২ মে রোববার জারি করা জরুরি অবস্থার নির্দেশের ফলে বেবি ফর্মুলার মূল্য নিয়ন্ত্রণ এবং এ সংক্রান্ত দুর্বৃত্তপণা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে বলে মনে করা হচ্ছে। মেয়র এরিক অ্যাডামস বলেন, দেশব্যাপী শিশু সূত্রের ঘাটতির কারণে নিউইয়র্কজুড়ে পরিবারগুলোর জন্য অকল্পনীয় যন্ত্রণা এবং উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমাদের অবশ্যই জরুরিভাবে কাজ করতে হবে। অ্যাডামস বলেন, জরুরি অবস্থার নির্বাহী আদেশ অপরিহার্য খাদ্যসামগ্রী, বেবি ফর্মুলার সংকটকে পুঁজি করে খুচরা বিক্রেতাদের মুনাফা লাভের চেষ্টা দমন করতে সাহায্য করবে। মা এবং পরিবারের প্রতি আমাদের বার্তা সহজ; এই চ্যালেঞ্জিং সময়ে আপনাদের সাহায্য করার শক্তি অনুযায়ী সবকিছু করা হবে।

এর আগে বেবি ফর্মুলা সংকটের কারণে প্রেসিডেন্ট জো বাইডেন ডিফেন্স প্রোডাকশন আইন জারি করেন। যুদ্ধকালীন সময়ে এমন আইন জারি করা হয়। আমেরিকার প্রধান বেবি ফর্মুলা প্রস্তুতকারক কোম্পানি এব্বট নিউট্রিশন। কোম্পানিটির বড় একটা কারখানা গত কয়েকমাস থেকে বন্ধ রয়েছে কারিগরি দূষণের ফলে।

# ব্রংকসে পরনের প্যান্ট খুলে নিয়েছে দুর্বৃত্তরা

**রোকেয়া দীপা**

নিউইয়র্কের অবস্থা এমনই খারাপ হয়েছে যে, লোকজনের পরনের প্যান্ট খুলে নিচ্ছে দুর্বৃত্তরা। ঘটনা ঘটেছে ব্রংকসের ইনউড অ্যাভিনিউয়ের ১৭২ স্ট্রিটে।

১৪ মে শনিবার বেলা সাড়ে ১২টার দিকে ৪২ বছর বয়সী এক পথচারীর পেছন থেকে হামলা চালায় তিন বখাটে যুবক। এলোপাতাড়ি হামলায় পথচারী সড়কপথে লুটিয়ে পড়লে দুর্বৃত্তরা তাঁর পরনের প্যান্ট খুলে নিয়ে যায়। প্যান্টের পকেটে সেল ফোন ও ডলার ছিল। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ওই পথচারীকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়। পরনের প্যান্ট ছিনতাই করার জন্য পুলিশ তিন যুবককে খুঁজছে। সিসি ক্যামেরায় ধারণ করা ছবি প্রকাশ করে এসব দুর্বৃত্তকে গ্রেপ্তার করতে নাগরিক সহযোগিতা কামনা করা হয়েছে।

নিউইয়র্ক সিটিতে লোকজন দিনের বেলায় চলাচল করতে ভয় পাচ্ছে। একাকী চলাফেরা এড়িয়ে চলছে। বাস-ট্রেনে হামলা-ছিনতাই হচ্ছে প্রতিদিন। সিটি মেয়র সর্বত্র অতিরিক্ত পুলিশ মোতায়েনের নির্দেশ দিয়েছেন। কিছুতেই পরিস্থিতির উন্নতি হচ্ছে না। নিউইয়র্কের পুরোনো বাসিন্দারা বলছেন, আশি ও নব্বই দশকের মাঝামাঝি নিউইয়র্কে আইনশৃংখলা পরিস্থিতি এমন পর্যায়ে ছিল। এখন প্রতিদিন পরিস্থিতি আরও নাজুক হচ্ছে।

# কমিউনিটি লিয়াজন পদে রহিম ও সোলায়মান

**নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি**

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে কমিউনিটি লিয়াজন পদে নিয়োগ পেলেন বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি ও কমিউনিটি বোর্ড মেম্বার আবদুর রহিম হাওলাদার এবং নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক এস এম সোলায়মান। বেতনভুক্ত এ পদে এপ্রিল মাস থেকে দু'জনের নিয়োগ কার্যকর হয়েছে।

সদ্য নিয়োগপ্রাপ্ত দুই কমিউনিটি লিয়াজন নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩০'র অ্যাসেম্বলিম্যান ব্রায়ান বার্নওয়েলের পক্ষে বাংলাদেশি অধ্যুষিত উডসাইড, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া ও ম্যাসপাথ এলাকাবাসীর সার্বিক সহযোগিতায় নিয়োজিত থাকবেন।

দুই বাংলাদেশির অফিসিয়াল নিয়োগের মধ্যদিয়ে নিউইয়র্কে কমিউনিটি অগ্রগতিতে আরও একধাপ এগিয়ে গেল। মূলধারার সাথে বাংলাদেশিদের অধিকার সমন্বিত রাখতে কমিউনিটির স্বার্থরক্ষায় কাজ করার প্রত্যয় ব্যক্ত করেছেন নবনিযুক্ত দুই কমিউনিটি লিয়াজন আবদুর রহিম হাওলাদার এবং এস এম সোলায়মান। কমিউনিটির সেবায় নিজেদের আরও সম্পৃক্ত রাখার সুযোগ হওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করেছেন মহান আল্লাহর প্রতি। ধন্যবাদ জানিয়েছেন বাংলাদেশি কমিউনিটিবান্ধব নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান ব্রায়ান বার্নওয়েলকে। বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন নিউইয়র্কে বাংলাদেশিদের মূলধারার তরুণ নেতা এশিয়ান





**আবদুর রহিম** **এস এম সোলায়মান**

আমেরিকান চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট জয় চৌধুরীকে। যুক্তরাষ্ট্রে সর্ববৃহৎ ইয়াং ডেমোক্র্যাট শাখার সাবেক ট্রেজারার এবং নিউইয়র্ক লাগোর্ডিয়া কলেজ ছাত্র সংসদের দুই বারের নির্বাচিত প্রেসিডেন্ট জয় চৌধুরী দীর্ঘদিন ধরে কমিউনিটিকে মূলধারায় সম্পৃক্ত করার কাজ করছেন। নিউইয়র্কে কমিউনিটি বোর্ড, হসপিটাল বোর্ডসহ মূলধারার বিভিন্ন পর্যায়ে বাংলাদেশি কমিউনিটিকে সংযোগের নিরলস কাজ করে যাচ্ছেন তিনি। এরই ধারাবাহিকতায় এবার দুই বাংলাদেশী কমিউনিটি অ্যাক্টিভিস্ট আবদুর রহিম হাওলাদার ও সাংবাদিক এস এম সোলায়মান নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি অফিসে সম্পৃক্ত হয়েছে।

নিয়োগপ্রাপ্ত দুই কমিউনিটি লিয়াজনর মধ্যে মুন্সিগঞ্জ বিক্রমপুরের সন্তান আবদুর রহিম হাওলাদার গত দুই যুগেরও বেশি সময় ধরে নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির সেবায় কাজ করছেন। তিনি নিউইয়র্ক কমিউনিটি বোর্ডের দুইবারের মনোনীত বোর্ড মেম্বার এবং যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সর্ববৃহৎ সংগঠন বাংলাদেশ সোসাইটির দুইবারের নির্বাচিত সেক্রেটারি ও বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি। এছাড়া নিউইয়র্কের অন্যতম সর্ববৃহৎ আঞ্চলিক সংগঠন মুন্সিগঞ্জ বিক্রমপুর সোসাইটির সভাপতি ছিলেন।

# এলজিবিটিকিউ প্যারেড ৫ জুন

**জ্যাকসন হাইটস**

**শেলী জামান খান**

কুইনস প্রাইড নামে সমকামীদের সংগঠন তাদের ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করবে ৫ জুন রোববার।

জ্যাকসন হাইটসের ৩৭ অ্যাভিনিউর ৮৯ স্ট্রিট থেকে ৭৫ স্ট্রিট পর্যন্ত হবে সমকামীদের শোভাযাত্রা। এবার নিউইয়র্কে এলজিবিটিকিউদের সবচেয়ে বড় সমাবেশ অনুষ্ঠিত হচ্ছে দিনটিতে। সকাল ১১টা থেকে শুরু হবে জমায়েত। দিনভর চলবে প্যারেড, সঙ্গীত আর সড়কপথে কেনাকাটার আয়োজন। সমস্ত আমেরিকা থেকে সমকামীরা এ উৎসবে যোগ দিচ্ছেন বলে জানানো হয়েছে।

এলজিবিটিকিউ নেটওয়ার্ক প্রেসিডেন্ট ডেভিড কিল্মনিক জানান, সিটি কাউন্সিলের স্পিকার অ্যাড্রিন অ্যাডামস সমকামী শোভাযাত্রায় গ্র্যান্ড মার্শাল হিসেবে উপস্থিত থাকবেন। হাজার হাজার মানুষের এ উৎসব উৎসর্গ করা হয়েছে নিহত সমকামী হুলিও রিভেরার নামে। ১৯৯০ সালে বিদ্বেষপ্রসূত আক্রমণে নিহত হয়েছিলেন রিভেরা। তখন সমকামীরা সংগঠিত ছিলেন না। নিউইয়র্কে রিভেরাই প্রথম ঘৃণাপূর্ণ হামলার বলী হয়েছিলেন। তাঁর স্মৃতি ধারণ করে এলজিবিটিকিউ এখন নিউইয়র্কে খুবই শক্তিশালী। নির্বাচন থেকে শুরু করে সামাজিক শক্তি হিসেবে এলজিবিটিকিউ এখন মার্কিন সমাজে খুবই গুরুত্বের।

স্পিকার অ্যাড্রিন অ্যাডামস বলেন, তিনি গ্র্যান্ড মার্শাল হিসেবে আমন্ত্রিত হতে পেরে নিজেকে সম্মানিত বোধ করছেন। তিনি বলেন, 'আমাদের সুন্দর এবং বহু জনমিশ্রণের এলজিবিটিকিউ কমিউনিটিকে সমর্থন জানিয়ে যেতে হবে। গত তিন দশক থেকে কুইন্সের এমন সমাবেশের মধ্যদিয়ে সমকামীদের প্রতি জনসমাজের গ্রহণযোগ্যতা বেড়েছে। তারা নিজেদের অনহংকার নিয়ে এখন অনেক বেশি দৃশ্যমান।

সমস্ত নিউইয়র্কারদের নিয়ে ৫ জুন উৎসব পালনের জন্য উন্মুখ হয়ে আছেন বলে তিনি উল্লেখ করেন।

জ্যাকসন হাইটসের সমাবেশে ৫০ হাজারের বেশি লোকজনের সমাগম হবে বলে আয়োজকরা আশা প্রকাশ করছেন। সড়কপথ বন্ধ করে দিনটি সমকামীদের উৎসবের এলাকা হয়ে উঠবে।

# আবদুল গাফ্‌ফার চৌধুরীর মৃত্যুতে যুক্তরাষ্ট্র ঐক্য পরিষদের শোক

**উত্তর আমেরিকা অফিস**



**আবদুল গাফ্‌ফার চৌধুরী**

কিংবদন্তি সাংবাদিক অসাম্প্রদায়িক এবং মৌলবাদের বিরুদ্ধে আপোসহীন কলমসৈনিক আবদুল গাফ্‌ফার চৌধুরীর মহাপ্রয়াণে যুক্তরাষ্ট্র হিন্দু বৌদ্ধ খ্রীষ্টান ঐক্য পরিষদের শোক প্রকাশ করেছে।

ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক ড. দ্বিজেন ভট্টাচার্য্য স্বাক্ষরিত এক বিবৃতিতে পরিষদ নেতৃবৃন্দ বলেন, বিশিষ্ট সাংবাদিক ও কলাম লেখক আবদুল গাফ্‌ফার চৌধুরী স্বাধীনতাযুদ্ধে মুজিবনগর সরকারের মাধ্যমে নিবন্ধিত স্বাধীন বাংলার প্রথম পত্রিকা সাপ্তাহিক জয় বাংলার প্রতিষ্ঠাতা নির্বাহী সম্পাদক ছিলেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ প্রগতিশীল, সৃজনশীল ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী একজন অগ্রপথিককে আমরা হারালাম। তাঁর একুশের অমর সেই গান বাঙালি জাতিকে ভাষা আন্দোলন ও মুক্তির আন্দোলনে অসম সাহস ও প্রেরণা যুগিয়েছিল। পেশাগত কারণে জনপ্রিয় এই সাংবাদিক ও কলামিস্ট বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ ছিলেন।

মহান মুক্তিযুদ্ধের অকুতভয় এবং সাম্প্রদায়িক তথা অপরাজনীতির বিরুদ্ধে আপোসহীন শব্দসৈনিক, ইতিহাস বেত্তা, কিংবদন্তি সাংবাদিক আব্দুল গাফ্‌ফার চৌধুরীর মহাপ্রয়াণে আমরা শোকাহত ও স্তব্ধ, আমরা তার আত্মার শান্তি কামনা করি।



**কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলাম কনস্যুলেটে পররাষ্ট্র প্রতিমন্ত্রীকে অভ্যর্থনা জানান।** ছবি: সংগৃহীত

# কনস্যুলেটে সেবার মান সমুন্নত রাখতে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর নির্দেশ

**উত্তর আমেরিকা অফিস**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম ২০ মে শুক্রবার নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল পরিদর্শন করেছেন।

পরিদর্শনকালে তিনি সেবার মান সমুন্নত রেখে আরও জনবান্ধব সেবা প্রদানের জন্য কনস্যুলেটের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশ-যুক্তরাষ্ট্র কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে তিনি যুক্তরাষ্ট্রের সাথে অর্থনৈতিক কূটনীতি, ডায়াসপোরা কূটনীতি এবং সাংস্কৃতিক কূটনৈতিক তৎপরতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

এছাড়া তিনি কনস্যুলেটের নিজস্ব ভবন কেনার প্রক্রিয়া বেগবান করতে কনস্যুলেটের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অপ্রতিরোধ্য অগ্রযাত্রার চিত্র তুলে ধরে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের ভূমিকার প্রশংসা করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। কনস্যুলেটের কর্মকর্তা ও কর্মচারিদের সাথে বৈঠককালে তিনি সরকারের জনবান্ধব সেবাকে আরও মানসম্মত ও দ্রুততার সাথে প্রদানের পরামর্শ দেন। এসময় জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের উপ-স্থায়ী প্রতিনিধি মো. মনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলামসহ সব কর্মকর্তা ও কর্মচারি কনস্যুলেটে পররাষ্ট্র প্রতিমন্ত্রীকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান। এর পর তিনি কনস্যুলেটের সব শাখার কাজকর্ম প্রত্যক্ষ করেন। কনস্যুলেটের বর্তমান কর্মকাণ্ড এবং নিয়মতান্ত্রিক সেবা প্রদান কার্যক্রমে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন।

Law Office of Mahfuzur Rahman
Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)
সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)
ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টিডি, এলিমনি।



Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)
- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইল্‌স
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কন্সট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার
Appointment : 347-856-1736
JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
সিপিএ'র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন
TAX FILING 2021
WE DO ALL TYPES OF TAXES
CONTACT
KALIANNA LAKSHMANAN,CPA,PC
7232 BROADWAY,SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 646 4818369
Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com



আবু জামান
ম্যানেজার
Tel: 6462844776



KALIANNA LAKSHMANAN
CPA,PC
Tel: 347-279-6001

## Wasi Choudhury & Associates LLC

### আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

**Wasi Choudhury, EA**
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea NYSSEA



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

## এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

## MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

**Appointment:**
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
| --- | --- |
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

## Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

- Tax
- Immigration
- Real Estate
- Mortgage
- Notary

**INCOME TAX**
Income Tax Serice & Direct Deposit quick Refund & Electronic Filling

**IMMIGRATION SERVICES**
Citizenship & Family Application Affidavit of Support & all forms available

**REAL ESTATE**
For Buying & Selling houses mortgage services

IRS e-file

**PIER TAX AND EXECUTIVE SERVICES**

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়

## সকল ধরনের ইনস্যুরেন্সের জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান



আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন

Low Down Payment
No Extra Fee
6 Hours DDC Classs

Experienced
Tax Professional
IRS e-file
IRS Authorized e-file Provider

**Auto Home Business & TLC Insurance**

## TDS Insurance Brokerage Corp.

BROOKLYN
118 Beverley Road, Brooklyn, NY 11218
Phone: 718-483-9310, Fax: 718-483-9311
Email: team@tdsinsurance.com

বাড়ি ক্রয়ে ২৫% ডাউন পেমেন্ট দিলে নো ব্যাকগ্রাউন্ড চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-নেগোসিয়েশন কেনাবেচার ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাড (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সসহ যাবতীয় সহযোগিতার জন্য কথা বলুন



Please call or text
646 284 4776
Abu Zaman
Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com



Silver & Gold Realty

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্নক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এ্যান্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

ইনকামট্যাক্স ২০১৯ ইনকামট্যাক্স

আনজুমান ট্যাক্স সার্ভিসেস ইনক
37-21 72nd Street, Sute # 202
Jackson Heights, NY-11372

IRS Authorised E-File Provider

- ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন ● বুক কিপিং, একাউন্টিং, সেলস্ ট্যাক্স, পে-রোল ট্যাক্স ● কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ ● স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস ● ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস ● ইমিগ্রেশন সার্ভিসেস।

আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ ► আবু হেলেন হোসেন
718-777-5477, Cell: 917-496-7966, Fax, 718-777-8020

MITU DISABILITY CENTER
MITU PHYSICAL THERAPY P.C.
MITU HOME CARE LLC.



আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন



RONJAN
(Disability Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

MITU DISABILITY CENTER
- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

পরীক্ষা ছাড়াই আমেরিকার সিটিজেনশীপ

N-648 WAIVER

MITU PHYSICAL THERAPY P.C.
আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হার্টের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, ঝিনঝিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।
Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিষ্ট)

MITU HOME CARE LLC.
আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সূযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সূযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



FRANCHISE BROKER ACADEMY
Member

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
New addres 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

H1B | L1A VISA
EB5 | E2 VISA
POLITICAL ASYLUM

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

# শিল্পকলা একাডেমি ইউএসএ ইনকের গুণীজন সম্মাননা

শেলী জামান খান

শিল্পকলা একাডেমি ইউএসএ ইনক ১৮ মে বুধবার আয়োজন করেছিল ঘরোয়া ছোট্ট আয়োজন। বাংলাদেশ থেকে আগত বিশিষ্ট সংগীত শিল্পী তিমির রায় ও নিগার সুলতানা তৌহিদ যুক্তরাষ্ট্রে আগমন উপলক্ষে ছিল এ অনুষ্ঠান আয়োজন। শিল্পকলা একাডেমি ইউএসএ ইনক একটি অরাজনৈতিক, অলাভজনক ও অসাম্প্রদায়িক সাংস্কৃতিক সংগঠন। এখানে বাংলা ভাষা, সংগীতসহ বাংলাদেশের সংস্কৃতি প্রচার প্রসারে কাজ করা হয়। যেহেতু অলাভজনক সংগঠন, তাই সীমাবদ্ধতাও রয়েছে যথেষ্ট। তবে সাধ্যমতো মুক্তিযোদ্ধা সম্মাননা, শিল্পীদের সহযোগিতা ও সম্মাননা, জাতীয় দিবসগুলো উদযাপনসহ কিছু কাজ চলছে দশ বছর যাবত। নতুন প্রজন্মকে বাংলা শিক্ষাদান ও শুদ্ধ সংস্কৃতি শিক্ষাদানের কাজেও এগিয়ে আছে এই প্রতিষ্ঠান। তিমির রায় ও নিগার সুলতানা তৌহিদকে একাডেমির পক্ষ থেকে ক্রেস্ট ও ফুল দিয়ে সম্মানিত করেছেন শিল্পকলার সম্পাদকেরা।

শিল্পকলার প্রতিষ্ঠাতা সভাপতি মনিকা রায় চৌধুরী বলেন, 'শিল্পকলার নিজস্ব কোনো প্রতিষ্ঠান আমরা এখনও প্রতিষ্ঠা করতে পারিনি। দীর্ঘ দশ বছর ধরে আমরা শিল্পকলা একাডেমি নামে এই অলাভজনক প্রতিষ্ঠানটি গড়ে তোলার জন্য কাজ করে যাচ্ছি। তাই আমার বাসার ছোট্ট পরিসরে এর অফিস বসিয়েছি। ছোটখাটো ঘরোয়া অনুষ্ঠানের আয়োজনও করি বাসার এই ছোট্ট পরিসরে। আমাদের নীড় ছোট ক্ষতি নেই আকাশ তো বড়।'

অনুষ্ঠানে তিমির রায়ের অপূর্ব গায়কী উপস্থিত শ্রোতাদের মুগ্ধ করে। তিমির রায় একজন শুদ্ধ সংগীত শিল্পী।

ঢাকা থেকে বেড়াতে এসেছেন তার দিদি ভারতী রায়ের বাসায়। দুজনই গান অন্তপ্রাণ। ঢাকা থেকে আরও এসেছেন নিগার সুলতানা তৌহিদ। যিনি রাজনীতিবিদ শামীম ওসমানের বড় বোন। একটি সক্রিয় রাজনৈতিক পরিবারে তার জন্ম। গুণী এই মানুষটি যেমন লেখালেখি করেন তেমনি ভালো গান করেন। এছাড়া অনুষ্ঠানে গান করেন নিগার সুলতানা তৌহিদ, রুনা রায় ও কনিকা দাস। প্রতিটি গানের সাথে ক্লান্তিহীনভাবে তবলায় সংগত করে যাচ্ছিলেন যে মানুষটি তার কথা না বললেই নয়। তুখোর তবলা বাদক হাসান আরিফ তবলায় সত্যিই লা জওয়াব! অনুষ্ঠানটি সঞ্চলনায় ছিলেন শেলী জামান খান।


শিল্পকলা একাডেমি ইউএসএ ইনকের গুণীজন সম্মাননা। ছবি: সংগৃহীত


লিঙ্কন হসপিটাল অডিটরিয়ামে উৎসবমুখর ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

# ব্রঙ্কসে ঈদ পুনর্মিলনী

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে ব্রঙ্কসের লিঙ্কন হসপিটাল অডিটরিয়ামে উৎসবমুখর পরিবেশে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

১৯ মে বৃহস্পতিবার বিকেলে ব্রঙ্কসের এফ আলী ফাউন্ডেশন, দারুস সালাম মসজিদ ও সাউথ ব্রঙ্কস ইসলামিক সেন্টারের উদ্যোগে এ ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ১-এর মেম্বার শাহজাহান শেখের পরিচালনায় এবং মো. মুক্তাকাউলির সভাপতিত্বে মপ অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্টেট সিনেটর লুইস সিপুলভেদা, অ্যাসেম্বলিওম্যান আমান্ডা সেপ্টিমো, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ১এর চেয়ারপার্সন আর্লিন পার্কস, ড. সারোয়াত কে আমির, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফখরুল আলম, আব্দুস শহীদ, এস এমবোর্স, মার্জিয়া স্মৃতি, মামুন শেখ, ইমাম ইব্রাহীম জাইলো, ইমাম ট্রুবেলি, আবু বাকের ইসাক।

মুসলিম কমিউনিটির বিপুল সংখ্যক মানুষ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তারা মুসলমানদের রোজা ও ঈদের তাৎপর্য নিয়ে আলোচনা করেন। পরে খলিল বিরিয়ানী দিয়ে অতিথিদের আপ্যায়ন করা হয়। কমিউনিটি বোর্ড মেম্বার শাহজাহান শেখ অনুষ্ঠানে অংশগ্রহণ করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# প্রকৃতির বিরুদ্ধে যুদ্ধ বন্ধে গুতেরেসের আহ্বান

ইব্রাহীম চৌধুরী


আন্তোনিও গুতেরেস

জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস প্রকৃতির বিরুদ্ধে যুদ্ধ বন্ধের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রাকৃতিক সম্পদ রক্ষায় সবাইকে এগিয়ে আসতে হবে। জীবিকার জন্য প্রকৃতির ওপর বেশি নির্ভরশীল সব জনগোষ্ঠীকেই ভূমিকা রাখতে হবে।

২২ মে রোববার আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস উপলক্ষে এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন। এছাড়া তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে সবার জন্য ভাগাভাগি তথা সমঅংশীদারত্বের ভবিষ্যৎ গড়ে তোলার আহ্বান জানান।

জাতিসংঘ মহাসচিব আরও বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন, জলবায়ু পরিবর্তনের অস্তিত্বগত হুমকি, জমির ক্ষয় রোধ, খাদ্যনিরাপত্তা তৈরি ও উন্নততর মানবস্বাস্থ্যের সহায়তার জন্য জীববৈচিত্র্য গুরুত্বপূর্ণ। সতর্ক করে জাতিসংঘ প্রধান বলেন, মানুষের কর্মকাণ্ডের জন্য ভূমির ১ তৃতীয়াংশ এবং জলজ সম্পদের ৬৬ শতাংশ ব্যাপকভাবে পরিবর্তিত হচ্ছে।

জাতিসংঘ মহাসচিব বলেন, সবুজ ও একীভূত উন্নতির জন্য জীববৈচিত্র্য দরকার। এ বছর সরকারগুলো বৈশ্বিক জীববৈচিত্র্য কাঠামো নিয়ে ঐক্যমত্যে আসতে মিলিত হবেন। এ কাঠামোর মাধ্যমে ২০৩০ সালের মধ্যে স্বচ্ছ ও পরিমাপযোগ্য লক্ষ্য পূরণ সম্ভব হবে।

এ প্রসঙ্গে জাতিসংঘ মহাসচিব বলেন, এই কাঠামোকে অবশ্যই জীববৈচিত্র্যের ক্ষতির পেছনে দায়ীদের ঠেকাতে সক্ষম হতে হবে। বিশ্বের আরও বেশি ভূমিকে ঠিকভাবে রক্ষা করে প্রকৃতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ জীবনযাপনের জন্য প্রয়োজনীয় উচ্চাভিলাষী ও রূপান্তরমূলক পরিবর্তন করতে হবে। এছাড়া তিনি বিবৃতিতে সুপেয় পানি ও সমুদ্রকে রক্ষা, টেকসই উৎপাদন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় প্রকৃতিভিত্তিক সমাধান দেয়া এবং পরিবেশের ক্ষতিকারী ভর্তুকি বন্ধ করার কথাও বলেন। 0









# বৃহত্তর সম্পৃক্ততার ওপর গুরুত্বারোপ

**সংসদীয় প্রতিনিধি দলের সফর**

**উত্তর আমেরিকা অফিস**

বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও জোরদার করতে বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের মধ্যে বৃহত্তর সম্পৃক্ততার ওপর জোর দিয়েছে বাংলাদেশ জাতীয় সংসদের পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রতিনিধি দল।

সফরের দ্বিতীয় দিন ১৯ মে বৃহস্পতিবার রাষ্ট্রদূত ডোনাল্ড লু, স্টেট ডিপার্টমেন্টের দক্ষিণ ও মধ্যএশিয়া বিষয়ক সহকারি সেক্রেটারি অব স্টেট এবং কংগ্রেসম্যান ডোয়াইট ইভান্সের সাথে বৈঠক করার সময় সংসদীয় দল এই মতামত ব্যক্ত করেছে। প্রতিনিধি দলটি ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউটের (আইআরআই) প্রেসিডেন্ট ড. ড্যানিয়েল টুইনিংয়ের নেতৃত্বে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে একটি গোলটেবিল আলোচনায় অংশ নেয়। সংসদীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন স্থায়ী কমিটির সভাপতি মুহাম্মদ ফারুক খান এমপি। দলের অন্য সদস্যরা হলেন নুরুল ইসলাম নাহিদ, এমপি, নাহিম রাজ্জাক এমপি এবং কাজী নাবিল আহমেদ এমপি। এসব বৈঠকে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম শহীদুল ইসলামসহ দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দক্ষিণ ও মধ্যএশিয়া বিষয়ক সহকারী সেক্রেটারি অব স্টেট অ্যাম্বাসেডর ডোনাল্ড লুর সাথে বৈঠকে সংসদীয় দলটির বাংলাদেশ-যুক্তরাষ্ট্রকে ঘিরে থাকা সমস্ত বিষয় নিয়ে আলোচনা হয়েছে। অংশীদারিত্ব এবং দুই দেশের মধ্যে সম্পর্ক আরও গভীর করার প্রত্যয় ব্যক্ত করা হয়ে এ সভায়।

রাষ্ট্রদূত লু কোভিড-১৯ মহামারি মোকাবিলায় বাংলাদেশ সরকারের ব্যবস্থাপনার অত্যন্ত প্রশংসা করেন এবং এর ভ্যাকসিন বিতরণ ব্যবস্থাকে বিশ্বের অন্যতম সেরা বলে অভিহিত করেন। তিনি বাণিজ্য ও বিনিয়োগ, জলবায়ু পরিবর্তন এবং কোভিড-১৯ সহযোগিতাকে গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে দেখেছেন। যেখানে দুই দেশ তাদের সহযোগিতা বাড়াতে পারে। উভয়পক্ষ আইটি এবং আইসিটি খাতে বাংলাদেশের বিপুল সম্ভাবনা নিয়ে আলোচনা করেছে।

সফররত প্রতিনিধি দল বঙ্গবন্ধুর খুনী রাশেদ চৌধুরীকে দ্রুত বাংলাদেশের হাতে ফিরিয়ে দেয়ার জন্য মার্কিন প্রশাসনের সহযোগিতা কামনা করে। তারা র‍্যাব ও এর উর্ধ্বতন কর্মকর্তাদের ওপর সাম্প্রতিক মার্কিন নিষেধাজ্ঞার বিষয়টিও তুলে ধরে। প্রতিনিধি দলের নেতা ফারুক খান জনগণ থেকে মানুষ এবং ব্যবসা-বাণিজ্য সম্পর্ক উন্নত করতে ঢাকা-নিউইয়র্ক সরাসরি বিমানের ফ্লাইট পুনরায় চালু করার গুরুত্বের ওপর জোর দেন। শ্রম অধিকারের ক্ষেত্রে সহযোগিতা, অবকাঠামো প্রকল্পে বৃহত্তর বিনিয়োগের জন্য ইউএস ডিএফসি অর্থায়নে বাংলাদেশের প্রবেশাধিকার, গণতন্ত্র ও মানবাধিকারের উন্নয়নে বাংলাদেশের গৃহীত পদক্ষেপ এবং চলমান প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতাও আলোচনায় এসেছে।



সামছুদ্দীন মাহমুদের দুটি গ্রন্থের প্রকাশনা উৎসব। ছবি: প্রথম আলো

# সামছুদ্দীন মাহমুদের দুটি গ্রন্থের প্রকাশনা উৎসব

**উত্তর আমেরিকা অফিস**

সামছুদ্দীন মাহমুদের 'জবা নামের মেয়েটি' ও 'অঝোর প্রেমের গল্প' নামের দুটি গ্রন্থের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়েছে ভার্জিনিয়ার ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির(ওয়াস্ট) সাবেক আইগ্লোবাল ইউনিভার্সিটি অডিটোরিয়ামে।

১৫ মে রোববার প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভয়েস অব আমেরিকা বাংলা বিভাগের সাবেক প্রধান রোকেয়া হায়দার। বিশেষ অতিথি ছিলেন ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের ম্যানেজিং এডিটর সরকার কবিরউদ্দিন, কপিন স্টেট ইউনিভার্সিটির ন্যানোটেকনোলজির প্রফেসর ড. জামাল উদ্দিন, সাবেক যুগ্মসচিব জমির উদ্দিন, লেখকপত্নী ও আইটি কনসালটেন্ট স্যাম রিয়া। অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রকাশনা সংস্থা স্বদেশ শৈলীর কর্ণধার অ্যান্থনি পি গোমেজ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রিয়লাল কর্মকার, পারভীন পাটোয়ারী, মিজানুর রহমান, মিজানুর রহমান ভুইয়া, এজেএম হোসেন, আবু রুমী, কচি খান, তুহিন ইসলাম ও হাসান চৌধুরী।

প্রধান অতিথি রোকেয়া হায়দার বলেন, সামছুদ্দীন মাহমুদের এই গল্পগুলো জীবন থেকে নেয়া। এই বইগুলোতে আমেরিকান জীবনধারার অনেক কিছুই উঠে এসেছে, যা হয়ত বাংলাদেশে থাকলে কল্পনাও করা যেত না। একজন আইটি বিশেষজ্ঞ হয়েও সাহিত্যের একেবারে উচ্চমার্গে যাকে আমরা বাস্তবধর্মী গল্প রচনাতে হাত দেয়ায় তিনি লেখকের প্রচুর প্রশংসা করেন।

সরকার কবির উদ্দিন বলেন, বছর ব্যবধানে সামছুদ্দীন মাহমুদের এ দুটি বই প্রকাশিত হয়েছিল। বইগুলোর মধ্যে বাংলার সোদা মাটির গন্ধ পাচ্ছি। আমাদের সমাজের চারপাশের ঘটনাগুলোকেই তিনি সুন্দরভাবে তার গল্পে তুলে ধরেছেন।

প্রফেসর জামালউদ্দিন লেখক সামছুদ্দীন মাহমুদকে লেখালেখি আরও এগিয়ে নেয়ার আহ্বান জানান। তিনি বলেন, আইটি বিশেষজ্ঞ হয়েও তিনি সাহিত্যচর্চা ত্যাগ করেননি, যা এক অভূতপূর্ব বিষয়। জমির উদ্দিন বলেন, লেখক সামছুদ্দীন মাহমুদ আমার ছোট ভাইয়ের মতো। মার্কিন দেশে বসবাস করে এত কিছু করে তিনি যে গল্পগুলো লিখেছেন তাতে তাকে অভিবাদন জানাতেই হয়।

স্যাম রিয়া বলেন, লেখকের প্রত্যেকটি গল্পই চানাচুরের মতো কুড়কুড়ে ও মুড়মুড়ে। শেষ করলে শেষ করা যায় না, যা হুমায়ূন আহমেদের গল্পে পাওয়া যেত।

লেখককে ফুলেল সংবর্ধনা জানান জাহানারা বেগম, শাবানা হারুন, রিয়া হাসান, সাবিনা হায়দার, শারমীন ও জোনাইরা কবীর। সবশেষে বই দুটি 'জবা নামের মেয়েটি' ও 'অঝোর প্রেমের গল্পে'র মোড়ক উন্মোচন করেন সরকার কবীরউদ্দিন ও রোকেয়া হায়দার।

# নির্বাচনে সবার সহযোগিতা চেয়েছেন মিজান চৌধুরী

**উত্তর আমেরিকা অফিস**



মিজান চৌধুরী

আসছে নির্বাচনে নির্বাচনী এলাকা ডিস্ট্রিক্ট ২৪ থেকে অ্যাসেম্বলিম্যান প্রার্থী মিজান চৌধুরী বলেছেন, নির্বাচিত হলে নিজের এলাকায় জননিরাপত্তার বিষয়টিকে সবচেয়ে বেশি গুরুত্ব দেবেন। একজন প্রযুক্তিবিদ হিসেবে নিজের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে যুব সমাজকে মাদক ও আগ্নেয়াস্ত্র থেকে দূরে রাখার বিষয়টি তাঁর জানা বলে উল্লেখ করেছেন।

মিজান চৌধুরী বলেন, সবাই মতবিরোধ ভুলে ঐক্যবদ্ধ থাকতে পারলে আগামী ২৮ জুন এই নির্বাচনে বিজয় আমাদের সুনিশ্চিত। নির্বাচন যতই ঘনিয়ে আসছে বাংলাদেশি আমেরিকান প্রার্থীদের প্রতি ভোটারদের আগ্রহ ততই বাড়ছে। ভোটারদের এই আগ্রহর কথা চিন্তা করে প্রার্থীরাও ছুটছেন তাদের দ্বারে দ্বারে। এবার এই নির্বাচনী এলাকায় বিভিন্ন পদে একাধিক প্রার্থী থাকলেও অ্যাসেম্বলিম্যান প্রার্থী মিজান চৌধুরী তার বিজয়ের ব্যাপারে খুবই আশাবাদী। তবে সে জন্য কমিউনিটির সবাইকে একতাবদ্ধ থেকে অবশ্যই ভোটকেন্দ্রে গিয়ে ভোট দেয়ার অনুরোধ করেছেন।

মিজান চৌধুরী জানান, তার প্রার্থিতা ঘোষণার পরপরই তার বিরুদ্ধে একটি মহল ষড়যন্ত্র শুরু করেছিল। সেখানে বাংলাদেশি কমিউনিটির দু'একজনকে ভুল বোঝানোর চেষ্টা করা হয়েছিল। কিন্তু তারা পরে ভুল বুঝতে পেরে তাকে সমর্থন জানিয়েছে।

# বাংলাদেশবিরোধী অপপ্রচারের বিরুদ্ধে সাইবার যুদ্ধ শুরু করুন

**ভার্জিনিয়ায় ফারুক খান**

**উত্তর আমেরিকা অফিস**

আওয়ামী লীগ প্রেসিডিয়াম সদস্য মুহাম্মদ ফারুক খান বিএনপি-জামায়াতের বাংলাদেশবিরোধী অপপ্রচারের বিরুদ্ধে সমন্বিতভাবে সাইবার যুদ্ধ শুরু করার জন্য আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের প্রবাসী নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন। ২০ মে শুক্রবার ভার্জিনিয়ার একটি হোটেলে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ফারুক খান একথা বলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আওয়ামী লীগের মেরিল্যান্ড স্টেট, মেট্রো ওয়াশিংটন ও ভার্জিনিয়া স্টেট ইউনিট যৌথভাবে এ সভার আয়োজন করে।

পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ফারুক খান বলেন, ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে বিএনপি-জামায়াত চক্র বাংলাদেশের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে, গুজব ছড়াচ্ছে এবং মিথ্যা কথা বলছে। তিনি বলেন, বাংলাদেশবিরোধী অধিকাংশ প্রচারণা দেশের ভেতর থেকে নয়, বিদেশ থেকে পরিচালিত হচ্ছে।



স্পেশালাইজড হাইস্কুলে চান্স পাওয়া মামুন'স টিউটোরিয়ালের মেধাবী শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

# মামুন'স টিউটোরিয়ালের শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড প্রদান

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্ক সিটির স্পেশালাইজড হাইস্কুলে চান্স পাওয়া মামুন'স টিউটোরিয়ালের মেধাবী শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে।

২২ মে রোববার বিকেলে বাংলাদেশি মেধাবী প্রজন্মের পদচারণায় মুখর হয়ে ওঠে ব্রঙ্কসের গোল্ডেন প্যালেসের সুবিশাল মিলনায়তন। ২০২২ সালে এসব মেধাবী শিক্ষার্থী নিজেদের জায়গা করে নেয় নিউইয়র্ক সিটির স্পেশালাইজড স্কুলগুলোতে। নিউইয়র্কের অন্যতম টিউটোরিং সেন্টার মামুন'স টিউটোরিয়ালের প্রিন্সিপ্যাল শেখ আল মামুন অতিথিদের সাথে নিয়ে মেধাবী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট ও মেডেল তুলে দেন। শিক্ষার্থীরা মেডেল ও সার্টিফিকেট হাতে নিয়ে সুশিক্ষা ও সঠিক পথের সন্ধান দেয়ার জন্য তারা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান মামুন'স টিউটোরিয়ালের প্রিন্সিপ্যাল শেখ আল মামুনকে। তারা বলেন, এপর্যায়ে আসতে মামুন'স টিউটোরিয়ালের শিক্ষা আমাদের অনেক সাহায্য করেছে। এ সফলতায় আমাদের পরিবারের পাশাপাশি মামুন'স টিউটোরিয়ালের অবদান রয়েছে অনেক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নিউজার্সি প্রেইন বরোর কাউন্সিলম্যান ও মুক্তিযোদ্ধা-বিজ্ঞানী ড. নূরন নবী, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিওমেন কারিনাজ রেইস ও কাউন্সিলওমেন আমান্ডা ফারিয়াজ।

অনুষ্ঠানে স্পেশালাইজড হাইস্কুল, হার্ভার্ড, কর্নেলসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন শীর্ষ বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া শিক্ষার্থী ও তাদের অভিভাবকরাও বক্তব্য রাখেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন টিউটোরিয়ালের ইংরেজি শিক্ষক জনস স্কট, প্রিন্সিপাল শেখ আল মামুনের পিতা মুক্তিযোদ্ধা মো. খলিলুর রহমান, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি ময়নুল হক চৌধুরী হেলাল, বিএসিসির সভাপতি মোহাম্মদ এন মজুমদার, আমেরিকান বাংলাদেশি ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সভাপতি আব্দুস শহীদ, খলিল ফুডসের কর্ণধার মো. খলিলুর রহমান, ব্যান্ডসের সাধারণ সম্পাদক মো. শামীম মিয়া, বিবিএ'র সাবেক সভাপতি এ ইসলাম মামুন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মুকিত চৌধুরী।





যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি আহ্বায়ক কমিটির ঈদ পুনর্মিলনী। ছবি: সংগৃহীত

# যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি আহ্বায়ক কমিটির ঈদ পুনর্মিলনী

**উত্তর আমেরিকা অফিস**

আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি আহ্বায়ক কমিটির ঈদ পুনর্মিলনী।

২২ মে রোববার জ্যাকসন হাইটসে বাংলাদেশ প্লাজা মিলনায়তনে পার্টির বিপুল সংখ্যক নেতা-কর্মীর উপস্থিতিতে এ ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মোহাম্মদ এ বার ভূঁইয়ার সভাপতিত্বে এবং যুগ্ম আহ্বায়ক মাহবুবুর রহমান অনিকের পরিচালনায় চাঁদ উদ্দিন আহমেদের পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে কার্যক্রম শুরু হয়। আলোচনায় অংশ নেন করেন যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির উপদেষ্টা সৈয়দ শওকত আলী ও গিয়াস মজুমদার, সমন্বয়কারী জসীম চৌধুরী, কেন্দ্রীয় সদস্য মাহবুবুর রহমান চৌধুরী, যুগ্ম আহ্বায়ক জাফর মিতা, তোফায়েল আহমদ চৌধুরী, ওসমান চৌধুরী, সবির লস্কর, আলতাফ হোসেন ও মাহবুবুর রহমান অনিক, কেন্দ্রীয় সদস্য আব্দুন নূর, যুক্তরাষ্ট্র যুব সংহতির সভাপতি আব্দুল কাদির লিপু, নিউইয়র্ক স্টেট জাতীয় পার্টির সাধারণ সম্পাদক ফিরোজ হাসান মিলন, এস এম ইকবাল, আবুল কাশেম চৌধুরী, মনিরুজ্জামান, শামীম আহমদ, টিপু সুলতান, মিয়া আলমাস, রোজি ফাহিম, শামসুন নাহার, শক্তি গুপ্তা।

সভার সভাপতি মোহাম্মদ এ বার ভূঁইয়া বলেন, আজকের ঈদ পুনর্মিলনী উৎসবমুখর পরিবেশ ও ভ্রাতৃত্ববোধের যে পরিবেশ সৃষ্টি করেছেন, সেজন্য সংগঠনের সব নেতা-কর্মীকে ধন্যবাদ জানাই। এই ধারাবাহিকতা রক্ষা করে যুক্তরাষ্ট্র জাতীয় পার্টিকে সুসংগঠিত করার মাধ্যমে জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের এমপির হাতকে শক্তিশালী এবং সুসংগঠিত করতে হবে।

# ঢাবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বনভোজন ২৪ জুলাই

২৪ জুলাই রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক বনভোজন লং আইল্যান্ডের সাউথ হ্যাভেন পার্কে অনুষ্ঠিত হবে। বনভোজনে প্রবাসের সব অ্যালামনাই ও সুধীবৃন্দকে আমন্ত্রণ জানানো হচ্ছে। বিস্তারিত তথ্যের জন্য সাঈদা আক্তার লিলি (৩৪৭)-৯২৯-৮৪৪২, গাজী সামসউদ্দীন (৩৪৭)-৭৭৬-০৯১৭, গোলাম মোস্তফা (৯১৭)-৪৪০-৭৮৩২, তাজুল ইসলাম (৯১৭) ৫৭৬-৩৩২৩, স্বপন বড়ুয়া (৬৪৬)-৫০৮-৪৪০৬, ইউসুফ আলী (৩৪৭) ৫৫৭-২৩১৩, এসএম আলম (৯১৭)-৬০২-৫৩৮৭, হানিফ মজুমদার (৯১৭) ৬৪০-৫৫০৫-এর সাথে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে। বিজ্ঞপ্তি।

# ছাতক সমিতির সভা অনুষ্ঠিত

**আবদুস শহীদ**

ছাতক সমিতি ইউএসএ ইনকের কার্যকরী পরিষদের এক সভা অনুষ্ঠিত হয়। সমিতির গঠনতন্ত্র অনুসারে সভাপতি ও সাধারণ সম্পাদকের দুই মেয়াদ পূর্ণ হবার পর নতুন কমিটি গঠনের নিমিত্তে এ সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি আব্দুল খালেক। ১৫ মে রোববার ম্যানহাটনের এক রেষ্টুরেন্টে অনুষ্ঠিত এ সভায় নতুন কমিটি গঠনে নতুন কমিশন নিযুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত ছিলেন আশরাফ হাসান, করফুল বেগম, মানিক আহমদ, আব্দুল খালেক, রইস রহমান, জুসেফ চৌধুরী, সুফিয়া আলী, ইমতিয়াজ আহমদ বেলাল, এস এম জলিল, মাসুম নূর, সাইদুল ইসলাম ও শুকুর আলী। সভায় সর্বসম্মতিতে তিনজন কমিশনারের নাম প্রস্তাব করা হয়। এরা হলেন জুসেফ চৌধুরী, আব্দুল আজিজ ও কাজী আবুল খায়ের। সভায় আগামী ৭ আগস্ট পিকনিকের তারিখ নির্ধারণ করে রইস রহমানকে আহ্বায়ক ও ইমতিয়াজ আহমদ বেলালকে সহযোগী আহ্বায়ক করে এক পিকনিক কমিটি গঠন করা হয়েছে।

# নিউজার্সিতে জালাল-রেনু পরিষদের নির্বাচনী সভা

**উত্তর আমেরিকা অফিস**

নির্বাচনকে ঘিরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে কুলাউড়া বাংলাদেশ এসোসিয়েশন অব ইউএসএ ইনকের ভোটারদের মধ্যে।

আসছে ৫ জুন অনুষ্ঠেয় নির্বাচনকে ঘিরে সংগঠনটির প্রায় ১২শ ভোটারের মধ্যে চলছে নানা জল্পনা-কল্পনা। নির্বাচনকে সুষ্ঠু ও সফল করতে জালাল-রেনু পরিষদের এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বক্তারা বলেন, বিগতদিন মানুষের কল্যাণে জালাল-রেনু পরিষদ ব্যাপক কাজ করেছে। জালাল-রেনু পরিষদ অবশ্যই প্রশংসার দাবি রাখে।

২২ মে নিউজার্সির পেটারসনে নির্বাচনী সভায় রাজা মিয়া তালুকদার সভাপতিত্ব করেন। আনোয়ারুল হক চৌধুরীর সঞ্চালনায় বক্তব্য রাখেন লুৎফুর রহমান চৌধুরী, সৈয়দ জুবায়ের আলী প্রমুখ।

## সাবাশ নিউইয়র্ক সিটি!!!

## আপনাদের ভালবাসায় ‘পাপ পুণ্য’ এখন ২য় সপ্তাহে




FOR ANY UPDATE, PLEASE FOLLOW THE FACEBOOK PAGE ‘BANGLADESHI MOVIES, USA’

## NYC 2nd Week Showtimes

**1. JAMAICA MULTIPLEX CINEMAS, JAMAICA**

FRIDAY (27 MAY) - 9 PM, SATURDAY (28 MAY) - 9 PM, SUNDAY (29 MAY) - 9 PM
MONDAY (30 MAY) - 9 PM, TUESDAY (31 MAY) - 9 PM, WEDNESDAY (1 JUNE) - 9 PM


Shahjalal®
শাহজালাল
পরোটা
এখন সর্বত্র পাওয়া যাচ্ছে
প্রথম আলো
Prothom Alo North America
৫ম
প্রতিষ্ঠা বার্ষিকী
Shahjalal
25
ORIGINAL
Paratha
LIGHT CRISPY LAYERED FLUFFY
-AUTHENTIC TASTE-
Home Made Style
Net Weight:
2000gm/70.5oz
FROZEN
KEEP FROZEN
PREMIUM FOODS USA INC.
50-49, 49th Street, Woodside, New York 11377
Tel: 718 440 9451, 718 392 0024 | Fax: 718.360.0439
www.premiumfoods.us


PEOPLE N TECH
A Global Leader in Skill Development, Job Placement & Outsourcing
If you are stuck at home during this pandemic, take advantage of the time and get certified as a software tester and earn 100k to 200k
25% - 35%
DISCOUNT
QA Selenium Automation Course
Weekend Batch Start Date:
April 11th 2020 (VA Campus)
Saturday and Sunday (9:00AM to 2:00PM)
Weekday Batch Start Date:
April 14th 2020 (VA Campus)
Tuesday and Wednesday (6:00PM to 11:00PM)
Weekend Afternoon Batch Start Date:
April 19th 2020,(NY Campus)
Saturday and Sunday (2:30PM to 7:30PM)
Provided jobs to 6000+ Students
We have 15 years of experience in Training and Job Placement.
Certified Computer Training Institute by:
New York State Education Department & Bureau of Proprietary School Supervision
State Council of Higher Education for Virginia
Authorized Empolyment Agency by:
NYC Department of Consumer Affairs
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free
Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই
আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com


Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন
$২১ প্রতি ঘন্টা
নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮
Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813
Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549
Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813
Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308
Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162


ANCHOR TRAVELS
Special
Airlines Ticket
বাংলাদেশসহ
বিশ্বের যেকোন স্থানে
ভ্রমনের জন্য
যোগাযোগ করুন
Emirates
QATAR
KUWAIT
BEST PRICE
BOOK NOW
বাংলাদেশে টাকা
পাঠানোর বিশ্বস্ত প্রতিষ্ঠান
বৈধ পথে দেশে যে কোনো
ব্যাংকে টাকা পাঠান
২.৫% প্রণোদনা গ্রহন করুন
929-499-3500
929-570-6231
Visit our website
www.anchortravelsny.com
74-19 101 Avenue.
Ozone Park, New York 11416
A.S.M Maiyen Uddin (Pintu)
(CEO OF ANCHOR TRAVELS)


Parkchester Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল
WE WELCOME WALK INS
MEDICAL CENTER
718.828.6610
1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610
INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY
WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM
WE ACCEPT ALL MEDICAID / MEDICARE
MOST INSURANCES ACCEPTED INCLUDING
WORKERS COMP.
NO-FAULT, SLIP AND FALL.
শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র
আমরা বাংলায় কথা বলি
মেডিক্যাল সময়সূচি:
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
আমরা সকল প্রকার মেডিকেইড ও
মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: •কর্মস্থলের ক্ষতিপুরন
•নির্দোষ প্রমাণের ব্যবস্থা •পিছলে পড়ে যাওয়া

মানুষ মানুষের জন্য
ফিরে দাঁড়াও বাংলাদেশ

দুর্যোগে ভয় করো না
ধরো হাত একসাথে

BANGLA CDPAP SERVICES INC.
ALEGRA HOME CARE INC.

বাঁচতে হলে লড়তে হয়
যে লড়াই বাঁচার লড়াই
সে লড়াইয়ে জিততে হবে



সিলেটের আকস্মিক বণ্যায়
ক্ষতিগ্রস্থদের পাশে
আমরা দাঁড়িয়েছি,
আপনারাও দাঁড়ান।







ABU ZAFAR MAHMOOD
CEO & President
646-769-0966
ceo@banglacdpap.com

info@banglacdpap.com
888-212-3237 (Toll Free)
www.banglacdpap.com

সিলেটে যোগাযোগ
কবির মিঞা
০১৭১৯৩২৭৬৪০(বিকাশ)
লেইক সিটি
আখালি, সিলেট শহর

**Corporate Office**
72-26 Broadway, 2nd Floor,
Jackson Heights, NY 11372
888-212-3237 (Toll Free)

**Brooklyn Office**
544 Mcdonald Ave,
Brooklyn, NY 11218
718-675-0209, 646-769-0966

**Jackson Heights Office**
72-28 Broadway, 1st Floor,
Jackson Heights, NY 11372
718-708-9751, 646-769-0966

Location

# বারী সুপার মার্কেট

1412 Castle Hill Ave, Bronx, NY 10462

Tel: 347-810-0087
646-427-4867

পার্টি হলে বুকিং নেওয়া হচ্ছে






WE ACCEPT EBT
আমরা ইবিটি ও ফুড ষ্ট্যাম্প গ্রহণ করি

BARI SUPERMARKET
WE CARE FOR YOUR NEEDS

BARI RESTAURANT
WE CARE FOR YOUR TASTE

BARI HOME CARE
YOUR HEALTH OUR CARE

BARI PARTY HALL
MAKE YOUR PARTY MEMORABLE

ria Money Transfer
দ্রুত ও বিশ্বস্ততার সাথে টাকা পাঠানো হয়

## আপনজনদের সেবা করে আয়ের সুবর্ণ সুযোগ নিন



## বারী হোম কেয়ার

Passion of Seniros of NY Inc.
Your Health Our Care

চলমান কেস ট্রান্সফার করে বেশী ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার সুবর্ণ সুযোগ নিন

- নিউইয়র্ক ষ্টেটের স্বাস্থ্য বিভাগের সিডিপেপ একটি নতুন প্রোগ্রাম এর আওতায় আপনি ঘরে বসে আপনার পরিবারের সদস্য বা প্রিয়জনের সেবা করে প্রতি সপ্তাহে আয়ের সুবর্ণ সুযোগ নিতে পারেন। এটি একটি সহজ পদ্ধতি। আমরা আপনার হয়ে সমস্ত কাজ করে আয়ের সুযোগ করে দিব।
- আপনার প্রিয়জনের সেবার সমস্ত খরচ মেডিকেইড বহন করবে। এটি সম্পূর্ণ আইনসম্মত।
- আপনজনদের আর একা থাকতে হবে না, আমরা আছি আপনাদের সেবায়।

কাজ করার জন্য কোন ট্রেনিং বা সার্টিফিকেটের প্রয়োজন নাই

- হোম কেয়ার সুবিধা পেতে আমরা কোন চার্জ করি না
- কেয়ারগিভাররা অবকাশ ও অসুস্থতার জন্য পেইড লিভ পেয়ে থাকেন
- আমরা মেডিকেইড /স্ন্যাপ/ফুড স্ট্যাম্প নতুন করে আবেদন এবং নবায়নের জন্য সাহায্য করে থাকি।

আপনার পছন্দমত ডাক্তার রাখতে পারবেন, ঔষধ পেতে কোন সমস্যা হবে না।

আমরা CDPAP, HHA, PCA সার্ভিসেস প্রদান করি

**Jackson Heights Office:**
37-16 73rd St., 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100

**Jamaica Office:**
169-06 Hillside Ave,
2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163

**Bronx Office:**
2113 Starling Ave.
2nd FL, Suite 201
Bronx, NY 10462
Tel:718-319-1000

**Buffalo Office:**
977 Sycamore St
2nd Floor,
Buffalo, NY 14212
Tel: 347-272-3973

**Long Island Office:**
469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901

**Ozone Park Office:**
33 101 Ave,
Brooklyn, NY 11208
Tel: 718-942-5554

**Brooklyn Office:**
509 McDoland Ave
Brooklyn, NY 11218
Tel: 347-240-6566
Cell: 347-777-7200

**Buffalo Office:**
59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000,
716-400-8711



Asef Bari (Tutul)
C.E.O

আজই কল করুন 718-898-7100, 631-428-1901
Fax: 646-630-9581, info@barihomecare.com www.barihomecare.com


SHAH NAWAZ
2022
A SHAH VOTE IS A SURE VOTE
VOTE FOR
SHAH NAWAZ
DEMOCRATIC
DISTRICT LEADER
ASSEMBLY
DISTRICT 24A
TUE
JUNE 28
2022
FAIR & EQUAL REPRESENTATION
TRANSPARENT POLITICAL DECISION MAKING
SMALL BUSINESS EMPOWERMENT
Shah Nawaz
ShahNawazDistrictLeader@gmail.com
646-591-8396
www.shahnawaz.nyc
Paid for by Friends for Shah Nawaz



**বারী হোমকেয়ারের তৃতীয় বাফেলো শাখার উদ্বোধন।** ছবি: সংগৃহীত

# বারী হোমকেয়ারের তৃতীয় বাফেলো শাখার উদ্বোধন

**উত্তর আমেরিকা অফিস**

বারী হোমকেয়ারের তৃতীয় বাফেলো শাখার উদ্বোধন হয়েছে ২২ মে রোববার। বাফেলোর বাংলাদেশ প্লাজায় বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী, কমিউনিটির প্রিয়মুখ, বাফেলো বাংলাদেশ প্লাজার কর্ণধার মো. মামুনের সহযোগিতায় বারী হোম কেয়ারের অষ্টম শাখা এবং বাফেলোতে তৃতীয় শাখার উদ্বোধন হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলওয়াত এবং দোয়া পরিচালনা করেন স্থানীয় মসজিদের ইমাম। এরপর আনন্দঘন পরিবেশে মো. মামুনের নেতৃত্বে ফিতা কেটে সম্পন্ন হয় উদ্বোধনী অনুষ্ঠান। এসময় উপস্থিত ছিলেন বারী হোমকেয়ারের সিইও আসেফ বারী, চেয়ারম্যান মুনমুন হাসিনা বারী এবং লেখক, সাংবাদিকসহ নিউইয়র্ক-বাফেলো বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ।

স্বাগত বক্তব্যে তৃতীয় বাফেলো শাখার পরিচালক মো. মামুন জানান, বাফেলোতে বারী হোম কেয়ারের মতো অনন্য একটি প্রতিষ্ঠানের জন্যে কাজ করতে পেরে তিনি অনেক আনন্দিত এবং আপ্লুত। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বারী হোমকেয়ারের সিইও আসেফ বারী, চেয়ারম্যান মুনমুন হাসিনা বারী, নিউইয়র্ক বাংলাদেশ আমেরিকান লায়ন্স ক্লাবের প্রেসিডেন্ট আহসান হাবীব, সেক্রেটারি সাইফুল ইসলাম, ভাইস প্রেসিডেন্ট একেএম রশীদ, ডিরেক্টর মো. হেলাল উদ্দিন, নিউইয়র্কের বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী নুরুল আজীম, বগুড়া ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের প্রেসিডেন্ট মোহাব্বত আকন্দ।

বারী হোমকেয়ারের চেয়ারম্যান মুনমুন হাসিনা বারী তার বক্তব্যে বাফেলোবাসীর প্রতি তাদের আন্তরিক ভালোবাসা ও কৃতজ্ঞতার কথা প্রকাশ করেন। পরে দেড় শতাধিক অতিথিকে নৈশভোজে আপ্যায়ন করা হয়। নিউইয়র্কে রয়েছে বারী হোমকেয়ারের ছয়টি শাখা। বাফেলোতে বর্তমান গ্রাহক এবং নতুন গ্রাহকদের চাহিদা ও সুবিধার্থে বাফেলোর বাংলাদেশ প্লাজা, ৩১০১ বাইলে অ্যাভিনিউ বাফেলো-১৪২১৫ এই ঠিকানায় উদ্বোধন হয়েছে বারী হোম কেয়ারের তৃতীয় বাফেলো কার্যালয়ের।

বাংলাদেশ ও হার্ভার্ড কেনেডি স্কুলের অ্যাশ সেন্টার

# সমঝোতা স্মারক স্বাক্ষর

**উত্তর আমেরিকা অফিস**


গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং হার্ভার্ড কেনেডি স্কুলের অ্যাশ সেন্টার ফর ডেমোক্র্যাটিক গভর্নেন্স অ্যান্ড ইনোভেশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

বাংলাদেশের জনপ্রশাসনের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালী করার লক্ষ্যে ২৫ মে বুধবার হার্ভার্ড কেনেডি স্কুলে এই স্মারকে বাংলাদেশ সরকারের পক্ষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস এবং হার্ভার্ড কেনেডি স্কুলের অ্যাশ সেন্টারের পক্ষে অধ্যাপক ডগলাস ডব্লিউ. এলম্যানডর্ফ স্বাক্ষর করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সিনিয়র সচিব আবদুর রউফ তালুকদার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কে এম আলী আজম, নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলাম প্রমুখ।

IMMIGRATION LAW OFFICE
ইমিগ্রেশন ’ল অফিস
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
- Immigration
- Asylum & Defence from Deportation
- Family Law
- Accident & Injury
- Business Law
- Any Kind of Visa Processing
BHATTA LAW & ASSOCIATES
(631) 805 1051
37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
tax refund
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

Save Yourself This Tax Season
Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)
ADMITTED TO PRACTICE BEFORE THE IRS ENROLLED AGENT
Authorized e-file Provider
Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com
প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।
Tax Immigration Real Estate
Income Tax and Accounting Services For:
Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
Sales and Payroll Tax • Business Licenses and Setup • FBAR and FATCA Filing
Notary Public • Immigration Form Fill-Up Services
Credit Repair, Real State and much more...
Member of
NYSSEA
naea National Association of Enrolled Agents
184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432


চাকরি খোঁজা কঠিন হওয়া উচিত নয়।
আমরা আপনার পরবর্তী ইন্টারভিউয়ের প্রস্তুতি, আপনার জীবন-বৃত্তান্ত আপডেট করায় সহায়তা করতে পারি, বা আপনার সাফল্যের জন্য উপযুক্ত প্রশিক্ষণ খুঁজে দিতে পারি।
দেখুন:
nyc.gov/getwork
NYC Small Business Services
careers
businesses
neighborhoods
WORKFORCE1
A PROUD PARTNER OF THE AMERICAN JOB CENTER NETWORK
বেশিরভাগ চাকরির সুযোগের ক্ষেত্রে ইংরেজি জানা আবশ্যক



নিউজার্সিতে জালাল-রেনু পরিষদের নির্বাচনী সভা অনুষ্ঠিত। ছবি: সংগৃহীত

# জালাল-রেনু পরিষদের নির্বাচনী সভা

নিউজার্সি

উত্তর আমেরিকা অফিস

নির্বাচনকে ঘিরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে কুলাউড়া বাংলাদেশ এসোসিয়েশন অব ইউএসএ ইনকের ভোটারদের মধ্যে।

আসছে ৫ জুন অনুষ্ঠেয় নির্বাচনকে ঘিরে সংগঠনটির প্রায় ১২শ ভোটারের মধ্যে চলছে নানা জল্পনা-কল্পনা। কারা আসছেন নতুন নেতৃত্বে? নির্বাচনেকে সুষ্ঠু ও সফল করতে জালাল-রেনু পরিষদের এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বক্তারা বলেন, বিগতদিন মানুষের কল্যাণে জালাল-রেনু পরিষদ ব্যাপক কাজ করেছে। জালাল-রেনু পরিষদ অবশ্যই প্রশংসার দাবি রাখে।

২২ মে রোববার নিউজার্সির পেটারসনে নির্বাচনী সভায় রাজা মিয়া তালুকদার সভাপতিত্ব করেন। আনোয়ারুল হক চৌধুরী পারেকের সঞ্চালনায় বক্তব্য রাখেন আলহাজ লুৎফুর রহমান চৌধুরী, সৈয়দ জুবায়ের আলী, মাওলানা সাইফুল আলম সিদ্দিকী, বর্তমান সভাপতি আশরাফ আহমদ ইকবাল, সভাপতি পদপ্রার্থী এনায়েত হোসেন জালাল, সাধারণ সম্পাদক পদপ্রার্থী মো. রেজাউল করিম রেনু, সংগঠনের সাবেক সভাপতি আতিকুল হক শাহিন, প্রভাষক আফাজুর রহমান চৌধুরী (ফাহাদ), সোলাইমান চৌধুরী, আলমগীর কবির শামীম, সদস্য পদপ্রার্থী আব্দুল জব্বার সিদ্দিকী ও আব্দুল ওদুদ। এছাড়া উপস্থিত ছিলেন সহ-সভাপতি পদপ্রার্থী আবু সুফিয়ান, বর্তমান কোষাধ্যক্ষ এম এন হক বকুল, সদস্য পদপ্রার্থী এম ইসলাম জনি, শামীম আহমদ, নুরুল ইসলাম, শাহিন আহমদ তালুকদার, আজাদ মিয়া, মো. রুবেল, মাসুম আহমদ, দোয়েল চৌধুরী, শামীম মিয়া, ইমরান হোসেন।

# মরণোত্তর সম্মাননা

শেষ পৃষ্ঠার পর

করছে এমন তিনটি প্রতিষ্ঠানের সাথে কথাও হয়েছে। তিনি বলেন, মেলায় আগত ১৫ হাজার লোক যদি অন্তত এক ডলার করেও ডোনেশন দেয় তাহলে ১৫ হাজার ডলার আয় হবে। আর ১৫ হাজার ডলার যদি বাংলাদেশি টাকায় এক ডলার সমানে ৮৫ টাকা ধরা হয় তাহলে ১২ লাখ ৭৫ হাজার টাকা সাহায্য করা সম্ভব। তিনি বলেন, মেলায় বাংলাদেশের স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী একুশে পদকপ্রাপ্ত রথীন্দ্র নাথ রায়, জনপ্রিয় শিল্পী কনক চাঁপা, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ হাসানসহ প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করবেন। বেচাকেনার জন্য মেলায় থাকবে রকমারি স্টল।

নাসির আলী খান বলেন, মেলাটি সফল করতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে একটি শক্তিশালী কমিটি গঠন করা হয়েছে। কমিটির সিনিয়র নির্বাহী যুগ্ম আহ্বায়ক এবিএম ওসমান গণি, বিলাল আহমেদ চৌধুরী ও আহসান হাবীব, সদস্যসচিব লায়ন আহসান হাবীব, প্রধান সমন্বয়কারী রিজু মোহাম্মদ, সমন্বয়কারী আমিনুল ইসলাম চুন্নু, জে মোল্লা সানি, মজিদ আকন্দ ও ফারজানা হক, যুগ্ম সদস্যসচিব মোহাম্মদ আক্তার বাবুল, মুসা মানিক, মহর খান ও তামান্না হাসিনা।

কমিটির উপদেষ্টামণ্ডলীতে রয়েছেন মোর্শেদ আলম, মাফ মেসবাহ উদ্দিন, আওয়াল সিদ্দিকী, ডা. ওয়াজেদ এ খান, সালেহ আহমেদ, সৌদ চৌধুরী, মনজুর আহমেদ চৌধুরী, রেজাউল করীম চৌধুরী, মনির হোসেন, ফখরুল ইসলাম দেলোয়ার, তৈয়বুর রহমান হারুন, সাইফুল ইসলাম, মোহাম্মদ সাবুল, এবিএম সালাহউদ্দিন আহমেদ, এএফ মিসবাহউজ্জিামান, ইফজাল চৌধুরী, ডা. নার্গিস রহমান, মোহাম্মদ হুমায়ুন কবির, মোহাম্মদ ফিরোজ, আফরোজা রোজী ও হারুন খান।

# জরিমানা দিলেন ট্রাম্প

শেষ পৃষ্ঠার পর

জরিমানার রায় দেয় ওই আদালত। রায়ে বলা হয়, ট্রাম্প এসব নথি হস্তান্তর করার আগপর্যন্ত প্রতিদিন তার ১০ হাজার ডলার করে জরিমানা হতে থাকবে। নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস ট্রাম্পের ওই মামলার তদন্ত করছেন। তার এক মুখপাত্র জানান, ১৯ মে ডোনাল্ড ট্রাম্প অ্যাটর্নি জেনারেলের অফিসকে ১ লাখ ১০ হাজার ডলার জরিমানা দিয়েছেন। এপ্রিলের শেষ সপ্তাহে নিউইয়র্ক আদালতের বিচারক আর্থার এনগোরোন ট্রাম্পের ওপর এ ব্যাপারে রুল জারি করেন।

এতে বলা হয়, কর ফাঁকির মামলায় তলব করা নথি জমা না দিলে ট্রাম্পকে প্রতিদিন ১০ হাজার মার্কিন ডলার করে জরিমানা গুনতে হবে। যদিও নথি জমা দেয়ার নির্ধারিত তারিখ ছিল ৩ মার্চ। পরে আদালতে আবেদনের পরিপ্রেক্ষিতে ৩১ মার্চ পর্যন্ত আরেক দফা সময় বাড়ানো হয়। কিন্তু এর পরও তলব করা নথি জমা না দেয়ায় এবং আদালতে হাজির হয়ে এ বিষয়ে ব্যাখ্যা না দেয়ায় বিচারপতি আর্থার এনগোরোন ২৫ এপ্রিল ট্রাম্পকে জরিমানা করে এ রুল জারি করেন। ১৭ ফেব্রুয়ারি ট্রাম্পের বিরুদ্ধে কর ফাঁকির মামলা দায়ের করেন জেমস। তদন্তের পর তিনি ধারণা করেন, ট্রাম্পের কোম্পানি ও পারিবারিক ব্যবসাপ্রতিষ্ঠান কর ফাঁকি দিয়ে থাকতে পারে। যদিও ট্রাম্প এই অভিযোগকে ‘রাজনৈতিক’ বলে আখ্যায়িত করেছেন।

# গণতন্ত্রে গণমাধ্যমের স্বাধীনতা

শেষ পৃষ্ঠার পর

গণমাধ্যমের স্বাধীনতা দিবস উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানে এ তাগিদ ও উদ্বেগ জানানো হয়। অনুষ্ঠানে পশ্চিম তীরে নিহত ফিলিস্তিনি-আমেরিকান সাংবাদিক শিরিন আবু আকলেহ স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

আলোচনায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার ডি হাস ভবিষ্যতে আন্তর্জাতিকমানের অবাধ ও সুষ্ঠু জাতীয় নির্বাচনে গণমাধ্যমের স্বাধীন ভূমিকা প্রত্যাশা করেন। অনুষ্ঠানে মূল বক্তা ছিলেন জ্যেষ্ঠ সাংবাদিক মনজুরুল আহসান বুলবুল। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ছাড়াও কানাডার হাইকমিশনার লিলি নিকোলস, জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি, ব্রিটিশ ডেপুটি হাইকমিশনার জাভেদ প্যাটেল ও প্রথম আলো সম্পাদক মতিউর রহমান বক্তব্য দেন।

রাষ্ট্রদূত হাস বলেন, বিশ্বের অন্য যেকোনো দেশের মতো বাংলাদেশের নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রের অবস্থান হলো—আন্তর্জাতিক মান অনুযায়ী অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে জনগণ যেন তাদের সরকার বেছে নেওয়ার সুযোগ পায়। নির্বাচনে সাংবাদিক ও গণমাধ্যম সম্পর্কিত আন্তর্জাতিক মান বিষয়ে সুস্পষ্ট কোনো ঐকমত্য নেই। তবে যুক্তরাষ্ট্রসহ অনেক দেশ কার্টার সেন্টারের একটি নীতিমালা অনুসরণ করে বলে জানান পিটার হাস। তিনি বলেন, এই নীতিমালার প্রথমেই আছে, সম্পাদকীয় স্বাধীনতা সুরক্ষিত এবং রাজনৈতিক ও অর্থনৈতিক হস্তক্ষেপমুক্ত হতে হবে। দ্বিতীয়ত, গণমাধ্যম যেন সরকারের সমালোচনা করতে পারে। তৃতীয়ত, গণমাধ্যম যেন অন্যের অসত্য বক্তব্য ছাপতে বাধ্য না হয়। চতুর্থত, সমালোচনা বন্ধ করতে যাতে গণমাধ্যমের স্বাধীনতায় খড়গ না আসে এবং পঞ্চমত, সাংবাদিকরা যেন হয়রানি ও সহিংসতার শিকার না হন।

পিটার ডি হাস বলেন, এগুলো ছাড়াও আরো অনেক নীতি যেগুলো বাংলাদেশ ও অন্য দেশগুলোর নির্বাচনের আগে অনুসরণ করা উচিত। তিনি বলেন, গণমাধ্যমের স্বাধীনতা সুরক্ষায় আমাদের সবার বাধ্যবাধকতা আছে। প্রকৃত গণতন্ত্রের জন্য গণমাধ্যমের স্বাধীনতা অপরিহার্য। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ডিজিটাল নিরাপত্তা আইনসহ গণমাধ্যম সম্পর্কিত প্রস্তাবিত তিনটি আইন নিয়ে উদ্বেগ জানান।

কানাডার হাইকমিশনার লিলি নিকোলস বলেন, বাংলাদেশে গণমাধ্যমের নারীরা অনেক চ্যালেঞ্জের শিকার। গণমাধ্যম সেন্সরশিপ, অনেক ক্ষেত্রে সেলফ সেন্সরশিপ করছে। স্বাধীন গণমাধ্যমবিষয়ক বৈশ্বিক জোটের সভাপতি হিসেবে কানাডা বিশ্বব্যাপী গণমাধ্যমের চ্যালেঞ্জগুলো নিয়ে কাজ করছে।

জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতির প্রশংসা করে বলেন, গণমাধ্যমসহ সব ক্ষেত্রে বাংলাদেশের আরো উন্নয়ন প্রয়োজন। তিনি আশা করেন, বাংলাদেশ যথাযথ উপায়ে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করবে।

ব্রিটিশ ডেপুটি হাইকমিশনার জাভেদ প্যাটেল বলেন, সব দেশেরই কোনো না কোনো চ্যালেঞ্জ আছে। তিনি ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে উদ্বেগ জানান। সাংবাদিকদের নির্ভয়ে কাজের সুযোগ পাওয়ার ওপর তিনি জোর দেন।

৫২ বছরের সাংবাদিকতা জীবনে একতা, ভোরের কাগজ, প্রথম আলো, ডেইলি স্টারের ওপর বিভিন্ন সরকারের চাপের উদাহরণ দিয়ে মতিউর রহমান বলেন, বিএনপি ক্ষমতা থেকে যায়, আওয়ামী লীগ আসে। আওয়ামী লীগ যায়, বিএনপি আসে। কিন্তু গণমাধ্যমের ওপর চাপ কমে না।

সাংবাদিক মনজুরুল আহসান বুলবুল বলেন, বাংলাদেশে সাংবাদিকতা করা কুমিরে ভরা পুকুরে সাঁতার কাটার মতো।

# যুদ্ধ শেষ করতে রাশিয়ার কাছে ভূখণ্ড

শেষ পৃষ্ঠার পর

কিসিঞ্জার দাভোসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সম্মেলনে এই মন্তব্য করেন। মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াশিংটন পোস্টের এক প্রতিবেদনে এই কথা বলা হয়েছে।

প্রায় তিন মাস ধরে চলমান এই যুদ্ধ অধিকাংশ ইউক্রেনীয় নাগরিকেরই অপছন্দ এবং তাঁরা এই যুদ্ধের বিরুদ্ধে উল্লেখ করে কিসিঞ্জার বলেন, প্রয়োজনেইউক্রেনের উচিত রাশিয়ার কাছে কিছু ভূখণ্ড ছেড়ে দেওয়া।

এ সময় কিসিঞ্জার আরও বলেন, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ পশ্চিমা বিশ্ব ইউক্রেনে রাশিয়ার যে অপমানজনক পরাজয় আশা করছে তা দীর্ঘ মেয়াদে ইউরোপের স্থিতিশীলতাকে নষ্ট করবে। পশ্চিমা বিশ্বের এই বিষয়টি উপলব্ধি করা উচিত যে—রাশিয়া ইউরোপের জন্য কতটা গুরুত্বপূর্ণ। তাই পশ্চিমের উচিত হবে না ‘তড়িঘড়ি’ কোনো সিদ্ধান্তে আসা। এ সময়, তিনি পশ্চিমা বিশ্বের প্রতি আহ্বান জানান যে—তারা যেন ইউক্রেনকে রাশিয়ার সঙ্গে সম্পর্ক ‘পূর্বতন স্থিতাবস্থা (স্ট্যাটাস ক্যু)’ ফিরিয়ে আনতে আলোচনায় চাপ প্রয়োগ করে।

কিসিঞ্জার বলেন, ‘এই আলোচনা আগামী দুই মাসের মধ্যে শুরু হতে হবে, পরিস্থিতি সমাধান অযোগ্য হয়ে যাওয়ার আগেই। আদর্শগতভাবে, দুই দেশের মধ্যকার বিভাজন তুলে ফেলে সম্পর্ক আগের অবস্থায় ফিরিয়ে নিতে হবে।’ তিনি আরও বলেন, ‘এই যুদ্ধ আসলে কেবল ইউক্রেনের স্বাধীনতার বিষয়েই নয় বরং একই সঙ্গে তা রাশিয়ার নিজের বিরুদ্ধেও একটি নতুন যুদ্ধ।’

কিসিঞ্জার প্রস্তাবিত স্ট্যাটাস ক্যু-এর আর্থ হলো রাশিয়া যেমন আনুষ্ঠানিকভাবে ক্রিমিয়া নিয়ন্ত্রণ করছে তা করতে থাকবে এবং প্রয়োজনে ইউক্রেনের বিচ্ছিন্নতাবাদী অঞ্চল দনবাসের দনেৎস্ক ও লুহানস্কও নিয়ন্ত্রণ করবে অনানুষ্ঠানিকভাবে। তবে, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, রাশিয়ার সঙ্গে শান্তি আলোচনার পূর্বশর্ত হলো—দুই দেশই তাদের মধ্যকার আগের সীমানায় ফিরে যাবে। যার সহজ অর্থ রাশিয়া ইউক্রেনের অভ্যন্তরে যা দখল করেছে তার নিয়ন্ত্রণ ছেড়ে যেতে হবে।

# বাংলাদেশিদের জয়জয়কার

শেষ পৃষ্ঠার পর

ডেমোক্র্যাট দলের প্রাইমারি অনুষ্ঠিত হয়। নির্বাচনি জেলা- ৭ থেকে নাবিলা ইসলাম রাজ্য প্রতিনিধি পরিষদের প্রতিনিধি বেথ মোরের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করেন। ভোটকেন্দ্র থেকে প্রাপ্ত ফলাফলে ৭৮ ভোটে এগিয়ে রয়েছেন নাবিলা। নির্বাচনি প্রথা অনুয়ায়ী প্রতিদ্বন্দ্বী প্রার্থী বেথ মোর পরাজয় মেনে নেননি। তিনি বলেন, ডাক ভোটের গণনা এবং মেলেটারিদের পাঠানো ভোটের গণনা পর্যন্ত তিনি অপেক্ষা করবেন। নাবিলা ইসলাম নিজের বিজয় ঘোষণা করে তাঁর সমর্থকদের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, সকলের অপার সহযোগিতা ছাড়া তাঁর পক্ষে এমন অগ্রযাত্রা কোনভাবেই সম্ভব হতো না। তিনি রাজ্য সভায় কাজ করার জন্য প্রস্তুত বলে বিবৃতিতে উল্লেখ করেছেন।

জর্জিয়া রাজ্যের নির্বাচনি আইনে দুই প্রার্থীর ভোটের ব্যবধান দশমিক ৫০ শতাংশ বা এর কম হলে সব ভোট আবার গণনা করতে হবে। এখন পর্যন্ত ভোটের ব্যবধান দশমিক ৬৮ শতাংশ। ডাকভোট বা সেনাসদস্যদের পাওয়া ভোটে আদৌ ফলাফলের কোনো পরিবর্তন হবে কিনা, তা নিয়ে সন্দেহ রয়েছে। নাবিলা ইসলাম বলেন, সব ভোট গণনা হোক এমনটি তিনিও চান। ভোট গণনার দিকে তিনি নজর রাখছেন। নাবিলা বলেন, তিনি চূড়ান্ত জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী। দলের প্রাইমারিতে জয়লাভের পর আসছে নভেম্বরে নাবিলাকে রিপাবলিকান প্রার্থীকে মোকাবেলা করতে হবে।

এদিকে জর্জিয়া রাজ্য সিনেটে গত দুই দফা দায়িত্ব পালন করা শেখ রহমান তৃতীয়বারের মতো নির্বাচিত হয়েছেন। দলের প্রাইমারবতে নির্বাচনী জেলা- ৫ এ

মাইকেল পাওয়েলকে বেশ বড় ব্যবধানে তিনি হারিয়েছেন। আসছে নভেম্বরে রিপাবলিকান প্রার্থীকে হারালে জর্জিয়া সিনেটে তৃতীয়বারের মতো দায়িত্ব পালন করবেন শেখ রহমান। নাবিলা ইসলামেরও অভিষেক ঘটলে জর্জিয়াই হবে প্রথম কোনো রাজ্য, যেখানে দুই বাংলাদেশি রাজ্যের আইনসভায় দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য, জর্জিয়া রাজ্যের এসব নির্বাচনী এলাকায় তেমন বাংলাদেশিদের বসবাস নেই। বিভিন্ন জাতিগোষ্ঠীর মধ্যে নিজেদের সাংগঠনিক দক্ষতাকে কাজে লাগিয়েই উত্থান ঘটেছে শেখ রহমানের। তাঁর পদাঙ্ক অনুসরণ করে নাবিলা ইসলাম শক্তিশালী সংগঠক হিসেবে উঠে আসছেন। তাদের এ উত্থানে যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশিরা আনন্দ প্রকাশ করেছেন।

নিউইয়র্কে বসবাসরত প্রবীণ সাংবাদিক মাহবুবুর রহমান বলেন, আমেরিকায় বসে দেশের রাজনীতি নিয়ে সময় ক্ষেপণ না করলে নিউইয়র্কের মতো রাজ্যেও অনেক আগেই বাংলাদেশিদের এমন উত্থান সম্ভব ছিল। জর্জিয়ায় শেখ রহমান ও নাবিলা ইসলামকে আমেরিকায় বাংলাদেশি জনসমাজকে পথ

দেখাচ্ছেন। তিনি বলেন, এ পথেই আমাদের এগিয়ে যেতে হবে বহুজাতির দেশ আমেরিকায়।

# আমেরিকার সব স্কুল এলাকায় পুলিশের

শেষ পৃষ্ঠার পর

আমেরিকার আগ্নেয়াস্ত্র আইন নিয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন। মার্কিন সংবিধানে অস্ত্র রাখার অধিকার দেয়া ২য় সংশোধনী নিয়ে আবারও বিতর্ক শুরু হয়েছে। নিউইয়র্কের রাজ্য গভর্নর ক্যাথি হকুল রাজ্যের সব স্কুল এলাকায় পুলিশের উপস্থিতি নিশ্চিত রাখার নির্দেশ দিয়েছেন। বছরব্যাপী এ নজরদারি অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে। অন্যান্য রাজ্যেও একই ব্যবস্থা নেয়া হয়েছে। বাফেলো বা টেক্সাসের মতো ঘটনা প্রতিরোধ করার উপায় কেউ জানেন না।

গভর্নর হকুল বলেছেন, লোকজন বেড়ে ওঠা পেট্রোলের মূল্য, দ্রব্যসামগ্রী নিয়ে উৎকণ্ঠায়। সন্তানদের নিরাপত্তা নিয়ে উৎকণ্ঠায়। এমন অবস্থায় রাজ্যের পুলিশ ও স্থানীয় আইনশৃংখলা বাহিনী জনগণের পাশে থাকবে।

নিউইয়র্কে শুধু চলতি বছরেই ৪১০০টির বেশি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে। পেনসিলভেনিয়াসহ অন্যরাজ্য থেকে নিউইয়র্কে প্রতিদিন অবাধে অস্ত্র আসছে। গভর্নর হকুল বলেন, ১৪ মে বাফেলো ঘটনার পর পতাকা অর্ধনমিত রাখা হয়েছিল। এরইমধ্যে আবার টেক্সাসের ঘটনায় পতাকা অর্ধনমিত রাখা হচ্ছে। আমরা কি পতাকা অর্ধনমিত রেখেই শোক জানাতে থাকব?


আমেরিকায় মহামারি পরবর্তী বাস্তবতায় জনমানসের পরিবর্তন নিয়ে সামাজিক উদ্বেগ দেখা দিয়েছে। ২৪ মে মঙ্গলবার টেক্সাসের একটি প্রাথমিক বিদ্যালয়ে বন্দুকধারীর গুলিতে ১৯ শিক্ষার্থীসহ ২১ জন নিহত হয়। বন্দুকধারী সালভাদর রামোস ১৮ বছরের শ্বেতাঙ্গ যুবক। একই স্কুলের সাবেক শিক্ষার্থী সে। পুলিশের গুলিতে রামোস নিহত হয়েছে বলে ধারণা করা হচ্ছে।


## স্টুডিও ভাড়া

Astoria (প্রাইম লোকেশন) একটি এক বেডরুমের স্টুডিও অ্যাপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। অনুগ্রহ করে 347 445 5655 নম্বরে কল করুন।

## লোক আবশ্যক

কুইন্স এ অবস্থিত একটি সনামধন্য ইন্ডিয়ান/বাংলাদেশী রেস্টুরেন্ট ও পার্টি হলের জন্য অভিজ্ঞ কারীশেফ/তান্দুরীশেফ, ডিশওয়াশার, ওয়েটার/ওয়েট্রেস প্রয়োজন। যোগাযোগ: 917-362-1336(12-10pm) 646-508-9419(12-10pm)



## বাসা ভাড়া
ওজন পার্ক এর কাছে জেরুম স্টিটে 75 প্রিসেন্ট এ, সি, ও 3 ট্রেন সংলগ্ন 2 বেডরুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, 2 বাথ রুম, কিচেন, ব্যাক ইয়ার্ড, ড্রাইভ ওয়েসহ পহেলা এপ্রিল থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ-718-848-2631

## বাসা ভাড়া
লং আইল্যান্ডের মিনিয়োলা এলাকায় বাস ও ট্রেন এর সন্নিকটে একবেডরুম বাসা (দ্বিতীয় তলা)। জানুয়ারি ২০২২ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: 347-220-2037

## বেজমেন্ট ভাড়া
সাউথ জ্যামাইকায় ৩ বেড, লিভিং, ১ বাথ, কিচেন বেইজমেন্ট ভাড়া দেওয়া হবে। বাস, স্কুল, মসজিদ সংলগ্ন, যোগাযোগ 646-875-3663

## রুমমেট চাই
এস্টোরিয়া স্টাইনওয়ের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৭১৮-৬৯৬-৭৫২১

## বাসা ভাড়া
সাউথ জ্যামাইকায় ৩ বেড, ১ ডাইনিং, ১ বাথ, ১ টি বড় লিভিং রুমসহ ভাড়া দেওয়া হবে, লোকেশন 117-19, 165 street, মসজিদ, গ্রেসারি, স্কুল সন্নিকটে ফোন: 929-285-7721, 917-893-2664

## বেবি সিটার আবশ্যক
জ্যামাইকার পারসনে একজন মধ্য বয়সী বেবি সিটার আবশ্যক। অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার ও ভাল বেতন দেওয়া হবে। যোগাযোগ ফাতিমা 718-974-8892

## ন্যানি আবশ্যক
টেক্সাসের অস্টিন শহরে বিশ্ববিদ্যালয় প্রফেসর দম্পতির ৪ মাসের মেয়ে বাচ্চা দেখা শোনার জন্যে ন্যানি আবশ্যক। পরিবারের সাথে এক সাথে থাকতে হবে। বাচ্চা দেখা শোনার বাইরে পরিবারের জন্যে অন্য কোন কাজ করতে হবে না। আকর্ষনীয় বেতন, ভ্যাকেশন, বিমান ভাড়া দেয়া হবে। যোগাযোগ করুন: navidsaleh@gmail.com; মুঠোফোন: 412-225-9881

**গায়ে হলুদের ফুড কার্ভিং, পান ডালা ও মিষ্টির ডালার জন্য যোগাযোগ করুন আমাদের সাথে।**
**Contact:9174809461**
**Queens,Newyork**



## PRIVATE TUTORING
**GRADE 4 - 12**

MATH & ELA | SHSAT | SAT
NY ST EXAM | NY ST REGENTS

**→ EXPERT TUTOR :**
+20 YEARS TEACHING EXPERIENCE IN PUBLIC & PRIVATE SCHOOLS IN
Sty V , Bronx Sci, Trinity ...

FOR RATE AND MORE DETAIL PLEASE VISIT :

**TanvirTutoring.com/privatelesson**
**833-826-8478**

## বাসা ভাড়া
কুইন্স ভিলেজে নতুন রেনুভেটেড ১ ম ফ্লোরে ৩ বেড, ডাইনিং, লিভিং, কিচেন, ১ বাথ ভাড়া দেওয়া হবে। দ্বিতীয় ফ্লোরে ৪ ৩ বেড, ডাইনিং, লিভিং, কিচেন, ১ বাথ ভাড়া দেওয়া হবে। মসজিদ, গ্রোসারি, স্কুল, বাস সন্নিকটে। যোগাযোগ 347-561-2287

## বাড়ি ভাড়া
ব্রঙ্কসের ১৬-৭২ Lurting Avenue তে ২ বেড, ১ বাথ, লিভিং, আধুনিক ইনডোর, মনোরম পরিবেশ, ভাড়া দেওয়া হবে। স্কুল, ট্রেন, বাস, গ্রোসারি, মসজিদ সন্নিকটে। 347-425-3502

## আবশ্যক
নিউজার্সি (ম্যানহার্টনের কাছাকাছি) একটি অভিজাত পরিবারের জন্য একজন গৃহপরিচারিকা জরুরী আবশ্যক। আকর্ষনীয় বেতন ও থাকা খাওয়ার ব্যবস্থা আছে। যোগাযোগ: ২০১-৪৯১-৩৫৩৯

## আবশ্যক
ফ্লোরিডা শহরের একটি গ্রোসারী দোকানের জন্য জরুরী ভিত্তিতে একজন লোক আবশ্যক। প্রয়োজনে কাজ শিখিয়ে দেয়া হবে। দোকানের পাশে থাকার সুবিধা। রয়েছে বাড়তি সময় কাজ করে বাড়তি উপার্জনের সুবিধা। যোগাযোগ: ৯৫৪-৮৬৫-৩১১১

## নিয়োগ বিজ্ঞপ্তি
জ্যাকসন হাইটসের প্রানকেন্দ্রে অবস্থিত কর্ণফুলী ইনকাম ট্যাক্স কোম্পানীতে ট্যাক্স, একাউন্টিং ও অফিস সহকারি পদে কিছু লোক জরুরি ভিত্তিতে নিয়োগ দেয়া হবে। অনুগ্রহ করে রিজ্যুমি ইমেইল করুন Karnafullytax@yahoo.com

## লোক আবশ্যক
একটি প্রতিষ্ঠিত কোম্পানীতে জ্যাকসন হাইটস অফিসে কাজ করার জন্য জন্য ছেলে অথবা মেয়ে আবশ্যক। বেতন ও কমিশন দেয়া দেয়া হবে। যোগাযোগ 347-907-5841

## গাড়ি ভাড়া
টয়োটা কেমব্রী 2013 টিএলসি কার ( উবার, লিফট) সুলভ মূল্যে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ 917-370-6826

## অফিস ভাড়া
**জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া: 700 যোগাযোগ: 646-645-9830**

## হাউস কীপার আবশ্যক
জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। **থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন।** দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: **৩৪৭-৪৪৫-৫০৯৩**, ৯১৭-৪৩৫-৯৪১৬

## Help Wanted
Looking for employee's for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire: CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers: +1-347-499-9427, +1-917-687-5248

## ইমিগ্রেশনে সহযোগিতা
আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

## ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন
**জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।**
**যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২**

**World Travel and Vacation**
TRAVEL THE WORLD

**Mohammad Hossain**
*President*
**214.714.3110** (24/7)

1901 Knightsbridge Rd, Farmers Branch, TX-75234
Mohammad.benu@gmail.com

**ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্থতার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।**

## চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স
১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

**যারা বার বার ড্রাইভিং টেষ্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।**

**যোগাযোগ সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১**

## পাত্রী চাই
বাংলাী আমেরিকান সুদর্শন ধর্মভীরু অবিবাহিত ৩৯ সুপ্রতিষ্ঠিত ইঞ্জিনিয়ার পাত্রের জন্য উত্তর আমেরিকান অবিবাহিত অনুর্দ্ধ ৩৫ সুশ্রী মার্জিত সুন্নী মুসলিম পাত্রীর পক্ষে যোগাযোগ করুন। ২০৩-২৫২-৭৪৫৮

## জরুরী পাত্রী চাই
আমেরিকার সিটিজেন, বিএসসি এমএসসি আমেরিকা থেকে, আমেরিকার (টপ)বৃহত্তর ব্যাংকে উচ্চপদে চাকুরিরত শিক্ষিত পরিবারে (34, 5'7") Never Married, পাত্রের উপযুক্ত পাত্রী চাই সরাসরি +1 (917) 541-8895, +8801644971287 (WhatsApp+Viber) kanalyst2020@gmail.com

## পাত্রী চাই
নিউইয়কে বসবাসরত ৩৬ বছর (৫-৪") সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক । ডিভোর্সী হলেও সমস্য নেই। সরাসরি যোগাযোগ - ৯২৯-৪৬২-৬১৯৭

## পাত্রপাত্রীর খোঁজে
অভিভাবক বা পাত্রপাএী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

## পাত্রী চাই
কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকটিক্যাল ডিপলমা -কানাডা, MBA-লন্ডন, Uk& DU, ডিভোসী পাএের জন্য সমমনা পাত্রী চাই। যোগাযোগ-14373247008

## পাত্রী চাই
নিউইয়র্কে বসবাসরত আমেরিকার নাগরিক ৪৮+ বয়সী মুসলিম পাত্রের জন্য মার্জিত, ধার্মিক ৩০-৩৮ বয়সী আমেরিকায় বসবাসকারী পাত্রী চাই। পাত্রের শর্ট-ডিভোর্স আছে। যোগাযোগ: ৬৪৬-৪৯৬-৬৮৭৯

## জীবনসঙ্গীর প্রত্যাশায়
মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

## মেচম্যাকিং
দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

## পাত্র চাই
পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

## পাত্রী চাই
সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫"৭ ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ: 732-595-2602। Email: kanalyst2020@gmail.com

## পাত্র চাই
নিউইয়র্কে জন্মগ্রহণকারী বয়স ৩২ ব্যাংকে উচ্চপদে কর্মরত লম্বা, সুন্দরী পাত্রীর জন্য পাত্র চাই। পাত্রের বায়োডাটা ছবিসহ যোগাযোগ করুন। mhpatwa@gmail.com

## পাত্রী চাই
কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা - কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। **যোগাযোগ- 13475538417**

## পাত্রী চাই
পাত্র সিটিজেন ৫/৬ ইঞ্চি,ধার্মিক মধ্যবিত্ত পরিবারের ধার্মিক হিজাব পড়া সুন্দরী পাত্রী চাই। যোগাযোগ: 929-422-8642

## Groom wanted
US citizen,Bangladeshi Muslim girl,35 Optometrist, looking for someone residing in US, 35-38, good education/career. Tel :202-386-5401

# বিশ্বজুড়ে আক্রান্ত বাড়তে পারে: বিশ্ব স্বাস্থ্য সংস্থা

মাঙ্কিপক্স

**উত্তর আমেরিকা অফিস**

বিশ্বজুড়ে মাঙ্কিপক্সে আক্রান্ত আরও বাড়তে পারে বলে আশঙ্কা করছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। যেসব দেশে এখনও মাঙ্কিপক্স ছড়ায়নি সেগুলোতে নজরদারি বাড়াতে বলেছে সংস্থাটি। এ পর্যন্ত বিশ্বের ১৪টি দেশে মাঙ্কিপক্স শনাক্ত হয়েছে। দেশগুলো হলো যুক্তরাজ্য, ইতালি, সুইডেন, স্পেন, পর্তুগাল, যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, বেলজিয়াম, ফ্রান্স, নেদারল্যান্ডস, জার্মানি, ইসরায়েল ও সুইজারল্যান্ড।

মধ্য ও পশ্চিম আফ্রিকার প্রত্যন্ত অঞ্চলে মাঙ্কিপক্স সবচেয়ে বেশি দেখা



যায়। ওই সব অঞ্চলের মানুষের কাছে মাঙ্কিপক্স খুবই সাধারণ একটি ব্যাপার। গত ৭ মে যুক্তরাজ্যে প্রথম মাঙ্কিপক্স ধরা পড়ে। যার শরীরে মাঙ্কিপক্স ধরা পড়ে, তিনি সম্প্রতি নাইজেরিয়া ভ্রমণ করেছিলেন।

ইউরোপ-আমেরিকায় আতঙ্ক ছড়াচ্ছে মাঙ্কিপক্স ইউরোপ-আমেরিকায় আতঙ্ক ছড়াচ্ছে মাঙ্কিপক্স। যুক্তরাজ্যের ন্যাশনাল হেলথ সার্ভিসের তথ্য অনুসারে মাঙ্কিপক্সে আক্রান্ত ব্যক্তির অসুস্থতা খুব বেশি মাত্রায় হয় না। বেশির ভাগ ক্ষেত্রে কয়েক সপ্তাহের মধ্যেই মাঙ্কিপক্সে আক্রান্ত ব্যক্তি সুস্থ হয়ে ওঠেন। ভাইরাসটি খুব সহজে মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে না। ব্যাপক মানুষের মাঝে ভাইরাসটি ছড়িয়ে পড়ার ঝুঁকি কম।

উল্লেখ্য, মাঙ্কিপক্সের জন্য নির্দিষ্ট কোনো টিকা এখনও আবিষ্কৃত হয়নি। তবে গুটি বসন্তের টিকা এ রোগ থেকে ৮৫ ভাগ সুরক্ষা দেয়। কারণ দুটি ভাইরাসের ধরন প্রায় একই রকমের। সম্প্রতি ইউরোপ ও আমেরিকার বেশ কয়েকটি দেশে দেখা দিয়েছে মাঙ্কিপক্স নামের এক ধরনের বিপজ্জনক বসন্ত রোগের। যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন-সিডিসির বসন্তের বিষয়টি নিশ্চিত করেছে। সিডিসি বলেছে, এই বসন্ত রোগ জনস্বাস্থ্যের জন্য এখনই তেমন কোনো হুমকির সৃষ্টি করেনি। এ বছরের শুরুতেই যুক্তরাষ্ট্রে প্রথম ধরা পড়ে এই বসন্ত রোগ। পরে যুক্তরাজ্যের ৭ জনসহ ইউরোপের পর্তুগাল ও স্পেনেও এই রোগ ধরা পড়ে। যুক্তরাষ্ট্রের প্রতিবেশী দেশ কানাডায় এখন পর্যন্ত ১৩ জন রোগী শনাক্ত হয়েছে। মাঙ্কিপক্স খুবই বিরল এবং মৃদু সংক্রামক ধরনের ভাইরাস।

সিডিসির তথ্য অনুসারে, ১৯৭০ সালে সর্বপ্রথম এই রোগ শনাক্ত হয়। মাঙ্কিপক্সে আক্রান্ত হলে গায়ে র‍্যাশ হয়। তবে এই র‍্যাশের শুরু হয় মুখ থেকে।

# স্পেন দূতাবাসে নববর্ষ উদযাপন

**জিয়াউল হক জুমন**, *স্পেন*

স্পেনের রাজধানী মাদ্রিদে বাংলাদেশে দূতাবাসে ২১ মে শনিবার ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় বাংলা নববর্ষ উদযাপন করা হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা। সকাল ১১টায় রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদের নেতৃত্বে মঙ্গল শোভাযাত্রার মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। মঙ্গল শোভাযাত্রায় দূতাবাসের কর্মকর্তা-কর্মচারি, স্পেন প্রবাসী বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক দলের প্রতিনিধিবৃন্দ অংশ নেন। রাষ্ট্রদূত মঙ্গল শোভাযাত্রার শুরুতে বলেন, বাংলা নববর্ষ বাঙালির প্রাণের উৎসব। মঙ্গল শোভাযাত্রা ধর্ম-বর্ণ নির্বিশেষে সমস্ত বাঙালির অসাম্প্রদায়িক চেতনার বহির্প্রকাশ।



**স্পেন দূতাবাসে বাংলা নববর্ষ উদযাপন অনুষ্ঠান।** ছবি: সংগৃহীত

বিকেলে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসীরা মনোমুগ্ধকর জনপ্রিয় সঙ্গীত পরিবেশন করেন। পরে নারী, শিশু-কিশোর ও পুরুষদের জন্য বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথিদের বাঙালি খাবারে আপ্যায়ন করা হয়।



**পেটার্সন সিটিতে ফরিদ উদ্দিন (ডান থেকে তৃতীয়) প্রথম বাংলাদেশি হিসেবে কাউন্সিল এট লার্জ পদে নির্বাচিত হয়েছেন।** ছবি: সংগৃহীত

# পেটার্সন সিটিতে ফরিদ উদ্দিনের ইতিহাস সৃষ্টি

**উত্তর আমেরিকা অফিস**

বাংলাদেশিদের তিন প্রজন্মের অভিবাসনের নগর আমেরিকার নিউজার্সি রাজ্যের প্যাটার্সন। একসময় জাহাজে আসা লোকজনের জীবনের নোঙ্গর হয়েছিল শিল্পকারখানায় সমৃদ্ধ নগর প্যাটার্সনে। এই শহরে ইতিহাস সৃষ্টি করেছেন বাংলাদেশি আমেরিকান ফরিদ উদ্দিন। সিটির প্রথম বাংলাদেশি, যিনি কাউন্সিল এট লার্জ পদে নির্বাচিত হয়েছেন।

১০ মে মঙ্গলবার দিনব্যাপী ভোটগ্রহণ ও গণনা শেষে প্যাসাইক কাউন্টি নির্বাচন অফিস ফরিদ উদ্দিনকে বেসরকারিভাবে বিজয়ী ঘোষণা করে। নির্বাচনে প্যাটারসন পাবলিক স্কুলের শিক্ষক ফরিদ উদ্দিন। তরুণ এই সংগঠক পেয়েছেন ৩২৮৫ ভোট। সিটি কাউন্সিল এট-লার্জ নির্বাচনে মোট তিনটি কাউন্সিলম্যান পদের জন্য দশজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। তাদের মধ্যে সিটির সাবেক ওয়ার্ড কাউন্সিলম্যান বাংলাদেশি বংশোদ্ভূত গিলমান চৌধুরী, কেসি মানবিল, ডক্টর মেলিসা বার্লটের মতো শক্তিশালী প্রার্থী ছিলেন। নির্বাচনে বিজয়ী অন্য দু'জন হলেন বর্তমান কাউন্সিলওম্যান ডক্টর লিসা মিম এবং মারিজা ডেভিলা।

ফরিদ উদ্দিনের জন্ম বাংলাদেশের সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার শেওলা ইউনিয়নের কোনাশালেশ্বর গ্রামে। তার বাবা মৌলানা আব্দুল লতিফ। অভিবাসী পরিবারের কর্মঠ ও বিনয়ী সংগঠক হিসেবে তিনি কমিউনিটিতে পরিচিত। নির্বাচনে বিজয়ের পর ফরিদ উদ্দিন প্রথম আলোকে বলেন, প্যাটারসন সিটি আমাদের সবার। এই সিটিকে সুন্দর ও একটি শক্তিশালী সিটিতে পরিণত করতে সবাইকে নিয়ে ঐক্যবদ্ধ হয়ে কাজ করব। কোনো বিভেদ না করে দলমত-নির্বিশেষে সবাইকে নিয়ে কাজ করার পাশাপাশি ভোটের আগে দেয়া প্রতিশ্রুতি পূরণ করে একটি সুন্দর পরিচ্ছন্ন সিটি গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন তিনি।

> ফরিদ উদ্দিনের বিজয়ে প্যাটার্সনে বাংলাদেশি কমিউনিটিতে আনন্দের বন্যা বয়ে যাচ্ছে। দলমত নির্বিশেষ সবাই তাঁকে ব্যাপকভাবে অভিনন্দন জানাচ্ছেন।

ফরিদ উদ্দিনের বিজয়ে প্যাটার্সনে বাংলাদেশি কমিউনিটিতে আনন্দের বন্যা বয়ে যাচ্ছে। দলমত নির্বিশেষ সবাই তাঁকে ব্যাপকভাবে অভিনন্দন জানাচ্ছেন। প্যাটার্সনে বসবাসরত চার দশেকর পুরোনো প্রবাসী, সাবেক উপজেলা চেয়ারম্যান গোলাম মোহাম্মদ টেপন, আওয়ামী লীগ নেতা আব্দুস সালাম, দেওয়ান বজলু চৌধুরী, অপু চৌধুরীসহ কমিউনিটির বিশিষ্টজনেরা ফরিদ উদ্দিনকে আশীর্বাদ করে বলেন, ঐক্যবদ্ধ থাকলে প্যাটার্সন থেকে আরও নেতৃত্ব বেরিয়ে আসবে।

নিউইয়র্কের কাছেই প্যাটার্সনে ব্যাপক সংখ্যক বাংলাদেশিদের বসবাস। গত একশ বছরের বেশি সময় থেকে এ সিটিতে বাংলাদেশিদের অভিবাসনের ইতিহাস রয়েছে।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরেড
- এজমা
- বাতের ব্যাথা
- যৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment
At# 917-503-5002





ডাঃ উৎপল চৌধুরী

Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday
9am-3pm
Wednesday & Friday
5pm-9pm
Sunday: Lab. Work only.
9am-1pm

Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে 'কন্ডিশন' রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু 'রাস্তা' খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

ফ্রি হোম কেয়ার সার্ভিস

যে সকল মা বাবা, ভাই-বোন, আত্মীয়-স্বজন এর মেডিকেইড ও মেডিকেয়ার আছে, তাঁদের সেবা করে আপনি সাপ্তাহিক ৫০০ ডলার করে উপার্জন করতে পারেন। এজন্যে পড়াশোনা বা কোন সার্টিফিকেট এর দরকার নাই।

যোগাযোগ করুন
নাসিমা: ৩৪৭-৮০১-৪০২৮



ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটির ঈদ পুনর্মিলনী। ছবি: সংগৃহীত

# ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটির ঈদ পুনর্মিলনী

**সুব্রত চৌধুরী**, *আটলান্টিক সিটি*

আটলান্টিক সিটির ১৬, উত্তর ফ্লোরিডা অ্যাভিনিউয়ে ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটি ইনকের উদ্যোগে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

২২ মে রোববার রাতে ঈদ পুনর্মিলনীর বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল পবিত্র কুরআন তেলাওয়াত, ইসলামিক আলোচনা ও ইসলামী সংগীত পরিবেশন।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন প্রবাস প্রজন্মের মায়াজ বিন মাঈন, জিয়াফ হাসান। ইসলামী সংগীত পরিবেশন করেন ফাতিহা, তাহিয়াতুল, আরুফা, মারদিয়া। অনুষ্ঠান সঞ্চালনা করেন মো. নূর নবী। সভাপতিত্ব করেন মো. বুরহান উদ্দীন।

ইসলামিক আলোচনায় অংশ নেন বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ মাওলানা মো. মানজুরুল ইসলাম, শেখ তৌফিক আজিজ। ইসলামিক সেন্টার অব আটলান্টিক সিটির কার্যক্রম সুধীজনদের কাছে তুলে ধরেন সংগঠনের প্রতিষ্ঠাতা ইকবাল হোসেন। তিনি সুধীজনদের বিভিন্ন প্রশ্নেরও জবাব দেন।

অনুষ্ঠানে আটলান্টিক কাউনটিতে বসবাসরত প্রবাসী বাংলাদেশিসহ বিভিন্ন কমিউনিটির বিপুল সংখ্যক লোকজন অংশ নেন।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্‌স ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীনকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
•Emirates •Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER
সেলস এবং রিপেয়ার
Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।
ultra mobile · SIMPLE Mobile · h2o · T-Mobile · univision mobile · Lycamobile
Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা
Our Services
★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
★ Car Accidents
★ Medical Mal Practice
★ Accident in Construction
★ Lead Poisoning
★ Slip and Fall
★ Dental Mal Practice
★ Immigration all kinds &
Green Card via employment & Investments
★ Real Estate & Business Closings
★ Non payment or no over time payment
★ Will, Trust and Estate Planning
★ Bankruptcy, Landlord-Tenant
★ Family Matter-Divorce
★ All Civil Matters
"Prior results do not guarantee a similar outcome"
New York State Attorney
M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh
Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London
LL.M, USA. Attorney-At-Law, NY
Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com
বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney
REAL ESTATE SALESPERSONS
MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
ADVOCATE MD NURUZZAMAN Cell: 347-469-9268
ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
DR. SADI ALAM, DPM
আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS

বৃহস্পতিবার, ২৬ মে ২০২২

প্রথম আলো
Prothom Alo North America

# বৈশাখী পথমেলা হয়নি চট্টগ্রাম এসোসিয়েশনের

**উত্তর আমেরিকা অফিস**

প্রবাসী চট্টগ্রামবাসীদের সর্ববৃহৎ সামাজিক সংগঠন চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকা আয়োজিত চট্টলা বৈশাখী পথমেলা অনুষ্ঠিত হয়নি।

২২ মে রোববার ব্রুকলিনে এই মেলা হওয়ার কথা ছিল। ২০মে শুক্রবার জ্যাকসন হাইটসের বাংলাদেশ প্লাজা মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে আয়োজকরা মেলা স্থগিত রাখার কথা জানান। সংবাদ সম্মেলনে আয়োজকেরা বলেন, সমিতির বিভক্ত কর্মকর্তাদের একাংশের মামলার প্রেক্ষিতে আদালাতের সিদ্ধান্তে আমরা জয়ী হলেও মেলা আয়োজনের প্রস্তুতির সময় না পাওয়ায় বাধ্য হয়ে মেলা আপাতত স্থগিত করতে হয়েছে।

সংবাদ সম্মেলনে বিস্তারিত তুলে ধরে বক্তব্য রাখেন এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিম। সভাপতি মনির আহমেদ, সাবেক সিনিয়র সহ-সভাপতি মাকসুদুল হক চৌধুরী, মেলা কমিটির আহ্বায়ক আবু তাহের, সদস্যসচিব মোহাম্মদ আরিফুল ইসলাম।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, আমরা সমিতির বৃহত্তর স্বার্থে ১১জন কর্মকর্তা পদত্যাগ করে একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন দাবি করে আসছি। সংগঠনের স্বার্থে প্রয়োজনে আমরা সমঝতা করতেও রাজি। কিন্তু প্রতিপক্ষ কোনো পথেই না এসে বরং সংগঠন ভবন ও সংগঠনকে কুক্ষিগত করে এবং অর্থ তছরুপ করার পাশাপাশি এবার আয়োজিত 'চট্টলা বৈশাখী পথমেলা' বন্ধ করতে গোপনে আদালতের আশ্রয় নেয়।

আয়োজকরা জানান, সবাইকে নিয়ে চট্টগ্রাম এসোসিয়েশনকে শক্তিশালী করতে চাই। কিন্তু কোনো মামলা-মোকদ্দমায় জড়াতে চাই না। কিন্তু আমাদের মানহানি হলে প্রয়োজনে আইগত ব্যবস্থা নিতে পিছপা হব না।



ডোমিনিকার পরিকল্পনামন্ত্রীর সাথে বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। ছবি: সংগৃহীত

# জালালাবাদের চার লাখ ডলারের অর্থ গায়েব

## মাসুদুল হকের অভিযোগ

**উত্তর আমেরিকা অফিস**



মাসুদুল হক

জালালাবাদ এসোসিয়েশনের আসন্ন নির্বাচনে সভাপতি প্রার্থী মাসুদুল হক ছানু সংগঠনের চার লাখ ডলারের বেশি তহবিল গায়েব হয়েছে বলে অভিযোগ করেছেন। এজন্য তাঁর পক্ষ থেকে করা সংবাদ সম্মেলনে জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সভাপতি এবং আসছে নির্বাচনে সভাপতি প্রার্থী বদরুল খান দায়ী বলে অভিযোগ করা হয়েছে।

২৪ মে মঙ্গলবার মাসুদুল হক ছানুর নির্বাচনী পরিচালনা কমিটি জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নির্বাচনী পরিচালনা কমিটির আহ্বায়ক মো. আব্দুর রাজ্জাক।

লিখিত বক্তব্যে ২০১৩ সাল থেকে বিভিন্ন মেয়াদে আয়-ব্যয়ের হিসেব উপস্থাপন করে চার লাখ ডলারের বেশি গরমিলের অভিযোগ আনা হয়। দুই দফা সভাপতি থাকাবস্থায় সাবেক সভাপতি বদরুল খানকে এ তহবিল গায়েবের জন্য সংবাদ সম্মেলনে দায়ী করা হয়। দায়িত্বপালনকালে সাংগঠনিক নানা অনিয়ম এবং আজীবন সদস্য করার নামে অর্থ আত্মসাতের অভিযোগ করা হয়েছে। সভাপতির দায়িত্বপালন শেষে বদরুল খান কোনো রেজ্যুলেশন বই, ব্যাংকের হিসাব বিবরণী, ব্যাংক চেক সংগঠনের কাছে হস্তান্তর করেননি বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়।

৫ জুন অনুষ্ঠেয় নির্বাচনে সাবেক সভাপতি বদরুল খান পুরো প্যানেল নিয়ে নির্বাচন করছেন। অন্যদিকে মাসুদুল হক ছানু কোনো প্যানেল ছাড়াই সভাপতি পদে প্রার্থী হয়েছেন। সংবাদ সম্মেলনে অভিযোগ সম্পর্কে জানতে বদরুল খানের সাথে যোগাযোগ করা হলে তিনি নির্বাচনী প্রচারণায় ব্যস্ত রয়েছেন বলে জানান তাঁর একজন অনুসারী।

# কৃষি-খাদ্য সুরক্ষার চর্চা ভাগ করতে প্রস্তুত বাংলাদেশ

**উত্তর আমেরিকা অফিস**

বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, 'বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ মহাসচিবের গ্লোবাল চ্যাম্পিয়নস গ্রুপ অন গ্লোবাল ক্রাইসিস রেসপন্সে যোগ দিয়েছেন। আমরা কৃষি ও খাদ্য সুরক্ষার উত্তম চর্চাগুলো বিশ্বের অন্যান্য দেশগুলোর সাথে ভাগ করে নিতে প্রস্তুত।'

১৯মে শুক্রবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদ আয়োজিত 'সংঘাত ও খাদ্য নিরাপত্তা' শীর্ষক এক উন্মুক্ত বিতর্কে একথা বলেন তিনি। তিনি কৃষি খাতে রূপান্তর এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বাংলাদেশের অর্জনগুলো তুলে ধরে বলেন, এর ফলে গ্রামীণ উন্নয়ন, প্রান্তিক জনগণের ক্ষমতায়ন এবং ক্ষুদ্র কৃষকদের সুরক্ষা নিশ্চিত হয়েছে।

এজেন্ডা ২০৩০ বাস্তবায়নে বিশ্ব সম্প্রদায়ের প্রতিশ্রুতির কথা স্মরণ করে তিনি বলেন, সর্বত্র নিরাপদ, পর্যাপ্ত ও পুষ্টিকর খাবারের প্রবেশাধিকার নিশ্চিত করতে সকলের একসাথে কাজ করা অপরিহার্য, যাতে কেউ পিছনে পড়ে না থাকে।

# সাবেক মেয়র ব্লাজিও প্রতিনিধি পরিষদে নির্বাচন করবেন

**জাহিদা আলম**



বিল ডি ব্লাজিও

নিউইয়র্কের সাবেক মেয়র বিল ডি ব্লাজিও আসছে প্রতিনিধি পরিষদে (ইউএস কংগ্রেস) নির্বাচন করবেন। ম্যানহাটন ও ব্রুকলিনের অংশ নিয়ে গঠিত নতুন নির্বাচনি মানচিত্র অনুযায়ী ১০ম কংগ্রেশনাল ডিসস্ট্রিক্ট থেকে তিনি প্রার্থিতার ঘোষণা দিয়েছেন।

২০ মে শুক্রবার এমএসএনবিসি টিভির এক অনুষ্ঠানে বিল ব্লাজিও একথা জানান। দুই দফা নিউইয়র্কের মতো নগরের মেয়র হিসেবে বিইল ব্লাজিও জাতীয়ভাবে পরিচিত। একজন উদারনৈতিক ঘরনার নেতা হিসেবে তিনি নানাভাবে আলোচিত-সমালোচিত হয়েছেন মেয়র থাকাবস্থায়ই। রাজ্য গভর্নর পদে নির্বাচনের জন্য ঘোষণা দিলেও পরে সেই সিদ্ধান্ত থেকে সরে আসেন। নতুন নির্বাচনি মানচিত্র তাঁর জন্য সুবিধাজনক হবে মনে করেই কংগ্রেসম্যান হিসেবে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন। আসছে আগস্টে রাজ্যের দলীয় প্রাইমারি তাঁকে মোকাবেলা করতে হবে। ১০ম নির্বাচনি ডিসট্রিক্টে বর্তমান কংগ্রেসম্যান জ্যারি ন্যাডলার। পরিবর্তিত নির্বাচনী মানচিত্রে জেরি ন্যাডলার ১২তম নির্বাচনী ডিসট্রিক্টের বাসিন্দা। নতুন নির্বাচনী মানচিত্র নিয়ে এখনও বিরোধ রয়েছে। চূড়ান্তভাবে অনুমোদিত হলে কংগ্রেসম্যান ন্যাডলার ১২তম ডিসট্রিক্ট থেকে নির্বাচনে প্রার্থী হবেন বলে মনে করা হচ্ছে।

সাবেক মেয়র ব্লাজিও বলেন, জনগণের ভোগান্তি বেড়েছে। মানুষ জনপ্রতিনিধিদের কাছ থেকে সাহায্যের জন্য মরিয়া হয়ে উঠেছে। জনগণের এই চাহিদার কথা বিবেচনা করেই তিনি নিজের প্রার্থিতার ঘোষণা দিয়েছেন। ৬১ বছর বয়সী সাবেক মেয়র বিল ডি ব্লাজিও প্রতিনিধি পরিষদের নির্বাচনে সহজেই উতরে যাবেন বলে তাঁর সমর্থকরা মনে করছেন।



বিএএসজে 'হোম টাউন হিরো'পুরস্কার হাতে সভাপতি জহিরুল ইসলাম বাবুল। ছবি: সংগৃহীত

# বিএএসজে 'হোম টাউন হিরো' পুরস্কার পেলেন জহিরুল

**সুব্রত চৌধুরী**, *আটলান্টিক সিটি*

যুক্তরাষ্ট্রের নিউজার্সি রাজ্যের আটলান্টিক সিটির 'হোম টাউন হিরো'র পুরস্কার পেলেন বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথজার্সির (বিএএসজে) সভাপতি জহিরুল ইসলাম বাবুল।

গত ১৯ মে বৃহস্পতিবার সন্ধ্যায় স্টকটন বিশ্ববিদ্যালয়ের ফ্যানি লো হেমার হলরুমে অনুষ্ঠিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়। অনুষ্ঠানে হিরো অব আওয়ার হোম টাউন সংগঠনের চেয়ারওম্যান মিসেস জুডি বরোস এবং জেফ ডরসি তাঁর হাতে পুরস্কার তুলে দেন। এসময় বিভিন্ন কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ ছাড়াও কাউন্সিলম্যান হোসাইন মোর্শেদ, কাউন্সিলম্যান আনজুম জিয়া, আটলানটিক সিটির স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, বিএএসজে সাংগঠনিক সম্পাদক শাহরিয়ার আহমদ, কমিউনিটি ব্যক্তিত্ব আব্দুর রহিম, মো. মামুন, আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

বাংলাদেশের কুমিল্লা সদরের কৃতী সন্তান জহিরুল ইসলাম বাবুল ১৯৯০ সালে যুক্তরাষ্ট্রে আসেন। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির নির্বাচিত সভাপতি হিসেবে তিনি দীর্ঘদিন যাবত সংগঠনটির নেতৃত্ব দিয়ে আসছেন।

# সিলেট সদর থানা অ্যাসোসিয়শনের নতুন কমিটির শপথ

**উত্তর আমেরিকা অফিস**

সিলেট সদর থানা অ্যাসোসিয়শনের নতুন কমিটির শপথগ্রহণ অনুষ্ঠান কুইন্সের একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। ২০ মে শুক্রবার সন্ধ্যায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সংগঠনের প্রধান ট্রাস্টি আব্দুর জব্বার খান (মুরাদ) সভাপতিত্ব করেন।

সিলেট সদর থানা অ্যাসোসিয়েশনের অন্যতম উপদেষ্টা হাজী এনামের পরিচালনায় শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের ট্রাস্টি কল্লোল আহমদ, উপদেষ্টা এম.সি. কামাল, সাবেক সভাপতি শাহাব উদ্দীন, মামুন আহমেদ, ইয়ামিন চৌধুরী, মো. হোসেইন (রিজওয়ান), জয়ন্ত কুমার, শরিফুল খালিসদার, সামুন মাহমুদ, অপু সিংহ, সাহার আহমেদ, আবু হানিফ, শাখাওয়াত চৌধুরী (আবেদ)।



সিলেট সদর থানা অ্যাসোসিয়শনের নতুন কমিটির শপথগ্রহণ অনুষ্ঠান। ছবি: সংগৃহীত

অনুষ্ঠানের প্রথম পর্বে উপদেষ্টা এম.সি. কামাল নবনির্বাচিত কমিটির সভাপতি আব্দুল মালেক খান (লায়েক), সহ-সভাপতি মুকুল হক, সাধারণ সম্পাদক আর.সি. টিটো এবং কোষাধ্যক্ষ আব্দুল হাফিজ আবদারকে শপথনামা পাঠ করান। দ্বিতীয় পর্বে উপস্থিতি অতিথিবৃন্দ নবগঠিত কমিটিকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য প্রদান রাখেন। বিপুলসংখ্যক প্রবাসী সভায় উপস্থিত হয়ে করতালির মাধ্যমে নতুন কমিটিকে স্বাগত জানান। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



# সিলেটে সদর অ্যাসোসিয়েশনের ত্রাণ তৎপরতা

**উত্তর আমেরিকা অফিস**

বাংলাদেশের সিলেট অঞ্চলে আকস্মিক বন্যাকবলিত লোকজনের সাহায্যে এগিয়ে এসেছে প্রবাসের অঞ্চলভিত্তিক সামাজিক সংগঠনগুলো। নিউইয়র্কে ঐতিহ্যবাহী সংগঠন সিলেট সদর থানা অ্যাসোসিয়েশন নেমেছে জরুরি ত্রাণ সহযোগিতায়। সংগঠনের সাবেক ট্রাস্টি, সিআইপি কল্লোল আহমেদসহ অন্যান্য প্রবাসীর এ সহযোগিতায় সরাসরি সিলেটে ত্রাণ বিতরণ করা হচ্ছে। সিলেটে অবস্থানরত সাবেক ছাত্রনেতা এবং জনসমাজ সংগঠক আলমগীর কুমকুম এ ত্রাণ বিতরণ তত্ত্বাবধান করছেন।

সিলেট সদর থানা অ্যাসোসিয়েশনের নবগঠিত নতুন নেতৃত্বের উদ্যোগে দ্বিতীয় দিনের মতো ২৪ মে মঙ্গলবার সিলেট শহর এবং শহরতলীর প্রত্যন্ত এলাকায় ত্রাণ বিতরণ হয়েছে।

সিলেট সদর থানা অ্যাসোসিয়েশন অব আমেরিকার প্রতিষ্ঠাকালীন সদস্য আলমগীর কুমকুমে জানান, বিপন্ন লোকজনের পাশে দাঁড়ানোকেই তারা অগ্রাধিকার দিচ্ছেন।

তিনি প্রথম আলোকে জানান, সাধারণের ধারণা সিলেট একটি সম্পন্ন অঞ্চল। বাস্তবে প্রান্তিক লোকজন কষ্টে রয়েছেন। সরকারের জন্য অপেক্ষা না করে যে যেভাবে পারেন বিপন্ন এ সময়ে সহযোগিতা নিয়ে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানিয়ে বলেন, একটি ক্ষুদ্র সহযোগিতা একটি পরিবারের কষ্ট লাঘব করবে।

সিলেটে সদর অ্যাসোসিয়েশনের ত্রাণ তৎপরতার তত্ত্বাবধানে উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যাংকার তপন চৌধুরী, সংগঠক জগলুল হায়াত, মাহবুবুল আলম চৌধুরী। সংগঠনের সাবেক ট্রাস্টি কল্লোল আহমদের সার্বিক সহযোগিতায় এই মহৎ উদ্যোগে প্রবাস থেকে আরও যারা জড়িত হয়েছেন তারা হলেন সংগঠনের সহ-সভাপতি মুকুল হক, কোষাধ্যক্ষ আব্দুল হাফিজ আবদার, শাহনেওয়াজ কোরেশী, মওদুদ পাশা, জুবায়ের চৌধুরী শাহিন, ডা. মুশফিক চৌধুরী প্রমুখ।

# আগ্নেয়াস্ত্র আইন তৈরিতে

**প্রথম পৃষ্ঠার পর**

প্রতিবেদন থেকে এই তথ্য জানা গেছে।

টেলিভিশনে সম্প্রচারিত ওই ভাষণে জো বাইডেন বলেন, 'জাতি হিসেবে আমাদের আমাদের জানতে হবে, ঈশ্বরের নামে আগ্নেয়াস্ত্র আইনের বিষয়ে কখন আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। জানতে হবে কখন সাহস প্রদর্শন করতে হবে।'

এর আগে, গত মঙ্গলবার যুক্তরাষ্ট্রের টেক্সাসের একটি স্কুলে বন্দুকধারীর গুলিতে ১৯ শিশুসহ ২১ জনের মৃত্যু হয়। এই ঘটনার মাত্র ১০ দিন আগে নিউইয়র্কের একটি সুপার মার্কেটে বন্দুকধারীদের হামলায় ১০ জনের মৃত্যু হয়। সম্প্রতি দেশটিতে বৈধ ও অবৈধ আগ্নেয়াস্ত্র ব্যবহার করে বিনা কারণে গুলি ছুড়ে মানুষকে হতাহত করার বিষয়টি নৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে।

এমন ঘটনার পুনরাবৃত্তিতে বিরক্তি এবং ক্ষোভ প্রকাশ করে বাইডেন বলেন, 'এমন ঘটনায় আমি ক্লান্ত, অসুস্থ। আমাকে দয়া করে বলবেন না যে—এমন ঘটনার কোনো প্রভাব আমাদের সমাজে নেই।'

বাইডেন আরও বলেন, 'আমি যখন প্রেসিডেন্ট হয়েছিলাম, তখন আশা করেছিলাম এমন কোনো পরিস্থিতির মুখোমুখো হতে হবে না।'

স্থানীয় পুলিশ জানিয়েছে, ১৮ বছর বয়সী বন্দুকধারী সালভাদর রামোস একাই এ হামলা চালিয়েছিলেন। তবে কেন হামলা চালিয়েছিলেন তা এখনো জানা যায়নি। এ ঘটনায় নিহত শিক্ষার্থীদের বয়স ৫ থেকে ১১ বছরের মধ্যে। পুলিশ বলছে, তাঁর হাতে একটি বন্দুক ও একটি রাইফেল ছিল। মঙ্গলবার সকালে যখন গুলির ঘটনা শুরু হয়, তখন কাছাকাছি টহলরত বর্ডার পেট্রল কর্মকর্তারা স্কুলটিতে প্রবেশ করে ব্যারিকেডের পেছনে থাকা বন্দুকধারীকে গুলি করে হত্যা করেন।

# প্রেসিডেন্ট পদ প্রার্থিতা

**প্রথম পৃষ্ঠার পর**

বিশেষ সূত্রের বরাত দিয়ে রক্ষণশীল পত্রিকা নিউইয়র্ক পোস্ট ২১ মে শনিবার এ সংবাদ পরিবেশন করেছে।

সংবাদে বলা হয়, ২০২৪ সালের নির্বাচনে কোনো কারণে প্রেসিডেন্ট জো বাইডেন প্রার্থী না হলে তিনি নির্বাচন করার কথা ভাবছেন। মেয়র অ্যাডামস মনে করেন, জাতীয়ভাবে তাঁর পাস করার সম্ভাবনা রয়েছে। ডেমোক্র্যাট দল বামদিকে বেশি ঝুঁকে গেছে। এমন অবস্থায় নিজের অবস্থানগত কারণে নির্বাচনে জয়ের ব্যাপারে তিনি আশাবাদী বলে সংবাদে বলা হয়।

৭৯ বছর বয়সী প্রেসিডেন্ট জো বাইডেন দ্বিতীয় দফা নির্বাচন করবেন কিনা, এ নিয়ে আমেরিকার রাজনৈতিক মহলে আলোচনা চলছে। যদিও প্রেসিডেন্ট বাইডেন শারীরিকভাবে চমৎকার রয়েছেন এবং তিনি নিজেই বলেছেন দ্বিতীয় দফা তিনি নির্বাচনে প্রার্থী হবেন। হোয়াইট হাউস থেকেও একাধিকবার বলা হয়েছে, জো বাইডেন দ্বিতীয় দফা প্রার্থী থাকছেন এবং ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসই তাঁর রানিংমেট হিসেবে থাকছেন।

যদিও রাজনৈতিক আলোচনায় প্রেসিডেন্ট জো বাইডেনের প্রার্থিতা নিয়ে সবসময় সংশয় প্রকাশ করা হচ্ছে। বিশেষ করে রক্ষণশীল সংবাদমাধ্যম এমন প্রচারণায় বেশি উৎসাহী বলে দেখা যায়। এ বছরের শুরুতে নিউইয়র্কের মতো বড় সিটির মেয়র হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন এরিক অ্যাডামস। সিটির আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থতার জন্য তাঁর জনপ্রিয়তায় এরইমধ্যে ভাটা পড়েছে। নিউইয়র্কে অপরাধ দমনে প্রতিদিন ছুটছেন মেয়র এরিক অ্যাডামস। যদিও পরিস্থিতির কোনো উন্নতি হচ্ছে না।

নিউইয়র্কের গৃহহীনতার সমস্যাও তাড়া করছে তাঁকে। মেয়র এরিক অ্যাডামসের উপদেষ্টা ইভান থেইজ বলেন, প্রেসিডেন্ট নির্বাচনে দাঁড়ানোর সংবাদটি অনভিপ্রেত। মেয়র এরিক অ্যাডামস এখন নিউইয়র্কের আইন-শৃংখলা সামাল দেয়ার কাজে শতভাগ মনোযোগ দিচ্ছেন। এ মুহূর্তে তিনি অন্য কিছু নিয়ে ভাবারই সময় পাচ্ছেন না।

# নিউইয়র্ক এখন আতঙ্কের নগর!

**প্রথম পৃষ্ঠার পর**

হিসেবে পরিচিত নিউইয়র্ক এখন অপরাধীদের অভয়ারণ্য হয়ে উঠেছে। দিনদুপুরে ছিনতাইকারীরা পথচারীর প্যান্ট খুলে নিচ্ছে। প্রতিদিন গোলাগুলিতে হতাহতের সংখ্যা বাড়ছে। কাকতালীয়ভাবে সড়ক দুর্ঘটনাও বেড়ে গেছে। গত ২৫ বছরের মধ্যে আগ্নেয়াস্ত্র সহিংসতা নিউইয়র্কে এখন সবচেয়ে বেশি।

ইউএস নিউজ এবং ওয়ার্ল্ড রিপোর্ট ১৯ মে বসবাসের জন্য আমেরিকার সেরা মেট্রো নগরের তালিকা প্রকাশ করেছে। এ তালিকার জন্য আগের বছরের তথ্য-উপাত্ত বিশ্লেষণ করা হয়েছে। বিবেচনা করা হয়েছে কর্মসংস্থান, জীবনমান এবং বসবাসের জন্য জনগণের ইচ্ছাকে। নিউইয়র্কের আশপাশে আলবেনী শহর ২১ নং তালিকায় স্থান পেলেও বিশ্বের রাজধানী খ্যাত নিউইয়র্ক সিটির নাম নেই। নিউইয়র্কে শুধু অপরাধই বাড়েনি। কমেছে জীবনযাত্রার মান। কর্মহীনতা এখনও মহামারি পূর্বাবস্থায় যায়নি। বসবাসের জন্য গড় ভাড়া বেড়েছে নিউইয়র্কের সর্বত্র। হিমশিম খাওয়া লোকজন নিউইয়র্ক ছেড়ে অন্যত্র চলে যাওয়ার হার বেড়েছে।

নিউইয়র্কের নগর কর্তৃপক্ষের দেয়া তথ্য অনুযায়ী, শুধু গত এপ্রিল মাসেই নিউইয়র্কের অপরাধ ৩৪ শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে। আগের বছরের একই সময়ের তুলনায় বড় ধরনের ছিনতাই বেড়েছে সাড়ে ৪৩ শতাংশ। ডাকাতি বেড়েছে সাড়ে ৪১ শতাংশ। চুরি বেড়েছে ৩৯ দশমিক ৪ শতাংশ। নিউইয়র্ক পুলিশের দেয়া তথ্যে জানা গেছে, গতবছরের একই সময়ের তুলনায় বিভিন্ন অপরাধে গ্রেপ্তারের সংখ্যা বেড়েছে ৪৯ শতাংশের বেশি।

নিউইয়র্কের মতো বড় সিটির অপরাধের সাথে অল্প কিছু লোক জড়িত বলে উল্লেখ করেছেন পুলিশ কমিশনার সিউয়েল কচেন্ট। তিনি বলেন, সিটির সব বোরোতে দিন-রাত পুলিশ সর্বোচ্চ সতর্কতায় অবস্থান করছে। নিউইয়র্কের মেয়র এরিক অ্যাডামসও প্রতিদিন সিটির এপ্রান্ত থেকে অন্যপ্রান্তে ছুটছেন। অপরাধ দমনে ব্যর্থতার দায় কাঁধে না নেয়ার জন্য মেয়রকে সবসময় ব্যস্ত দেখা যাচ্ছে। যদিও অপরাধ নিয়ন্ত্রিত হচ্ছে না।

আশির দশকের শেষ দিকে এবং নব্বইয়ের দশকের মাঝামঝি পর্যন্ত নিউইয়র্কের অপরাধ এমন ভীতিকর পর্যায়ে পৌঁছেছিল। লোকজন তখন একাকী সড়কপথে চলাচল করতে ভয় পেত। একই অবস্থার সৃষ্টি হয়েছে এখন। দিনের বেলা পথচারীর প্যান্ট খুলে নিচ্ছে দুর্বৃত্তরা। গত শনিবার ব্রংকসের সড়কপথে পথচারীকে হামলা করে তাঁর পরনের প্যান্ট খুলে নিয়েছে। প্যান্টের পকেটে সেলফোন আর অর্থ ছিল। পুলিশ এখন খুঁজছে এই দুর্বৃত্তদের। গত রোববার ম্যানহাটনে কিউ ট্রেনে এক বন্দুকধারী অতর্কিতে হামলা চালায় বন্দুকধারী। ম্যানহাটন ব্রিজ অতিক্রম করার সময় এ ঘটনা ঘটে। ক্যানেল স্টেশনে ট্রেন থামার পর হামলাকারী ট্রেন থেকে নেমে চলে গেছে। গুলিবিদ্ধ ব্যক্তিটিকে হাসপাতালে নেয়ার পরেই মৃত ঘোষণা করা হয়। পুলিশ এ হত্যাকাণ্ডের কোনো কারণ খুঁজে পাচ্ছে না। ঘাতককেও গ্রেপ্তার করা সম্ভব হয়নি রোববার রাত পর্যন্ত। একইদিন ব্রুকলিনে গুলিবদ্ধ হয়ে আরেকজন গুরুতর আহত হয়েছে। শনিবার রাতে লংআইল্যান্ড এলাকায় সুইট সিক্সিন পার্টি থেকে ঘরে ফেরার সময় তিন তরুণীর মৃত্যু হয়েছে। মাতাল গাড়িচালক তিন তরুণীর ওপর দিয়ে গাড়ি চালিয়ে নেয়ায় এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক চালককে গ্রেপ্তার করা হয়েছে।

মেয়র এরিক অ্যাডামস সাবেক পুলিশ কর্মকর্তা। নব্বই দশকে তিনি নিউইয়র্ক সিটির পুলিশ কর্মকর্তা হিসেবে কাজ করেছেন। গত সপ্তাহে গুড ডে আমেরিকা অনুষ্ঠানে দেয়া সাক্ষাতকারে তিনি নিজেই বলেন, অপরাধ এমন বেড়েছে যা তাঁর পেশাগত জীবনে কখনোই দেখেননি। অনেকগুলো কারণকেই অপরাধ বেড়ে যাওয়ার জন্য দায়ী করা হচ্ছে। আমেরিকার আগ্নেয়াস্ত্র সমস্যা একটা জাতীয় সমস্যা। অস্ত্র আইন সংস্কার নিয়ে বিভক্ত মার্কিন সমাজ নিজেরা নিজেদের গুলিতে মারা পড়লেও এ আইনের সংস্কার করতে তারা ব্যর্থ হচ্ছে। অবৈধ অস্ত্র সহজেই অপরাধীরা নাগালে পাচ্ছে। নিউইয়র্কে এ পাওয়া কঠিন হলে অন্য রাজ্যে পাওয়া যাচ্ছে। সহজেই সড়কপথে তা প্রবেশ করছে নিউইয়র্কের অপরাধ জগতে। ২০২০ সালের মেনিয়াপলিসে পুলিশের হাতে নিহত জর্জ ফ্লয়েডের হত্যাকাণ্ডের জের ধরে আমেরিকাজুড়ে নাগরিক আন্দোলন শুরু হয়। কার্যত ব্ল্যাক লাইভস ম্যাটার নামের সংগঠনের নেতৃত্বে গড়ে ওঠা এ আন্দোলনে বিপুল সংখ্যক অপরাধী যুক্ত হয়ে পড়ে। লুটতরাজ হয়েছে ব্যাপক। পুলিশের সাথে নাগরিক আন্দোলনের সংঘাতের ফলে পুলিশবিরোধী মনোভাব চাঙ্গা হয়ে ওঠে সর্বত্র। এমন বাস্তবতায় অনগ্রসর কৃষ্ণাঙ্গ লোকজনের মধ্যে সামাজিক কারণে গড়ে ওঠা অপরাধীরা আশকারা পেয়েছে। নিউইয়র্ক এই অপরাধীদের তৎপরতা অনেক বেশি বলে মনে করা হচ্ছে। মহামারির কবল থেকে নিউইয়র্ক বেরিয়ে আসেনি। ২০২০ সালের মার্চ মাস থেকে করোনা মহামারির প্রথম ধাক্কায় পড়ে নিউইয়র্ক। সর্বোচ্চ মানুষের মৃত্যুর সিটিতে পরিণত হয়েছিল মাত্র তিন মাসের মধ্যে। বিশ্বের বাণিজ্যনগর নিউইয়র্কের ম্যানহটনের কর্পোরেট অফিসগুলোও আগের অবস্থায় ফিরে যেতে পারেনি। ট্রেন-বাসের মতো বিশ্বমানের গণপরিবহন এখন প্রায়ই ফাঁকা থাকতে দেখা যাচ্ছে। সমস্ত সিটিজুড়ে গৃহহীন লোকজনের হাঁটাচলা। মোড়ে মোড়ে লোকজনকে ভিক্ষা করতে দেখা যাচ্ছে। মানসিক বিকারে পড়া এসব লোকজনের জন্য নানা কর্মসূচি চালু থাকলেও কোনো এক অদৃশ্য কারণে কিছুই যেন নিয়ন্ত্রণে আসছে না। বসবাসের জন্য নিউইয়র্ক বিশ্বের সেরা সিটি, এমন কথা বুকভরে উচ্চারণ করার জন্য নিউইয়র্কবাসীকে হয়ত পরবর্তী কোনো পরিবর্তন পর্যন্ত অপেক্ষা করতে হবে। এমনই এখন মনে করছেন আতংকিত নিউইয়র্কবাসী।

# ১৯ শিশুসহ নিহত ২১

**প্রথম পৃষ্ঠার পর**

হতে হবে এবং এখনই যা কিছু করার দরকার তা করতে হবে।

সাউথ টেক্সাসের উভালদে শহরের রব এলিমেন্টারি স্কুলে হামলা চালানো হয়েছে। রাজ্য গভর্নর গ্রেগ অ্যাবোট প্রথমে জানান, গুলিতে এক শিক্ষক ও ১৪ শিক্ষার্থী নিহত হয়েছে। সালভাদর রামোস নামের ১৮ বছর বয়সী এক তরুণ ওই হামলা চালিয়ে। গুলির ঘটনার পর সংবাদ সম্মেলনে গ্রেগ অ্যাবোট বলেন, ওই সময় দুই পুলিশ কর্মকর্তা আহত হয়েছেন। তবে তাদের অবস্থা গুরুতর নয়। ধারণা করা হচ্ছে, ওই বন্দুকধারী একাই হামলা চালিয়েছে। তবে কেন হামলা চালিয়েছে তা এখনও জানা যায়নি। গ্রেগ অ্যাবোট বলেন, বন্দুকধারী সালভাদর রামোস গাড়ি নিয়ে ওই স্কুলে ঢুকেছিল। তার হাতে একটি বন্দুক ছিল। ধারণা করা হচ্ছে, তাঁর সঙ্গে আরেকটি রাইফেল ছিল। জাতীয় পতাকা আগামী ২৮ মে পর্যন্ত অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন।

হামলায় হতাহতদের নেয়া হয়েছে এসএসজিটি উইলি ডি লিওন সিভিক সেন্টারে। বাইরে অপেক্ষায় স্বজনেরা। এদিকে উভালদের পুলিশ কর্মকর্তা পিট আরেদোন্দো জানান, যারা নিহত হয়েছে তারা দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণির শিক্ষার্থী। যুক্তরাষ্ট্রের প্রাথমিক বিদ্যালয়গুলোয় যারা এসব শ্রেণিতে পড়ে তাদের বয়স সাধারণত ৭ থেকে ১০ বছরের মধ্যে হয়ে থাকে।

মাত্র ১০ দিন আগে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের বাফেলোর একটি সুপার মার্কেটে গুলি চালানো হয়। এতে ১০ জন নিহত হয়। ওই সময় যে গুলি চালিয়েছিল তার বয়সও ছিল ১৮ বছর। পুলিশ ধারণা করছে, সেটি ছিল বিদ্বেষপ্রসূত অপরাধ। গত ১০ বছরে আমেরিকায় যেসব হামলা হয়েছে সেগুলোর মধ্যে অন্যতম টেক্সাসের এই হামলা। এর আগে ২০১২ সালে কানেকটিকাটে একটি স্কুলে হামলা চালানো হয়। ওই হামলা ২০ শিশুসহ ২৬ জন নিহত হয়। নিহত ওই শিশুদের বয়স ছিল ৫ থেকে ১০ বছরের মধ্যে। এছাড়া ২০১৮ সালে ফ্লোরিডার একটি স্কুলে হামলার ঘটনা ঘটে। ওই হামলায় ১৭ শিক্ষার্থী ও শিক্ষক নিহত হয়।

# রাষ্ট্রদূতকে সরিয়ে দেওয়া হচ্ছে

**প্রথম পৃষ্ঠার পর**

> র‍্যাব এবং এর সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা দিলে দুই দেশের মধ্যে অস্বস্তি তৈরি হয়। এরপর থেকে ওয়াশিংটনে চুক্তিতে থাকা শহীদুল ইসলামকে মেয়াদ শেষ হওয়ার আগেই ফেরানোর সিদ্ধান্ত চূড়ান্ত হয়।

নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে রাষ্ট্রদূত পদে পরিবর্তন আনে সরকার।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, সাধারণত বছরের প্রথম ও শেষ ভাগে দুই দফা রাষ্ট্রদূত পদে পরিবর্তন স্বাভাবিক। তবে গত ডিসেম্বরে র‍্যাবের ওপর মার্কিন নিষেধাজ্ঞাকে কেন্দ্র করে ওয়াশিংটনে নিযুক্ত রাষ্ট্রদূত মো. শহীদুল ইসলামকে ফিরিয়ে আনা এবং গুরুত্বপূর্ণ একাধিক মিশনে রদবদলের বিষয়টি সামনে চলে আসে।

বেশ কয়েকটি মিশনে রাষ্ট্রদূত পদে পরিবর্তন হলেও কয়েকজন পেশাদার কূটনীতিক রাষ্ট্রদূত পদে যোগ দিতে পারছেন না। গত কয়েক বছর পেশাদার কূটনীতিকেরা চাকরির মেয়াদ শেষেও চুক্তিতে বাড়তি দায়িত্ব পালন করছেন। ফলে রাষ্ট্রদূত হিসেবে তাঁদের সুযোগ সংকুচিত হচ্ছে। এতে তাঁদের মধ্যে হতাশা দেখা দিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক কূটনীতিক প্রথম আলোকে বলেন, আগে রাজনৈতিকভাবে রাষ্ট্রদূত নিয়োগ হতো। এখন পেশাদার কূটনীতিকেরা নিয়োগ পেয়ে বাড়তি সময় দায়িত্ব পালন করছেন। প্রতিবছর তিন থেকে চারজন এভাবে চুক্তিতে দায়িত্ব পেলে পেশাদার কূটনীতিকদের সুযোগ কমতে থাকবে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেন, বিদেশি মিশনগুলোতে রাজনৈতিক বিবেচনায় চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়টি তিন দশকের বেশি সময় ধরে চালু রয়েছে। সুস্পষ্ট কোনো বিধান না থাকলেও স্বৈরশাসক এরশাদের আমল থেকে মোট মিশনের অন্তত ৩০ শতাংশ রাজনৈতিক বিবেচনায় নিয়োগ হতো। ১৯৯১ সাল থেকে গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারগুলোও সেই প্রথা অনুসরণ করে আসছে।

বিভিন্ন সময় বিদেশি মিশনে রাজনৈতিক বিবেচনায় নিয়োগের হার ৩০ শতাংশ ছাড়িয়ে গেছে। এই মুহূর্তে ৫৮টি মিশনে ১৭ জন রাষ্ট্রদূত চুক্তিভিত্তিক ও প্রেষণে দায়িত্ব পালন করছেন। তাঁদের মধ্যে সাবেক সচিব, পুলিশের সাবেক মহাপরিদর্শক, সাবেক অতিরিক্ত সচিব, সচিব মর্যাদার সাবেক কূটনীতিকের পাশাপাশি প্রতিরক্ষা বাহিনীর বর্তমান ও সাবেক কর্মকর্তারা রয়েছেন। ভারত, যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, কানাডা, তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত ও মরক্কোতে সাবেক কূটনীতিক; জার্মানি, জাপান, সৌদি আরব ও ইরাকে সাবেক সচিব এবং কুয়েত, লেবানন, লিবিয়া ও মালদ্বীপে প্রতিরক্ষা বাহিনীর বর্তমান ও সাবেক জ্যেষ্ঠ কর্মকর্তারা দায়িত্ব পালন করছেন।

সাবেক পররাষ্ট্রসচিব তৌহিদ হোসেন বলেন, কূটনীতিকের কাজটি বিশেষায়িত। এতে পেশাদার কূটনীতিকদের ভালো করার সম্ভাবনাটাই বেশি। তবে পেশাদার কূটনীতিক হিসেবে চাকরির মেয়াদ শেষ হওয়ার পর চুক্তিতে অনেককে নিয়োগ দেওয়ার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন থেকে যায়।

**র‍্যাবের নিষেধাজ্ঞায় রদবদল চূড়ান্ত**

গত ডিসেম্বরে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাব এবং এর সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা দিলে দুই দেশের মধ্যে অস্বস্তি তৈরি হয়। এরপর থেকে ওয়াশিংটনে চুক্তিতে থাকা শহীদুল ইসলামকে মেয়াদ শেষ হওয়ার আগেই ফেরানোর সিদ্ধান্ত চূড়ান্ত হয়। অবশ্য কূটনৈতিক সূত্রগুলো বলছে, গত বছরের দ্বিতীয়ার্ধ থেকেই ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক নিয়ে সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে একধরনের অস্বস্তি ছিল। দ্বিপক্ষীয় সম্পর্কের ক্ষেত্রে দূতাবাসের ভূমিকা নিয়েও রাজনৈতিক মহলে অসন্তোষের কথা জানা যায়।

নাম প্রকাশে অনিচ্ছুক সরকারের একাধিক জ্যেষ্ঠ কর্মকর্তা জানিয়েছেন, সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে দীর্ঘ আলোচনা শেষে দিল্লিতে নিযুক্ত হাইকমিশনার মোহাম্মদ ইমরানকে ওয়াশিংটনে পাঠানোর সিদ্ধান্ত হয়। ২০২০ সালের জানুয়ারিতে তিনি দিল্লিতে বাংলাদেশের হাইকমিশনার হিসেবে দায়িত্ব পান। নিয়মিত চাকরির মেয়াদ শেষ হওয়ার পর চলতি বছরের ফেব্রুয়ারিতে তাঁকে আরও তিন বছরের জন্য চুক্তিতে দিল্লিতে হাইকমিশনার পদে নিয়োগ দেয় সরকার।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, এরই মধ্যে রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানের বিষয়ে যুক্তরাষ্ট্রের কাছে অ্যাগ্রিমো (তাঁকে গ্রহণে আপত্তি নেই মর্মে পত্র) পাঠানো হয়েছে।

**পরিবর্তন যেসব মিশনে**

দিল্লিতে মোহাম্মদ ইমরানের স্থলাভিষিক্ত হতে যাচ্ছেন জেনেভায় জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মোস্তাফিজুর রহমান। পেশাদার এই কূটনীতিক এর আগে সিঙ্গাপুরে হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

অস্ট্রেলিয়ায় নিযুক্ত হাইকমিশনার মো. সুফিউর রহমানকে জেনেভায় জাতিসংঘে স্থায়ী প্রতিনিধি হিসেবে বদলির সিদ্ধান্ত হয়েছে। পেশাদার এই কূটনীতিক এর আগে শ্রীলঙ্কা ও মিয়ানমারে রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেন।

ডেনমার্কে নিযুক্ত পেশাদার কূটনীতিক এম আল্লামা সিদ্দিকী অস্ট্রেলিয়ায় সুফিউরের স্থলাভিষিক্ত হচ্ছেন। আর ডেনমার্কে যাচ্ছেন ভুটানে নিযুক্ত রাষ্ট্রদূত এ কে এম শহীদুল করিম। ভুটানে যাচ্ছেন জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রেষণে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যাওয়া শিবনাথ রায়।

# শিশুখাদ্য ঘাটতি, সর্বত্র উদ্বেগ

**প্রথম পৃষ্ঠার পর**

হওয়ার কারণে দেশব্যাপী এই ঘাটতি দেখা দিয়েছে। আগামী সপ্তাহের শুরুতে পুনরায় কাজ শুরু হতে পারে। তবে খুচরাপর্যায়ে সরবরাহ নিশ্চিত হতে আরও কয়েক সপ্তাহ লাগতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

যুক্তরাষ্ট্রের প্রধান ফার্মেসিগুলো এবং খুচরা বিক্রেতা যেমন টার্গেট, ওয়ালমার্ট, সিভিএস এবং ওয়ালগ্রিনস ইতিমধ্যেই বেবি ফর্মুলা কেনার পরিমাণ সীমাবদ্ধ করে দিয়েছে। এতে করে অনেক অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছেন। কেউ কেউ একবারের ফর্মুলাতে পানি মিশিয়ে একাধিকবার শিশুকে খাওয়াচ্ছেন। আবার কেউ ঘরে নিজ হাতে শিশুদের পাতলা ফর্মুলা তৈরি করে করে খাওয়ানোর চেষ্টা করছেন।

আমেরিকান একাডেমি অব পেডিয়াট্রিক্স (এএপি) শিশুর খাদ্য ফর্মুলাতে বাড়তি পানি দেয়ার ব্যাপারে সতর্ক করে দিয়েছে। ঘরে তৈরি রেসিপিগুলির বিরুদ্ধে জোরালো পরামর্শ দিয়েছে সংস্থাটি। শিশুরোগ বিশেষজ্ঞরাও আশঙ্কা করছেন যে, পুষ্টির ক্ষতি থেকে উদ্ভূত ঘাটতিগুলো শিশুদের জন্য খুব গুরুতর এবং এমনকি বিপর্যয়করও হতে পারে।

বেবি ফর্মুলা সঙ্কট শুধু একটি উৎপাদন সংস্থার কারখানা বন্ধ হওয়াই একমাত্র কারণ নয়। এরজন্য করোনভাইরাস মহামারি সময়ে উৎপাদকদের দ্বারা ফর্মুলা সরবরাহ ব্যবস্থার সংকটকেও দায়ী করা হচ্ছে। যুক্তরাষ্ট্রে বেবি ফর্মুলা উৎপাদনের ৯০ শতাংশ চারটি কর্পোরেশনের হাতে কেন্দ্রীভূত। অ্যাবট নিউট্রিশন, রেকিট বেনকিজার, নেসলে ইউএসএ এবং পেরিগো।

অ্যাবট নিউট্রিশন মার্কিন যুক্তরাষ্ট্রে শিশু ফর্মুলা উৎপাদনের শীর্ষ উৎপাদক। ফেব্রুয়ারিতে যখন মিশিগানের কারখানায় তৈরি শিশুর ফর্মুলা খাওয়ার পরে চারটি শিশু ব্যাকটেরিয়া সংক্রমণে হাসপাতালে ভর্তি হয়েছিল এবং তাদের মধ্যে দু'জন মারা গিয়েছিল, তখনই অ্যাবট নিউট্রিশনের উৎপাদনসহ কারখানা বন্ধ হয়ে যায়।

ডাটা অ্যানালাইসিস ফার্ম 'ডাটাসেম্বলি' অনুযায়ী, মে ৮ পর্যন্ত দেশব্যাপী খুচরা বিক্রেতাদের কাছে ৪৩ শতাংশ বেবি ফর্মুলার স্টক ছিল না। তবে ২০২১ সালের প্রথমার্ধে বেবি ফর্মুলা স্টক তুলনামূলকভাবে ঠিক ছিল। শিশু ফর্মুলা ঘাটতি পূরণে যে সব অভিভাবকের ক্ষমতা ও ভিন্ন উপায় আছে, তারা গুরুত্বপূর্ণ পুষ্টি ফর্মুলার সন্ধানে দীর্ঘ দূরত্বে গাড়ি চালাচ্ছেন এবং ফর্মুলা কিনতে অধিক মূল্যও পরিশোধ করছেন। অনেক অস্বচ্ছল পরিবার এ ধরনের বিকল্প ছাড়াই রয়ে যাচ্ছে। অনেক স্টেটে নিম্ন-আয়ের পরিবারগুলোতে যারা শিশুদের জন্য বিশেষ পরিপূরক পুষ্টি প্রোগ্রাম বা ডব্লিউয়াইসির মাধ্যমে সুবিধা গ্রহণ করে থাকেন, তাদের জন্য অ্যাবট হলো একমাত্র শিশু ফর্মুলা উৎপাদক। কাজেই এটি বন্ধ হওয়ায় সেই সব অভিভাবক শিশুদের ফর্মুলা দিতে হিমশিম খাচ্ছেন।

এ ব্যাপারে বাইডেন প্রশাসন প্রতিরক্ষা উৎপাদন আইন কার্যকর করেছে। এতে ফর্মুলা নির্মাতাদের উপাদানের জন্য অগ্রাধিকার দিতে এবং বিদেশি সরবরাহকারীদের কাছ থেকে দ্রুত ফর্মুলা আনতে সাহায্য করবে। এফডিএ এবং অ্যাবট নিউট্রিশন মিশিগানের স্টারগিসে তাদের কারখানায় পুনরায় কাজ শুরু করার জন্য একটি চুক্তিতে পৌঁছেছে। এফডিএ বলেছে যে, এটি শুরু করতে এক বা দুই সপ্তাহ সময় লাগতে পারে। তবে অ্যাবট নিউট্রিশন জানিয়েছে, একবার উৎপাদন পুনরায় শুরু হলে(যা পরবর্তী দুই সপ্তাহের মধ্যে ঘটতে পার)। নতুন ফর্মুলা স্টোরে আসতে এখনও প্রায় দুই মাস সময় লাগতে পারে।

বৃহস্পতিবার, ২৬ মে ২০২২

প্রথম আলো
Prothom Alo North America

# সুরমার আগ্রাসী রূপ

**জুঁই ইসলাম**



আমি দেখেছি নতুন করে চিরচেনা সুরমাকে। আমি জেনেছি তার নাব্যের অধিকার ফিরিয়ে দেয়ার হুমকি দিয়েছে আজ আমাদের সিলেটর নগরবাসীকে। এ তো নয় কোনো শান্তপ্রিয় পৌড়া সুরমা। এ যেন পুরো এখন যৌবনা। আজ চারিদিকে অথৈই পানি। মানুষ আজ পানিবন্দী। ঘর থেকে বের হওয়ার উপায় নেই। কোনোমতে ঘরের সব আসবাবপত্র গুছিয়ে পড়ে আছেন অনেকেই আজ ঘরের একটি কোণে আর যাদের যাওয়ার জায়গা আছে তারা নিরাপদে আশ্রয় নিচ্ছেন অন্যত্র গিয়ে। আজ সারাদিন মনটা বিষন্ন। জানালার পাশ দিয়ে বৃষ্টির খেলা দেখতে সত্যি অসাধারণ লাগে। কিন্তু আজ বৃষ্টিকে ভালো লাগছে না। কারণ আমার শহরের মানুষগুলো আজ ভালো নেই। আমি পানিবন্দী না হলেও আমার চারপাশের মানুষগুলো আজ অনেক কষ্টে। রাস্তায় চলাচল করা যাচ্ছে না, কোথাও হাঁটু পানি, আবার কোথাও কোমড়পানি। শহরের রাস্তাগুলোতে সিএনজি, কার, রিক্সা পানির কারণে চলাচল করতে পারছে না। মানুষগুলো হতাশায় পড়ে গেছেন। কি করে এত কম সময়ে এত পানি এলো।

কয়দিন থাকবে এ পানি। অনেকের ঘরে পানি কিন্তু যাওয়ার জায়গা নেই। তাই পানির মাঝেই দিন রাত কাটাতে হচ্ছে। বিদ্যুৎ নেই। মোমের আলোয় চলছে বন্যার্তদের জীবনযাত্রা। শহরে কোথাও কোথাও এমনও পানি, যে হাঁটাচলা মুশকিল। আজ সারা শহরে পানি আর পানি। উৎসুক মানুষগুলো পানির মধ্যে ছবি তুলছে, ভিডিও করছে, টিকটক বানাচ্ছে। একে অন্যকে জানিয়ে দিচ্ছে এলাকার বন্যার পরিস্থিতি খবর। কেউ ভারাক্রান্তভাবে নিজের ভোগান্তির কথা তুলে ধরছেন। কেউবা পানিকে কেন্দ্র করে মজার মজার দৃশ্য বা ভিডিও বানাচ্ছেন। কিছু মানুষ আছেন যারা সবকিছুতে সার্কাস খোঁজেন। বিনোদন নিতে যেমন পছন্দ করেন তেমনি দিতেও তারা কার্পণ্য করেন না। যেমন সিলেট শহরে রোজভিউয়ের সামনে যখন দুটো নৌকা আনা হলো বালাগঞ্জের ঘরপুর থেকে। তখন কিছু উৎসুক জনতার আনন্দের কমতি ছিল না দেখলাম শহরের রাস্তায় নৌকা ভ্রমণ কি যেন আনন্দ তাদের। তবে শহর এলাকায় যে নৌকা চলবে তা কি মানুষ আজ থেকে এক সপ্তাহ আগেও জানত?

জানত না এটি সত্যি তাই বলে মানুষের দুঃখ-কষ্টকে পুঁজি করে অনেকেই আনন্দও নেয়া বা দেয়ার চেষ্টা কোনো সভ্য মানুষেরই উচিত না। অনেকের গাড়ি আছে তারা বন্ধুবান্ধব বা পরিবারের সবাই মিলে পানি দেখতে যাচ্ছেন সেলফি তুলছেন, প্রকৃতির স্বাদ নিচ্ছেন। মানুষের দুঃখে-কষ্টে যে পাশে দাঁড়াবেন সেই মানবিকতা নেই। উল্টো ঘরে কি কি রান্না করছেন বা বাড়ির আশপাশে জলাবদ্ধতা যেখানে তৈরি হয়েছে, সেখানে বড়শি বা জাল ফেলে মাছ ধরছেন। সে মাছ মজা করে খাচ্ছেন। সেই ছবিগুলো সোশ্যাল মিডিয়ায় তুলে ধরছেন মানবিকতা যেন হারিয়ে যাচ্ছে। অথচ মানবতার কোনো কিছুই নেই। সহযোগিতার হাত বাড়ানো, সেদিকে নজর নেই কারও। কি এক আজব শহরে আমরা এখন আছি। বড় বড় বিল্ডিংয়ের শহরে আজ চলছে কলাগাছের ভেলা, বাদ যায়নি নৌকা। সারা সিলেটজুড়েই পানি আর পানি। কোথাও বেশি কোথাও কম। শহর এলাকার মধ্যে উপশহর রোজভিউ পয়েন্টে তালতলা পয়েন্টে কোমর অবধি পানি। যাতাযাতের জন্য মানুষের কষ্টের শেষ নেই। একে তো ভাড়া দিতে হচ্ছে চার গুণ। তারপরও রিকশা বা সিএনজি চালাতে চালকদেরও হচ্ছে অনেক কষ্ট, সময়ও লাগছে। অনেক জায়গায় তো পানি রিকশার ওপরে উঠে যাচ্ছে। রিকশা চালানো কঠিন। তাই বিকল্প চিন্তাধারা থেকে শহরে এখন নৌকা এসেছে। ইট-পাথরের এ শহরে মানুষগুলো জিম্মি পানির কাছে। আজ পাঁচদিন হলো ঘরের পানির মাঝে শহরের মানুষকে থাকতে হচ্ছে। পানির মধ্যে দিয়ে অনেকের ঘরে বিষাক্ত প্রাণীও ঢুকে পড়ছে যেমন, তেমনি অনেকের ঘরে ছোট-বড় মাছেরও দেখা পাওয়া যাচ্ছে। এ যেন অন্য রকম জীবন পার করছেন আমাদের নগরবাসী। চর্তুদিকে পানি থাকা সত্ত্বেও খাওয়ার পানির অভাব দেখা দিয়েছে। খাওয়ার পানি নেই ঘরে। কারণ বিদ্যুৎ বন্ধ অনেক এলাকার। তাই খাওয়ার পানি সংগ্রহ করতে পারছে না অনেকেই। পানির সাথে জায়গায় জায়গায় ময়লার স্তূপ থাকায় আশপাশের বন্যার পানিতে দুর্গন্ধ ছড়াচ্ছে। হঠাৎ করে পানির স্রোতের কারণে অনেকেই অনেকভাবে বিশ্লেষণ করছেন। এ বন্যার জন্য আমাদের সিলেটের মেয়রকে দোষারোপ করছেন। মেয়র টাকা মেরে খেয়েছেন। কিছুই কাজ করেননি তিনি। উন্নয়নের নামে সব টাকা নিজের পকেটে ভরেছেন। সারা বছর রাস্তার কাজ করেছেন। কিন্তু জলাবদ্ধতা দূর করতে কোনো উদ্যোগ নেননি মেয়র সাহেব— ইত্যাদি সমালোচনায় ভরপুর অনলাইন মিডিয়া বা রাজনৈতিক ব্যক্তিবর্গ। সিলেট শহরের এমন হাজারো সমালোচনার সম্মুখীন এখন হচ্ছেন তিনি। আবার অনেকেই বলছেন, এটি মেয়র সাহেবের দোষ না। এটি পাহাড়ি ঢলের বন্যা। সাধারণ বৃষ্টিপাতের বন্যা এটি না। জলাবদ্ধতা আর বন্যা এক না। আমাদের জানতে হবে অতিবৃষ্টির কারণে শহর এলাকার ড্রেনের যদি সঠিকভাবে কাজ না করতেন আমাদের সিটি মেয়র, তাহলে আজ পুরো সিলেটজুড়ে ঘরে ঘরে পানি থাকত। কিন্তু না সুরমার পানি সব এলাকায় আসেনি। শহরের সব এলাকায় বন্যা না। কেবলমাত্র সুরমার আশপাশের এলাকাগুলোতে আজ সুরমার আগ্রাসী রূপ ধারণ হয়েছে। বন্যা দেখা দিয়েছে। তাছাড়া গ্রামেগঞ্জে বন্যা। প্রতিদিন পানি বাড়ছে। বন্যার্তদের কষ্টও বাড়ছে। যতটুকু না বৃষ্টির পানিতে প্লাবিত সিলেট, তারচেয়ে বেশি পানি আসছে বাইরে থেকে পাহাড়ি ঢলে। বাইরে থেকে পানি এসে আজ আমাদের সিলেট বন্যা কবলিত। ঘরে ঘরে মানুষের আহাজারি। আল্লাহ তুমি আমাদের রক্ষা কর। বিদ্যুৎ না থাকায় মোবাইল ফোনে চার্জ নেই। অনেকেই আজ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে আছেন আপন জনদের কাছ থেকে। এমন ভয়াবহ বন্যা এ যাবতকালে হয়নি বা দেখেননি বলে জানান অনেকেই। ২০০৪ সালে নাকি এমন বন্যার কবলে পড়েছিল সিলেটবাসী। ঘরবাড়ি ছেড়ে অনেকেই অন্যত্র আশ্রয় নিয়েছিলেন।

অতিবৃষ্টি আর পাহাড়ি ঢলে শুধু যে শহরে বন্যা তা নয়; অধিকাংশ গ্রামও প্লাবিত। গ্রামের অসহায় মানুষগুলোর ঘর বাড়ি বন্যার পানিতে ভেসে যাচ্ছে। গ্রামের গবাদিপশুগুলো আজ বড়ই অসহায়। তাদেরকেও দেখা যাচ্ছে মালিকের সাথে করে নৌকা পার হতে। অনেকের বাড়িতেই হাস-মুরগি-গরু-ছাগল বন্যার পানির কবলে প্রাণ হারাচ্ছে। মানুষের সাথে আজ তাদের বসবাস। একইঘরে মানুষ আর পশু-প্রাণীগুলো থাকতে হচ্ছে। গ্রামের গরু-বাছুর-মানুষ বন্যাকবলিত হয়ে বাঁচার তাগিদে একসাথে বসবাস করছেন। এ যেন বেঁচে থাকার লড়াইয়ে মানুষ যুদ্ধ করছে। গ্রামের অসহায় মানুষদের যে কয়টা গবাদিপশু আছে, তাদের ঘিরে ধরে আছেন অনেক কৃষক আজ। গ্রামের বৈশাখী ধানগুলো ভেসে গেছে। সোনালি ধানের আশায় যারা জমিনে ফসল ফলিয়েছেন তাদের চোখে, মুখে আজ অসহায়য়ের ছাপ।

আমাদের সিলেটকে বাঁচাতে হবে। আর একমাত্র মহান আল্লাহই পারেন পাহাড়ি ঢলের নেমে আসা পানির হাত থেকে, ভয়াবহ বন্যা থেকে আমাদের হেফাজত করতে। তবে মনে রাখতে হবে, বন্যা চলে গেলেও আমরা যেন সুরমার নাব্য ফিরিয়ে আনার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করি। না হয় বার বার সুরমার আগ্রাসী রূপ আমাদের সিলেটবাসীকে দেখতে হবে।

# চাকরিজীবনে আর্থিক টানা পোড়েন

**ফজলুর রহমান চৌধুরী**

বাংলাদেশ ব্যাংক সিলেট অফিসে যোগদান করে এনাম, আবিদদের সহযোগিতায় একটি বাসা ভাড়া নিলাম। নবাব রোড, বাঘবাড়ি, সিলেট। উদ্দেশ্যে হলো ছোট ভাইবোনদের নিজের কাছে এনে লেখাপড়া করাব। ওদের ভালো লেখাপড়া হচ্ছে না গ্রামের বাড়িতে। এনিয়ে খুবই দুশ্চিন্তা ছিল। তাছাড়া ওদের সান্নিধ্য আমাকে আনন্দ দিত, ভালো লাগত। দেরি না করে সপ্তাহান্তে বাড়িতে গিয়ে তাহমিনা, রুনা, মুস্তাককে সিলেট নিয়ে এলাম। আম্মা খুশি হয়ে সাথে টাকা-পয়সা ও দুটি চালের বস্তা দিয়ে দিলেন। মাহমুদ হবিগঞ্জ মাদ্রাসায় পড়ত। সেও হবিগঞ্জ ছেড়ে প্রথমে সিলেট কাজিরবাজার মাদ্রাসায় পরে সবার সাথে পিডিবি হাইস্কুলে ভর্তি হয়ে গেল। এ পিডিবি স্কুলের প্রাইমারি শাখার প্রধান শিক্ষক হলেন আমাদের এনাম-শাহ মো. সামছুল ইসলাম। শুরু হয়ে গেল টানাপোড়নের সংসার। যখন শুধু ছাত্র ছিলাম, কোনো চাকরি করতাম না, তখন মনে করতাম একটা চাকরি করে দু হাজার টাকা রোজগার করলে বেশ ভালো হবে। অনেক স্বচ্ছলতা আসবে। নিজের পড়াশোনা, থাকা-খাওয়ার খরচ চালাতে বাড়ি থেকে আনতে হবে না। বরং কিছু দিতে পারব। তখন চাকরি করে দেখেছি কোনো স্বচ্ছলতা আসেনি। তবে মা-বাবাকে কিছুটা রেহাই দিয়েছি। খুব হিসেব করে চলেছি, নিজের জন্য কাপড়-চোপড়ও ঠিকমতো কিনতে পারিনি। প্রথমদিকে বেতনের টাকা দিয়ে অনেক কর্তব্য আদায় করতে হয়। ছোট ভাইবোন, আত্মীয়-বন্ধু, পড়শিদের কিছুটা সৌজন্যতা, আবদার মেটাতে হয়। তাই টানাটানি লেগেই থাকে।

সিলেটে বাসা ভাড়া করে ছোটদের দায়িত্ব নিয়ে যখন নতুন জীবন শুরু করলাম, তখন সেই পয়সাকড়ির অভাবে পড়ে গেলাম। বাসা ভাড়া দিয়ে হাতে খুব সামান্য থাকে। আম্মা টাকা পাঠাতেন। চাচা সাহেব বাড়ি থেকে টাকা, চাল, সবজি নিয়ে আসতেন। খাওয়া খরচ, যাতায়াত, মেহমানদারি, এটা-সেটা করতে রীতিমতো হিমশিম খাচ্ছি। আমাদের বাসা এমএজি ওসমানী মেডিকেলের আশপাশে ছিল। আত্মীয়-স্বজন, প্রতিবেশী, পরিচিতদের প্রায়ই সাধ্যমতো সেবা, সহযোগিতা করতে হতো। পড়াপাগল মামাত ভাই জুমন (সৈয়দ মুত্তাদির আলী জুমন), হেডমাস্টার মামার ছোট ছেলে চুনারঘাট থেকে এসএসসি প্রথম বিভাগে পাস করেছে। সে আমার গলায় জড়িয়ে বলল,"মনুভাই আমি তুমার কাছে থেকে সিলেট এমসি কলেজে পড়তে চাই। আব্বারে তুমি একটু অনুরোধ করলে রাজি হইবা।" আমি মামাকে প্রস্তাব দিতেই খুশি হয়ে রাজি হলেন। সময়-সুযোগে বাসার ছাত্রদের পড়াতে হতো। জুমনকে আইএসসির কোনো কঠিন সমস্যা সমাধান করে দিলে খুশিতে গদগদ হয়ে যেত। মামার বাড়ি থেকেও আমার এ সংসারে সাহায্য আসত। অফিসে কর্মকর্তাদের কোনো ওভারটাইম ছিল না। তবে কোনো কোনো বিভাগ/সেকশনে সুপারভাইজিং কর্মকর্তাদের 'বিলম্বে অবস্থান' ছিল। অনেকের এসব বিভাগে

বিবাহিত সংসারজীবন অনেক ত্যাগ-বিসর্জনের বিষয়। আনন্দ- ফূর্তি আপনা আসে না। আমাকে একদিন বললেন," ও চৌধুরী, নতুন চাকরি, বেতন আর কত পাওয়া যায়! সবরে লইয়া বাসা কইরা থাকো, দরকারে কইয়েন।" দু'একবার এ সুযোগ গ্রহণ করে লেনাদেনা করেছিও।

পোস্টিং চাহিদা থাকত, প্রতিযোগিতা থাকত। আমার প্রয়োজন থাকা সত্ত্বেও পোস্টিং নিয়ে কোনো বলাবলি করতাম না। মাঝে মধ্যে এমনিতেই পেয়েও যেতাম। অফিসের কাজ, ক্লাব-সংগঠন, খেলাধূলা, সুযোগে আত্মীয়-বন্ধুদের কাছে বেড়ানো, সামাজিক আচার-অনুষ্ঠানাদিতে অংশগ্রহণ করা ইত্যাদি ভালো লাগত। ছোট ভাই প্রধান শিক্ষক মৌলানা শাহ সামছুল ইসলাম এনামের হাতে অনেক টিউশনি। সে ছাত্র-ছাত্রী পড়িয়ে শেষ করতে পারে না। আমাকে একটা পড়ানোর জন্য অনুরোধ করায় রাজি হয়ে গেলাম।

অফিসে ২-৪ জন সিনিয়র সহকর্মী ছিলেন যারা মানুষকে বিপদে পড়লে কর্জ হাসানা দিতেন। আব্দুর রহিম স্যার এদিকে অন্যতম ছিলেন। খুবই পরহেজগার মানুষ। তিনি কোনো একটি সেকশনের ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করতেন। কাজের একটু ফাঁক পেলেই কোরআনে পাক পড়তেন, তাজবীহ পড়তেন। স্বচ্ছল পরিবারের মানুষ। পারিবারিক ব্যবসা ছিল। ব্যক্তিগত সংসারজীবনে বড় একটা দুঃখবোধ ছিল। পারিবারিক একটা ভুল বোঝাবুঝি কেড়ে নিয়েছিল সুখ-আনন্দ। সারাজীবন বয়ে বেড়িয়েছেন সে প্রেম-ভালোবাসার স্মৃতি। রাগ আর অভিমান কখনও ভাঙেননি। অনেকে এ নির্মম আঘাত বা অজানা মনের বিশ্বাস আর ইচ্ছের বাইরে ঘটে যাওয়া অনাকাঙ্খিত বিষয়কে ভুলতে পারে না। রহিম স্যারও তেমনি একজন। কাটিয়ে দেন নিঃসঙ্গ জীবন অফিসের কাজের একাগ্রতা আর সিলেটে বাসার স্বজনদের নিয়ে। একটি শিশুপুত্রের জন্মও দুই পরিবারের রাগকে প্রশমিত করতে পারেনি। হাসপাতাল থেকেই শিশুছেলের মাকে তার মামার বাড়ির মানুষ নিয়ে যায় সম্পর্ক বিচ্ছিন্ন করে। তিনি একটু-আধটু আমাকে একান্তই বলেছেন। বিবাহিত সংসারজীবন অনেক ত্যাগ-বিসর্জনের বিষয়। আনন্দ- ফূর্তি আপনা আসে না। আমাকে একদিন বললেন," ও চৌধুরী, নতুন চাকরি, বেতন আর কত পাওয়া যায়! সবরে লইয়া বাসা কইরা থাকো, দরকারে কইয়েন।" দু'একবার এ সুযোগ গ্রহণ করে লেনাদেনা করেছিও।

ব্যাচমেট বন্ধু সহকর্মী আমিনুর রহমান রংপুরের ছেলে। সে বিজ্ঞান বিভাগে মাষ্টার্স। নিজস্ব কোচিং সেন্টারের মতো ছিল। মাসে অনেক পয়সা রোজগার করত। বিআইবিএমএ প্রশিক্ষণে বলত, 'এত কম বেতনে কিভাবে চলব রে ভাই!" সিলেট অফিসে তার পোস্টিং হয়। টিএ অ্যাডভান্স নিয়ে যথাসময়ে যোগদান না করে রংপুর চলে যায়। কিন্তু অফিসের চিঠি পেয়ে ২/৩ মাস পরে আবেদন করে আবার সিলেট অফিসে আসতে হয়। খুবই মেধাবী কর্মকর্তা। সিলেট অফিসে আমাদের সাথে সিলেটি বলতে চেষ্টা করে। কিন্তু পারে না। কিছুদিন যেতেই আমাকে অনুরোধ জানায়, "চৌধরী তোদের এখানে এসেছি একটু সাহায্য কর রে ভাই। অফিসের মেসের খাওয়া ভালো লাগে না। তোর বাসায় নিয়ে যা একসাথে থাকি। সবাই ব্যাচেলর অসুবিধা কি! আমিও তোকে কিছু সাহায্য করব। ভালো করে খাওয়াইছ।" কি আর ভালো খাওয়াব! সামর্থ্য তো অল্প। সিলেট বন্দর, লালবাজারে মাছের যে দাম, প্রায়ই পাঁচমিশালী ছোট মাছ কিনতে পারতাম। বড় মাছের দিকে খুব একটা তাকাতাম না, দামও জিজ্ঞেস করতাম না পাছে ফিরতি দাম বলে মাছওয়ালা লজ্জা দেয়। গ্রামের বাড়ি থেকে মাঝে মধ্যে জিয়ল মাছও (কই, মাগুর, শিং, শৈল) আসত। মুরগি, সবজি আসত। তবে আর্থিক টানাপোড়েন শেষ হয়নি কখনও।

আশায় আছি পে-স্কেল হবে, প্রমোশন হবে, বেতন বাড়বে, স্বচ্ছলতা আসবে। আর কত দেরি, বিয়ে-শাদী তো করতে হবে! এদিকে সামরিক সরকারের বিরুদ্ধ '৯০-এর গণভ্যুত্থান তুঙ্গে। সরকারের পতন হলো। নতুন সরকার আসল। বাংলাদেশ ব্যাংক ক্লাব, সিলেটের নির্বাচন হলো। সবাই আমাকে সর্বোচ্চ ভোট দিয়ে ভাইস প্রেসিডেন্ট নির্রাচিত করলেন।



# ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

## জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
## বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



**স্থান পরিবর্তন**

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

# জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

## GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
**Bismillah Pharmacy**
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

## আস্-সালাম ফার্মের্সি



(সাটফিন ব্লুবাড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
## SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR

## সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন App এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই-ফোন অথবা এনড্রয়েড ফোনে App টি ডাউনলোড করতে হবে।

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান।
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ সরকার প্রেরিত ২.৫% প্রণোদনা পাবার সুযোগ।
- ✓ বিকাশের মাধ্যমে টাকা পাঠানোর সুযোগ।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।

লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন




## বৃষ্টি

### আহমদ সায়েম

পাতা-ঝরার শব্দ ভালো লাগে, শব্দে-শব্দে মাঠ-ঘাট ছেয়ে যায়;
প্রকৃতির শব্দে কোনো ভাষা হয় না, একই শব্দে
তাদের চেনা যায় দেখা যায়
কিন্তু শব্দগুলোরে মনে হয় অপরিচিত,
ভাষা বুঝব না
তাদের ছায়ায় দাঁড়ালে বুঝতে পারি আমার চিন্তাটাই ভুল
অনেকগুলো রঙে যেমন পাখির জন্ম হয়,
মানুষগুলোও তাই
কেউ সাদা কেউ অন্ধকারে শুধু দাঁতটাই দেখা যায়
অনেকটা বৃষ্টির মতো, কেউ মেঘরে বলে বৃষ্টি,
আর কেউ বৃষ্টি দিলে বলে ভালো লাগছে...
ইঙ্গিতগুলো ভিন্ন-ভিন্ন হলেও, বৃষ্টি সবার
পা ভিজিয়ে যায়।

## উদাসীন

### পারমিতা ভৌমিক

আলো বাতাসের আসা যাওয়া যেমন সহজ
প্রিয়জনের আসা কিংবা যাওয়া তেমনি সহজ তার কাছে।
সে হৃদয়ে সুখ-দুঃখের তরঙ্গ নেই, ওঠেও না
আছে শুধু সত্তার মহার্ঘ রিক্ততা।

বললাম, একেবারে ভুলে যাবে?
জানিয়েছিল, এই তো জীবন ধর্ম...
মুখের দিকে তাকিয়ে দেখি, একটা অপার রিক্ততা
শেষ রাতের জোছনার মতো পেলব হয়ে
জড়িয়েছে তার সর্বাঙ্গ!

সে আলো তারই সত্তার গভীরের।
বললাম, তুমি কি রয়েছ জীবন মরণের সীমানা ছাড়ায়ে?
বলেছিল, হয়তো!
বলেছিল, কমলগর্ভ বৈরাগ্যের মানুষী তুমি, সেই তো তোমার গৌরব..
বললাম, তোমার কল্পতনু স্পর্শে যদি বিরহ জাগে?
যদি হৃদয় গলে যায় অতনু সমর্পণে?

সে জানিয়েছিল, ঔদাসীন্য শিবের অলংকার। প্রিয় সমর্পণে তা শুধু চিরমরণের সাক্ষী হয়ে থাকে!
বোধ কেঁপে উঠল! জানলাম, সে মরণ অনন্তের চোখেমুখে রেখে যাবে মহামিলনের ছাপ।

## কাকন রেজা'র দুটি কবিতা

১.

### প্রতিরোধ

জিন্দেগি ভর জেগে থাকে সে, সম্পন্ন হতে যে বাকি
হাত বাড়াও, বুকের গভীরে দেখো মন্ত্র লুকিয়ে রাখি।

জানি, আপাত কোনো সমাধান নেই, নেই সম্পূর্ণ দিন
জানি প্রদীপ নেই, নেই দৈত্য এবং কোনো আলাদিন।

তবু দীর্ঘশ্বাসের ভেতর শ্বাসটা বাঁচিয়ে রেখো এবং থেকো
জানো পেছনে তাড়ায় মৃত্যু ঘুরে দাঁড়ানোটা ঠিক শেখো।

২.

### ঝড় বিষয়ক

ভুলভাল বকে গেলে শব্দকে ঝড় মনে হয়...
বৃক্ষ হলো আশ্রয়, নিরাশ্রয় হবার জাগে ভয়।

শব্দ ঝড় হয়ে এলে, বিপদ সংকেত নামে চোখে...
ভিজে তো আছিই সাথে পড়েছি ভাসানের দুর্ভোগে।

ভেঙেছে পাশের বাড়ি, নেই বলে আপাতত নিরাপদ...
তুমি ঝড়ের কথা বলো, আমি দেখি সঙ্গত বাড়ির বিপদ।

## হবিষ্যান্ত

### নিলয় গোস্বামী

মানুষের স্মৃতিকাতরতা মৃত্যু যন্ত্রণাকে কবেই হারিয়েছে। পাশকাটিয়ে স্থির হয় বুকের আঁতুড় ঘরে।

হারানো প্রিয়জন দূর থেকে মিটিমিটি তারা হয়ে হিসেব কষে,কতটুকু দূরে গ্যালে জ্যোতিষ্ক হওয়া যায়।
কতটুকু দূরে গেলে,
ইচ্ছের জোয়ারে বিপ্রতীপ ধাক্কা দেয় আক্ষেপের বাহু। বেঁচে থাকা আত্মারা বড় মধ্যবাদী হয় কখনো যাপনসংশয় আবার কখনও বিষাদবিহারে
নিমজ্জিত হয়।

স্ট্রেসলেস বৈপরীত্য নিয়ে থাকে; তাকে আর ফেলে যাওয়া আপনকে নিয়ে
মৃত্যুচিন্তা করতে হয় না
কষ্ট পেতে হয়না নিজের খুব প্রিয় কিছু হারানোর বিষাদে। বিজ্ঞ প্রকৃতি তোমার বিচার করবে কে?

মানুষ তো খুইয়ে ফেলে,তুমি তো তা ও পারোনা ;ক্ষয়ে যাও সময়ের পরে সময় ধরে।



# জলের দেশের মেয়ে

### জাকিয়া শিমু

ভেনেজুয়েলার শান্ত শ্যামল ছোট্ট গ্রাম- কঙ্গো মিরাডর। গ্রামের একপাশে বয়ে চলেছে স্বচ্ছপানির হ্রদ। তিনধারে বিস্তর সবুজ প্রান্তর। গ্রামের মানুষগুলোর জীবনধারণ সহজ সরল,বয়ে চলা শান্তজলের হ্রদের মতো। সেই ছবির মতো গ্রামে আমার জন্ম। বাবা আদর করে নাম রাখলেন- ক্যারোলিনা। আমার শৈশবের বেড়ে উঠাও সেই ছবির মতো গ্রাম কঙ্গো মিরাডরে। আমার বয়স তখন পাঁচ কিংবা ছয় হবে। হঠাত্‌ই রূপ পরিবর্তন হয়ে যায় জলের মতো স্নিগ্ধ সুন্দর ভ্যানিসখ্যাত আমার গ্রামটির। ধীর গতিতে সবুজ সোনার গ্রামটি আমার তলিয়ে যেতে শুরু করে কাদামাটির গহীন গহ্বরে !

একটা সময়ে কাতাতুম্বা নদীর স্রোতের সাথে বয়ে আসা কাদামাটিতে ঢাকা পড়ে যায় গ্রামের প্রায় পুরো অংশ। ধীরে ধীরে একান্নবর্তী পরিবারের মতো বিশাল একবৃক্ষ হয়ে বাস করা একেকটি পরিবার, বৃক্ষের শাখা ছিন্ন করে গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য হয়। মাত্র গোটাদশেক পরিবার মাটি কামড়ে পড়ে থাকে চোখেমুখে একপাহাড় আতঙ্ক নিয়ে। তারপরও বুক জুড়ে আশার স্বপ্নরা লুকিয়ে থাকে, এক সময় আবার ফিরে পাবে সবুজ গ্রাম, গ্রামের প্রাণচাঞ্চল্য স্বচ্ছ হ্রদের জলধারা, সবুজ সমুদ্রে বসত গড়বে নতুন প্রজন্মরা। কিন্তু ধীরে ধীরে সে স্বপ্ন ক্ষয়ে যায়। স্রোতের ধারার তীব্রতা বাড়ে শতগুণে।

আমার জীবনের সবচাইতে কষ্টের দিন- ২০১৬ সালের ২১ জুন। আমরা আমাদের নাড়ির বাঁধন ছিন্ন করে চলে আসি পুয়েত্রো কোঞ্চায়, নানার বাড়ি। আমার ৬২ বছর বয়সী দাদু কোনোভাবেই বাস্তুভিটা ছেড়ে আসতে রাজি নন। তার সাতপুরুষের পদচিহ্ন পড়ে আছে এই গ্রামে। তিনি মাটি কামড়ে পড়ে থাকেন সে গ্রামে। নানাবাড়ির দিনগুলো আমার কাঁছে অসহনীয় হয়ে ওঠে। নতুন স্কুল, নতুন পরিবেশে আমি হাঁপিয়ে ওঠি। বাবা তার কিছুদিন পর পাড়ি জমান উত্তর আমেরিকা। দাদুর সাথে আমার আর দেখা হয় না।

বাবা চলে আসার বছরদুয়েক পর মা, আমি আর আমার ছোট ভাই অবৈধ পথ ধরে উত্তর আমেরিকায় চলে আসি। ভেনেজুয়েলা থেকে আমরা মৃত্যুপথে বিশাল চড়াই-উৎরাই পেরিয়ে অবশেষে টেক্সাসে, বাবার কাছে ফিরি। বাবাকে আবার খুব কাছের করে, একান্ত করে পাবো- এমন কতশত ভাবনা আর অনুরণে বুঁদ হয়ে ছিল আমার মানসজগৎ। কিন্তু সব স্বপ্নতো সুখের হয় না, দুঃস্বপ্নও হয়, তা মেনে নেয়ার বয়সে তখন অবধি পৌঁছাতে পারিনি। একটা মানুষ যখন ঘর থেকে



বেরিয়ে যায়, সে ভিন্ন মানুষ হয়ে ফিরে আসে। আগের সে মানুষটা হারিয়ে যায়। বাবার কাছে ফিরে এসে এ-কথার সত্যতা মিললো শতভাগ!

অধিক বিশ্বাস, আত্মবিশ্বাসকে হত্যা করে। মায়ের ছিলো বাবার প্রতি অগাধ বিশ্বাস। কঙ্গো মিরাডরের দু'কামরার সেই সংসারটা উত্তর আমেরিকায় সাজিয়ে নিয়ে বাবা আমাদের জন্যে অপেক্ষায় বসে আছেন-মা এমনটাই ভেবেছিলেন । মা বিশ্বাস করতে পারেননি - সাপের পুরানো খোলসের মতো যে জীবনটা বাবা ফেলে এসেছেন কঙ্গো মিরাডরের কাদামাটির স্তূপে, সে জীবন সেখানেই সমাধিস্থ হয়েছে। শুধু মা নয়, আমাদেরও সেই একই বিশ্বাস এবং স্বপ্ন ছিল।

বাবার ঘরে যখন পৌছি, তখন বাবার আরেক সংসারের মানুষগুলো ঘরে ছিল না, কিন্তু তাদের ব্যবহার্য জিনিসপত্র আমাদের জানিয়ে দেয়- আমরা নিজেরা এখানে স্থায়ী নই, ভাসমান। আমাদের শতকোটি সুখ ভাবনারা মুহূর্তে ভেঙ্গে খানখান হয়ে যায়। জলমগ্ন মানুষ যেমন ডুবে যাওয়ার সময় হাতের কাছে খড়কুটো পেলে আঁকড়ে ধরে বাঁচতে চায়, আমরা ঠিক তেমনভাবে আশ্রয় পেতে বাবার দিকে অসহায় দৃষ্টি নিয়ে তাকিয়ে থাকলাম।

বাবা খুব স্বাভাবিক ভাবভঙ্গি নিয়ে ঘুরে বেড়াচ্ছিলেন, যেন এমনটাই হওয়ার কথা ছিলো। আমাদের মনের আকাশে তোলপাড় করা ভাবাবেগ তৈরি হলেও, বাবাকে কোনো বিষয় নিয়ে প্রশ্ন করলাম না। নতুন দেশ, অজানার পথঘাট। ভাষা বুঝি না। আমাদের ফিরে যাওয়ার পথ খোলা থাকে না। দেশে আমাদের ঠিকানা নেই, আমাদের বসতঘর দখল করেছে দূর দেশের কাদামাটির দল।

বাবা খুব ভোরে কাজে চলে যান। আমি সারাদিন ছোটো ভাইকে নিয়ে বাড়ির আশেপাশে ঘুরেফিরে সময় কাটাই। মা, জানালার পাঁশে বসে আকাশের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে থাকেন। মায়ের হরিণীর মতো চঞ্চল চোখজোড়ায় রাজ্যের ঘনকালো মেঘের ছাইবর্ণ ভর করেছে। বড়ো বিষণ্ণ অচেনা লাগে মায়ের মুখ। বাবা খুব কম সময়ের জন্যে রাতে বাড়ি ফিরেন। আমাদের অবশ্য থাকা খাওয়ার অব্যবস্থায় রাখেন না।

সময়ের ঝড়কে ঠেকাবার আশ্চর্য কৌশল সৃষ্টিকর্তা মানুষের হাতে দেননি। ঝড়ের তাণ্ডবে বাবা পুরোটাই বদলে গেছেন। কেউ বদলে গেলে তাকে আগলে রাখা যায় না, সে চেষ্টা করার ফল বৃথা। একটা সময় পর আমি ভাগ হয়ে গেলাম। মা, আমাকে একলা করে আমার একমাত্র খেলার সাথী ছোট ভাইটিকে নিয়ে নিউইয়র্ক চলে গেলেন। মায়ের দেশ- পুয়েত্রো কোঞ্চার এক প্রতিবেশী অনেককাল আগে এদেশে মাথা গুঁজেছেন, তার সামান্য ভরসায় মা একদিন আমাকে রেখে চলে যেতে বাধ্য হলেন।

বাবার সংসারে আমার সৎ মা এবং তার দুই সন্তান যুক্ত হলো। স্থানীয় স্কুলে বাবা আমাকে ভর্তি করিয়ে দিলেন। স্বপ্নহীন একটা জীবনকে আমি টেনেটুনে বইয়ে নিতে শুরু করলাম। বাবা খুব ব্যস্ত থাকেন, রাতে বাড়ি ফিরলে স্কুল বিষয়ে দু'চারটে আলাপ হয়। মায়ের সাথে আমার মাসে দু'একবার বাবার ফোনে কথা হয়। বাসার বাদবাকিরা খুব দরকার না হলে আমার সাথে কথা বলে না। স্কুলেও একই অবস্থা। আমাকে নিয়ে আড়ালে আবডালে কৌতুক চলে। আমি অপমানে ব্যথিত হই, ছটফট করি।

অবহেলা আর অবজ্ঞায় আমার মধ্যে নির্ভীকতার সৃষ্টি হয়। ক্রমশ আমার মধ্যে নিস্পৃহ নিরাসক্তির একটা আবরণ গড়ে ওঠে। স্কুলের কাউন্সিলর, মিস পার্কলারের এর সাথে আমার বেশ কয়েকবার বসতে হয়। মিস পার্কলারকে অবশ্য আমি খুব পছন্দ করি। স্বল্পভাষী, যে কারো চোখের দিকে সরাসরি তাকিয়ে ভেতররের সমস্তটা পড়ে ফেলার আশ্চর্যরকম শক্তি তার মধ্যে রয়েছে।খুব চমৎকার করে হাসেন। আত্মপ্রসাদপূর্ণ হাসি। যখন হাসেন শুধু মুখ নয়,সর্বাঙ্গ দোলে ওঠে। আমার মাও এভাবে হাসেন। আমি মুগ্ধ হয়ে পার্কলারের দিকে তাকিয়ে থাকি। সে হাসি আমাকে প্রশ্রয় দেয়। পার্কলারের আন্তরিকতার প্রাবল্যে আমাদের মধ্যে ছাত্র - শিক্ষক সম্পর্কটা ধীরে ধীরে বন্ধুত্বপূর্ণ সম্পর্কে দাঁড়িয়ে যায়। জীবনের বাস্তব টুকরো টুকরো নির্মম সত্যকে স্বাভাবিকভাবে মেনে নেয়ার কৌশল রপ্ত করতে আমাকে সে বিশেষভাবে সাহায্য করে।

পার্কলারের মাধ্যমে আমার মায়ের সাথে আমার নিয়মিত যোগাযোগ হয়। মা, নিউইয়র্কের একটা হোটেলে হাউজকিপিং করেন। কঠিন কষ্টের কাজ। মা জীবন নিয়ে যুদ্ধ করছেন। আমি মায়ের সানিধ্য পেতে ছোট ভাইটাকে আদর করতে তীব্রভাবে অপেক্ষা করি। বাবাকে রেখে মায়ের কাছে চলে যাওয়া কিংবা মায়ের ভালোবাসার আঁচল উপেক্ষা করা,- যে কোন একটাকে বেছে নেয়া আমার জন্যে বড়ো কঠিন হয়ে পড়ে। আমি সুতোর টানাবিহীন ঘুড়ির মতো দিকশূন্য হয়ে ঘুরে বেড়াই।

বেশ কবছর পর, আমার কষ্টগুলোর পরিধি বেড়ে হয়- বহুগুন। আমার মনের রুদ্ধদ্বারের বেলাভূমিতে সমুদ্রতরঙ্গের মতো অবিরত আছড়ে পড়ে বিশুদ্ধ একাকিত্ব!

মা নতুন করে ঘর বাঁধেন। তাও বেশ ক'বছর হয়। বাবার মতো মায়ের পৃথিবীতেও হরেক রকম রঙের খেলা। মায়ের বর্তমান স্বামীর তিন সন্তান, আমার ভাই এবং মায়ের নতুন সন্তান নিয়ে তাদের সংসার। বাবার সে সংসার এখন অবশ্য আগের মতো নেই। আমার সৎ মা, বছর সাতেক পর সুখের খোঁজে অন্যত্র চলে গেছেন। অবশ্য বাবার সাথে বাবার দুই সন্তান রয়ে গেছে। বাবার এক নতুন বান্ধবীকে প্রায়ই বাড়িতে আনতে দেখা যায়। অচিরেই হয়তো বাবা আবার আরেক সংসারে ঢুকে যাবেন।

আর আমি! একা একলা সংসার পেতেছি। সে সংসারে আমি মাঝে মাঝে ভরা পূর্ণিমার সাদা জোছনার ফুল হয়ে সুখের সমুদ্রে ভেসে বেড়াই, কখনও বা সুতীব্র দহণে অন্তঃপুরে পুড়ে যাওয়া বাল্যকালের অপূর্ণ ইচ্ছের কান্নাগুলোর সাথে রাত্রি জাগি। তারপরও সময় বয়ে যায়, সময় তো বয়েই যায়।

# নতুনের কেতন ওড়ালেন নজরুল

**আবদুস শহীদ**



কবি কাজি নজরুল ইসলামকে তাঁর শেষ বয়সে হলেও আমরা বাংলা দেশের মাটিতে তাঁর সান্নিধ্য পেয়েছি। কবি নজরুল ইসলামের ভ্রাতুস্পুত্র প্রয়াত কাজি মোজাহার হোসেন তখন চরুলিয়ার নজরুল একাডেমীর পরিচালক থাকার সুবাদে এবং বঙ্গবন্ধুর একান্ত প্রচেষ্টায় কবি নজরুলকে ঢাকায় আনা সম্ভব হয়েছিল। কবি কাজি নজরুল ইসলাম এক আত্মসচেতন বিরল প্রতিভার নাম।যতোটা একজন সৃজনশীল শিল্পীর জন্য প্রয়োজন।পাঠক মাত্রই স্বীকার করবেন নজরুল ইসলাম ছিলেন সদাজাগ্রত একজন শিল্পী। কারো কারো মতে একজন প্রকৃত শিল্পী তার শিল্পকর্ম সম্পর্কে প্রারম্ভে কিছুই জানতেন না, কিন্তু যখন তিনি আঁকতেন শিল্প আপনাআপনি হয়ে যেত।তেমনি নজরুল ইসলাম ও জানতেননা যে তিনি এক নতুন যুগের সৃষ্টিকে এগিয়ে আনছেন।যিনি তার প্রথম বইয়ের প্রথম কবিতায় লিখেছেন, ;তোরা সব জয়ধ্বনি কর/ তোরা সব জয়ধ্বনি কর।/

ঐ নতুনের কেতন ওড়ে কাল বোশেখির ঝড়।; আমার কৈফিয়ৎ; নামে নজরুলের প্রথম কবিতা ছাপার অক্ষরে প্রকাশিত হয় ১৯১৯ সালে।তার আগে তিনি তীক্ষ্ণ হীরক খন্ডের মতো 'বিদ্রোহী' কবিতা লিখেছেন।' খেয়াপারের তরণী; র মতো ইসলামসম্পৃক্ত কবিতা লিখেছেন,প্রেমের কবিতা লিখেছেন, সর্বনাশের ঘন্টার মত ক্রুদ্ধ কবিতা লিখেছেন,এতেই বুঝা যায় নজরুল বহুভাবে বিপরীত দিকে ধাবিত হয়েছেন। নজরুলের অনেক কবিতা যেমন; বিদ্রোহী;দারিদ্র্যে; আমার কৈফিয়ৎ; অনেক গতিশীল কবিতা। প্রথমেই কবি নিজেকে 'বর্তমানের কবি, বলে আখ্যায়িত করেছেন।

প্রার্থনা করো যারা কেড়ে খায় তেত্রিশকুটি মুখের গ্রাস/ যেন লেখা হয় আমার রক্তে তাদের সর্বনাশ; কবিতার স্তবকে বর্তমানের কবি কথাটার বিশদ বিবরণ লক্ষনীয়।তিনি চির প্রেমের কবি।তিনি যৌবনের দূত।তিনি প্রেম নিয়েছিলেন।তিনি প্রেম দিয়েছিলেন।আসলে তিনি বিদ্রোহী কবি।আবার তিনি মানুষকে অনায়াসেই বলতে পারেন,আমার আপনার চেয়ে আপন যেজন খুঁজি তারে আমি আপনায়।বাংলা কবিতায় নজরুলের আবির্ভাব একেবারে উল্কার মত। হঠাৎ তিনি একদিন বাংলা সাহিত্যে আবির্ভুত হয়ে সমস্ত আকাশকে রাঙ্গিয়ে দিলেন,তা নিয়ে এখনও গবেষণা হতে পারে।

বাংলা সাহিত্যে তিনি বিদ্রোহী কবি হিসেবে পরিচিত হলেও তিনি ছিলেন একাধারে সঙ্গীতজ্ঞ,উপন্যাসিক গল্পকার, নাট্যকার, প্রাবন্ধিক, সাংবাদিক, চলচিত্রকার, গায়ক ও অভিনেতা। এক কথায় বাংলা সাহিত্যের প্রতিটি স্তরে তাঁর ছিল সমান বিচরণ।

অন্যায়,অবিচার,অসাম্য,শোষণ ও নিপীড়নের বিরোদ্ধে চির বিদ্রোহী কবি নজরুলের সমগ্র সাহিত্যে ধ্বনিত প্রতিধ্বনিত হয়ে উঠেছে। এর মধ্যদিয়ে প্রবাহিত হয়েছেন মানবপ্রেমিক নজরুল। মানুষের অফুরন্ত ভালবাসা, মানুষের বেদনা,যাতনা,পীড়নের বিরোদ্ধে প্রতিবাদ। এক কথায় মানবপ্রেম। নজরুলের ছোটগল্পে এক নতুন ভাবধারা সৃষ্টি হয়েছে। তাঁর 'বাউন্ডেলের আত্মকাহিনী' গল্পে যেভাবে নীচুতলার জীবনের কথা উঠে এসেছে তেমন রূপায়ন বাংলাসাহিত্য ছোটগল্পে ছিলনা নজরুলের শ্রেষ্ঠ উপন্যাস মৃত্যু-ক্ষুধা; বস্তিবাসীর প্রকৃত ছবি এর আগে অন্য কোন উপন্যাসে পাওয়া যায়নি।নজরুলের উপন্যাসে যে মানবপ্রেমী দৃষ্টিকোণ যুক্ত হয়েছে তা তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতারই ফসল।অসাম্প্রদায়িকতা,হিন্দু মুসলমানের মিলন, সমাজের নিচুতলার মানুষের উত্থান এসবই নজরুলের মানবিকতার অংশ। নজরুল মনে প্রানে বৃটিশের উচ্ছেদ কামনা করেছেন।ইংরেজের বিরোদ্ধে নজরুলের উচ্চারণে এক তিল খাদ ছিলনা,নজরুল শেষ পর্যন্ত ইংরেজ নয়- ছিলেন সাম্রাজ্যবাদের আগ্রাসনের বিরোদ্ধে ।তিনি লক্ষ্য করেছেন, মানুষ চিরকাল মানুষের উপর অত্যাচার করে এসেছে, তা পশুদের পক্ষে ও অসম্ভব। নজরুল জীবনভর লাঞ্ছিত মানুষেরই জাগরণ কামনা করেছেন।

বাংলাদেশের মুক্তিযুদ্ধে তাঁর গান কবিতা ছিল প্রেরণার উৎস।তাই তিনি হয়ে উঠলেন আমাদের জাতীয় কবি। বাংলাদেশের স্বাধীনতার পরপরই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে সপরিবারে সদ্যস্বাধীন বাংলাদেশে নিয়ে আসেন।রাষ্ট্রীয় মর্যাদায় বাংলাদেশে তাঁর থাকার ব্যবস্থা করেন।

নজরুলের কবিতার ক্ষেত্রে দৃষ্টি দিলে দেখি বহু আয়তনে বিস্তৃত তাঁর কবিতা।ব্যক্তি জীবনের উদার মানবিকতার চর্চাই নজরুলের সাহিত্যিক জীবনে প্রতিফলিত হয়েছিল।

ক্রোধ,ধার্মিকতা,আধ্যাত্মিকতা,সমাজ ও রাজনীতি বাস্তব ও স্বপ্ন মিলে কখনও দেখাগেছে গভীর বিষাদে মগ্ন থেকে কবি কাজ করেছেন মাত্র দুই যুগ।সুস্থ অবস্থার সময় কাল মাইকেল মধুসূধন, রবীন্দ্র নাথ, জীবনান্দ দাস,আধুনিক এই কবিদের চেয়ে অনেক কম সময় পেয়েছেন কবি নজরুল। প্রথম বিশ্বযুদ্ধ সমাপ্ত হলে কবি নজরুল চলেযান করাচিতে। কিন্তু সেখানে বেশিদিন ধরে রাখতে পারেনি করাচির মাটি।তিনি চলে এলেন কলকাতায় কমরেড মুজাফফর আহমদের সঙ্গে বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতির অফিসে একসাথে বাস করতে থাকেন ১৯২০ সালে নজরুল ইসলাম ও মুজাফফর আহমদ দৈনিক 'নবযুগ' প্রকাশ করেন।

এ কে ফজলুল হক ছিলেন প্রধান পরিচালক। মুজাফফর আহমদ মার্কসবাদের প্রতি আকৃষ্ট হলে নজরুল সম্পাদিত অর্ধ সাপ্তাহিক ' ধুমকেতু' বের করেন।তারপর সাপ্তাহিক পত্রিকা 'লাঙল ' প্রকাশিত হয়। লাঙল; পত্রিকার প্রথম সংখ্যাতেই বিদ্রোহী কবির সাম্যবাদী চরিত্র প্রকাশিত হয়।তখনই ঘোষিত হলো মানবতার জয়গান।

গাহি সাম্যের গান যেখানে আসিয়া এক হয়েছে
গেছে সব বাধা ব্যবধান যেখানে মিশেছে হিন্দু-
বৌদ্ধ-মুসলিম-খৃষ্টান;
গাহি সাম্যের গান মানুষের চেয়ে বড়ো কিছু
নাই নহে কিছু মহিয়ান;
সাম্যের গান গাই আমার ভিতরে পুরুষ নারী
কোন ভেদাভেদ নাই;
বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক
তার নর;

১৯২৫ সালে প্রকাশিত সাম্যবাদী কবিতাগ্রন্থ সমাজতন্ত্রী বাংলা কবিতার দরজা খুলে দিল।তিরিশ ও চল্লিশের দশকে সাম্যবাদী কবিতার যে প্রবাহ,তার প্রতিকৃত কাজি নজরুল ইসলাম। ১৪শ বছরের বাংলা সাহিত্যের ইতিহাসে নজরুল ইসলামই হিন্দু মুসলমান মিলনের শ্রেষ্ঠ প্রবক্তা।শত শত বছর ধরে হিন্দু মুসলমান পাশাপাশি বাস করলে ও সাহিত্যে তা আদৌ যথাযতভাবে প্রতিফলিত হয়নি।ব্যক্তিজীবনে ও নজরুল তার ব্যবধান রাখেননি।বিয়ে করলেন হিন্দু মেয়ে,কাজী ফকির আহমদের পুত্র কাজী নজরুল ইসলাম। তাঁর পুত্রদের নাম রাখলেন হিন্দু মুসলিম
ঐতিহ্যকে সমান করে। নজরুল হিন্দু ও মুসলমান ধর্মের আচার থেকে অন্তরআত্মা অবধি ব্যবহার করেছেন। শুধু কবিতায় নয়, গল্পে, উপন্যাসে,নাটকে, প্রবন্ধে, গানে সমস্ত ক্ষেত্রে তাঁর প্রধান লক্ষ্য শেষ পর্যন্ত মানুষেরই মহিমা কীর্তন, মানুষেরই বিজয় ঘোষণা। বহুমাত্রিক নজরুল ইসলাম ধর্মের অসামান্য সাহিত্যিক রূপ দিয়েছেন তাঁর কবিতা তাঁর গানে। আবার নজরুলের ইসলামী কবিতার একটি প্রধান উদ্দেশ্য, মুসলমানের জাগরণ বা পুনর্জাগরণ।
বাংলার এ মাটি থেকে এ মৃত্তিকাকে ভালোবেসে আমাদের দেশের উনিশ শতকের কবি কাজী নজরুল ইসলাম তাঁর দেশপ্রেম, জনপ্রেম পূর্বের শতাব্দীর বৃহৎ ধারার সঙ্গে সত্যিই একাত্ব। পরবর্তী কবিরা এ সৌভাগ্য থেকে অনেকটা বঞ্চিত বলে আজ পর্যন্ত নজরুলকেই সত্যিকারের দেশপ্রেমিক বলে জনসাধারণ চিনে নিয়েছে। কবি কাজী নজরুল এই বাংলায় নতুনের কেতন উড়িয়েছেন। এই মানবপ্রেমিক কবির উদ্দেশ্যে একবিংশ শতাব্দীতেও তাঁর তিরোধান দিবসে আমরা দাঁড়িয়ে সালাম জানিয়ে যেতে চাই।

# নিউইয়র্কে আবদুল গাফ্‌ফার চৌধুরী

**মাহবুবুর রহমান**



হাসি কি জাদু জানেন? মজাদার সব খাবার। ডজন আইটেম। ভাবলাম, প্রশংসা যদি হয়, হবে এ রান্নারই। হয়ত হয়েছে, অথবা হয়নি। হাসির মনে গেঁথে আছে গাফ্‌ফার ভাইয়ের অন্যকথা। কি সেই কথা?

গাফ্‌ফার ভাইয়ের সর্বশেষ নিউইয়র্ক সফর ছিল চ্যালেঞ্জিং। সম্ভবত ২০১৫ সাল। এক সাংবাদিক তাঁর কোনো এক বক্তব্য টুইস্ট করে যে রিপোর্ট করেন তাতে গোলমেলে পরিস্থিতির সৃষ্টি হয়। তাঁর বিরোধীরা ঘোষণা দেন, গাফ্‌ফার চৌধুরীকে নিউইয়র্কে সভা করতে দেয়া হবে না। সিটির যেখানেই হোক না কেন তারা বিক্ষোভ করবেন। জ্যাকসন হাইটসের জুইস কমিউনিটি সেন্টারের সভা বাতিল করা হলো। আমি তখন অবসরে। সাংবাদিকতায় সক্রিয় নই। টাইম টিভির প্রধান আবু তাহের ফোনে জানাল, গাফ্‌ফার ভাইয়ে বক্তব্য লাইভ প্রচার হচ্ছে। আশা করা যায়, উত্তেজনা কমে আসবে। এর মধ্যে গাফ্‌ফার ভাইয়ের শুভানুধ্যায়ী ও সমর্থকরা ঠিক করলেন, যে কোনো মূল্যে তারা একটা সভা করবেনই। বিনা চ্যালেঞ্জে ছাড় দেয়া যায় না। জায়গা ঠিক হলো জেএফকে বিমানবন্দরের পাশের পাঁচ তারকা হোটেল। গোপনীয়তা রক্ষা হলো শতভাগ। মিডিয়াকে বলা হয়নি। সকাল দশটার দিকে বিশ্বাসদা (লেখক সুব্রত বিশ্বাস) আমাকে ফোন করে বললেন, এখনই যেন গন্তব্যে পৌঁছে যাই। কাউকে যেন না বলি। সভা শেষে বাইরে এসে দেখি, দলে দলে মিডিয়ার লোকজন আসছেন। আমাদের কেউ কেউ ক্যামেরার মুখোমুখি হলেন, এতক্ষণ এখানে কি কি ঘটল, সব জানানোর অনুরোধ।

আবু তাহের ও নিয়াজ মাখদুমকে নিয়ে বাংলা পত্রিকা বের করার পর গাফ্‌ফার ভাইয়ের সাথে সম্পর্ক আরও ঘনিষ্ঠ হলো। বাংলা পত্রিকা অফিসে তাঁকে নিয়ে আড্ডা হয়েছে ঘণ্টার পর ঘণ্টা। নিয়াজের ঘরে রান্না করা বড় কই মাছ গাফ্‌ফার ভাইয়ের খুব পছন্দ হয়েছিল। বাংলা পত্রিকার বর্ষপূর্তি সংখ্যায় সে কথা উল্লেখও করেছিলেন। ওই সংখ্যায় আরও লিখেছিলেন লন্ডনে কিভাবে আমার সাথে প্রথম দেখা হলো নাটকীয়ভাবে। গাফফার ভাই জানিয়েছিলেন, তাঁর লেখা প্রথম ছাপা হয়েছিল প্রাচীনতম সংবাদপত্র সিলেটের যুগভেরীতে। ১৯৯৯ সালে সপরিবারে লন্ডন সফরকালে সাংবাদিক সৈয়দ নাহাস পাশা ও অন্যরা আমাকে নিয়ে মতবিনিময় সভার আয়োজন করেন। ওখানে সারাক্ষণ উপস্থিত ছিলেন গাফ্‌ফার ভাই। নিউইয়র্ক এলে সাধারণত প্রবীণ সাংবাদিক সৈয়দ মোহাম্মদউল্লাহর এস্টোরিয়ার বাসায় উঠতেন। ওখানে সাচ্ছন্দ্যবোধ করতেন। আমি একাধিকবার ওখান থেকে তাঁকে আনা-নেয়া করেছি।

বাংলা পত্রিকা প্রকাশের পর সিদ্ধান্ত হয়, পত্রিকায় প্রতিথযশা কলামিস্টদের লেখা আমরা পরিবেশন করব এবং সেগুলো 'কাট এন্ড পেস্ট' নয়, পুরোপুরি টাটকা। নতুন। সে অনুযায়ী আলাপ হলো গাফফার ভাইয়ের সাথে। সিদ্ধান্ত হলো, সোমবার তাঁর যে লেখাটি ঢাকার ভোরের কাগজে ছাপা হবে, সে লেখাটি একইসঙ্গে বাংলা পত্রিকায়ও ছাপা হবে। বাংলা পত্রিকাও প্রকাশ হয় প্রতি সোমবার। লেখাপ্রতি গাফফার ভাইকে দিতে হবে পঁচিশ ডলার। প্রায় একই ব্যবস্থায় আমরা সম্মত হই শফিক রেহমানের যায় যায় দিনের সাথে। ঢাকায় প্রকাশিত হয় মঙ্গলবার, নিউইয়র্কে সোমবার। অর্থাৎ ঢাকার কয়েক ঘণ্টা আগে নিউইয়র্কে প্রকাশিত হয় লেখাটি। পাঠকপ্রিয়তা অর্জন করলেও বেশিদিন তা ধরে রাখতে পারিনি আমরা। লন্ডন থেকে ফ্যাক্সে আসত লেখা। ফ্যাক্স বিভ্রাট বা যান্ত্রিক ক্রটি হলে সে লেখাটি আর আমাদের একান্ত থাকত না। সকলের হয়ে যেত। যায় যায় দিনের লেখা কর্তৃপক্ষের সুনজরে থাকত না। ঢাকায় বেরুনোর আগে যদি জানাজানি হয়ে যায়, এ সংখ্যায় এই এই আছে তা হলে কর্তৃপক্ষের সুবিধা হবে এটা আটকানো। লেখক চান না, ঢাকায় বেরুনোর আগে তার লেখাটি আটকে যাক। এখন নিউইয়র্কের জ্যামাইকাতে বসবাস করি। পাঁচ বছর আগে ছিলাম ইস্ট এলমহার্স্টে। ডুপ্লেক্স বাড়ি। সুন্দর গোছানো। এর বেসমেন্টের কাঠের কাজ কবি হেলাল হাফিজের খুব পছন্দ হয়েছিল। বলেছিলেন, মাহবুব ভাই, এ ঘরে থাকতে দিলে ঢাকায় আর ফিরে যাব না। বললাম, এখনই দিলাম। উত্তরে শুধু হাসলেন। উনিশ বছর পর সে বাড়িটি বিক্রি করে জ্যামাইকায় চলে আসি ২০১৭ সালে। ইস্ট এলমহার্স্টের এ বাড়িতে গাফ্‌ফার ভাইকে নিয়ে এক মনোরম সন্ধ্যা কাটানোর স্মৃতি আজো জ্বল জ্বল করছে। আমার স্ত্রী হাসি মজাদার অনেক খাবার তৈরি করেছেন। গাফ্‌ফার ভাইয়ের সাথে আছেন বাদশা ভাই (মরহুম আমিনুল হক বাদশা, বঙ্গবন্ধুর প্রেস সচিব)। তাঁরা দু'জন এক সাথে হজ পালন করেছেন। হজ ও সৌদির অনেক গল্প তাঁদের কাছে শুনেছি। সে রাতে আরও ছিলেন সাংবাদিক সৈয়দ মোহাম্মদউল্লাহ ও ভাবী, সাংবাদিক নিনি ওয়াহেদ, নাট্যশিল্পী লুৎফুন্নাহার লতা, মেজর (অব) নাসিরউদ্দিন, হাসির ভাগ্নে জিয়া শাওন ও তার স্ত্রী শামসুন্নাহার মনি। আড্ডা আর গল্প-গুজবে কিভাবে মধ্যরাত পেরিয়ে যায় টেরই পাইনি।

দু'একদিন পর গাফ্‌ফার ভাইকে নিয়ে একই ধরনের আড্ডা জমে ওঠে লুৎফুন্নাহার লতার বাসায়। এর সঙ্গে ছিল সুস্বাদু রকমারি খাবার। গাফ্‌ফার ভাই হাসিকে নিয়ে যে প্রশ্ন করেছিলেন, তাতে আমি মোটেও অবাক বা অপ্রস্তুত ছিলাম না। এ প্রশ্নে অভ্যস্ত আমি। আরও মুখোমুখি হয়েছি। বিশেষ করে ডাক্তার বা স্বাস্থ্যকর্মীর কাছ থেকে। বরঞ্চ হাসি হেসে লুটোপুটি খেয়েছেন। একবার এক ডাক্তার হাসিকে দেখিয়ে আমাকে বললেন, আপনার 'মেয়ে'কে সব বুঝিয়ে বলেছি। আরেকবার এক স্বাস্থ্যকর্মী কিছু ওষুধ ও খাবার হাসির হাতে তুলে দিয়ে বললেন, ধরুন, এগুলো আপনার 'পিতা'র। গাফ্‌ফার ভাই জিজ্ঞেস করলেন, মাহবুব ভাই, ভাবী কি আপনার দ্বিতীয় স্ত্রী? মাথা নেড়ে বললাম 'না'। কি করব। আমি তো কাঙ্গালিনী সুফিয়ার মতো গাইতে পারি না 'তোর কারণে বুড়া' হইলাম রে—। আবদুল গাফ্‌ফার চৌধুরী অমরত্ব লাভ করবেন তাঁর একুশের গানের জন্য। আমি তাঁর বেহেশত কামনা করি।

## শহীদ কাদরী পুরস্কার ২০২২-এর বই আহ্বান

**উত্তর আমেরিকা অফিস**

প্রতিবারের মতো ৩১তম নিউইয়র্ক বাংলা বইমেলায়ও বিশেষ আকর্ষণ হিসেবে থাকছে অভিবাসী লেখকদের প্রকাশিত সেরা বইয়ের জন্য শহীদ কাদরী পুরস্কার ২০২২। উল্লেখ্য, ২০২২ সালের ২৮, ২৯, ৩০ এবং ৩১ জুলাই নিউইয়র্কে অনুষ্ঠিতব্য ৩১তম নিউইয়র্ক বাংলা বইমেলা আয়োজন করছে মুক্তধারা ফাউন্ডেশন।

বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গ থেকে উল্লেখযোগ্য সংখ্যক লেখক, শিল্পী এবং প্রকাশক বরাবরের মতো নিউইয়র্ক বইমেলায় অংশগ্রহণ করবেন। বাংলাদেশ ও পশ্চিম বাংলার বাইরে সবচেয়ে বড় ও দীর্ঘস্থায়ী বইমেলা হিসেবে স্বীকৃত 'নিউইয়র্ক বাংলা বইমেলা'র ৩১তম আসরের আহ্বায়ক নির্বাচিত হয়েছেন গোলাম ফারুক ভুঁইয়া।

অভিবাসী লেখকদের প্রকাশিত বইয়ের জন্য শহীদ কাদরী পুরস্কার ২০২২ প্রদানের লক্ষ্যে ১৫ জুন, ২০২২ এর মধ্যে জমা দেয়ার জন্য মুক্তধারা ফাউন্ডেশনের পক্ষ থেকে বই জমা দেয়ার আহ্বান জানানো হয়েছে। এর আর্থিক মূল্যমান ৫০০ ইউএস ডলার। আগ্রহীরা তাঁদের বাংলা ভাষায় রচিত ও ২০২১ সালে প্রকাশিত যে কোনো একটি শিরোনামের বই পাঠাতে পারবেন। বাংলাদেশ এবং পশ্চিম বঙ্গের বিশিষ্ট লেখকদের সমন্বয়ে গঠিত একটি বিচারক সভা পুরস্কারের জন্যে সেরা বইটি নির্বাচন করবেন।

শহীদ কাদরী পুরস্কার ২০২২-এ অংশগ্রহণের জন্য লেখককে কেবল নিচের শর্তগুলো অনুসরণ করতে হবে:

১. লেখককে অবশ্যই বাংলাদেশ ও ভারতের বাইরের কোনো দেশে অভিবাসী হতে হবে।

২. লেখকেরা তাঁদের বাংলাভাষায় রচিত একটিমাত্র শিরোনামের বই জমা দিয়ে এই পুরস্কারপ্রত্যাশী হতে পারবেন।

৩. বইটি অবশ্যই ২০২১ সালের জানুয়ারি থেকে ২০২১ সালের ডিসেম্বরের মধ্যে প্রকাশিত হতে হবে। ৪. লেখককে নিজ খরচে তাঁর বইয়ের ৩ কপি নিচের ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

৫. অভিবাসী লেখকদের সেরা বই □পুরস্কারের জন্য অংশগ্রহণ করতে হলে ১৫ জুনের মধ্যে বইটি নিম্নলিখিত ঠিকানায় পৌঁছে দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বই পাঠানোর ঠিকানা:: USA: শহীদ কাদরী পুরস্কার ২০২২, Muktadhra Foundation 37-69, 74th St, 2nd Floor, Jackson Heights, NY 11372


Bangladesh: শহীদ কাদরী পুরস্কার ২০২২, Muktadhra Foundation , 44 Arambagh, 2nd Floor, Motijheel, Dhaka 1000, Bangladesh.


১৪২৯ বর্ষবরণ
Bengali New Year 1429 Celebration
Saturday May 28
Doors open 6:00, show starts 6:30
Mask required
Jamaica Performing Arts Center
153-10 Jamaica Ave
Jamaica, NY 11432
Program
Fountain of Colors
রঙের ঝর্না
A musical based on Spiritual songs
সহজ মানুষ
Poetic Dance বিদ্রোহী
$5
Get your tickets
Sponsored by
utshob courier
More Information
BIPA.Inc www.bipainc.com
917.674.4746. 917.673.1105 347.237.1628
A BIPA Production
This event is supported in part by public funds from the New York City
Department of Cultural Affairs in partnership with the City Council Members


১৪২৯ বর্ষবরণ
Bengali New Year 1429 Celebration
Saturday May 28
Doors open 6:00 show starts 6:30
Mask required
Jamaica Performing Arts Center
153-10 Jamaica Ave
Jamaica, NY 11432
সহজ মানুষ
A musical based on Spiritual songs
$5
ADMIT ONE
Get your tickets
Sponsored by
utshob courier
A BIPA Production
This event is supported in part by public funds from
the New York City department of Cultural Affairs
in partnership with the City Council Members


১৪২৯ বর্ষবরণ
Bengali New Year 1429 Celebration
বিদ্রোহী
ETERNAL REBEL
Poetic Dance
Saturday May 28
Doors open 6:00, show starts 6:30
Mask required
Jamaica Performing Arts Center
153-10 Jamaica Ave
Jamaica, NY 11432
$5
ADMIT ONE
Get your tickets
A BIPA Production
Sponsored by
utshob courier
MORE INFO:
917.674.4746 917.673.1105 347. 237.1628
This event is supported in part
by public funds from the New York City department of Cultural Affairs
in partnership with the City Council Members


Celebrating children's art and vocal talent
Friday June 10' 2022 @ 7:00 pm
Jewish Center
37-06 77th St, Jackson Heights
বিপা'র ক্ষুদে শিল্পীদের
চিত্র প্রদর্শনী
এবং
সঙ্গীতানুষ্ঠান
সঞ্চারী
MORE INFO
917.674.4746 917.673.1105 347.237.1628
A BIPA Production
This event is supported in part by public funds from the New York City
department of Cultural Affairs in partnership with the City Council Members


পার্টনার অথবা এম্প্লয়ি হয়ে
ক্যারিয়ার গঠনের সুবর্ণ সুযোগ
cellaxs phone repair
* আমেরিকার প্রায় ২৭৫ লোকেশনে লোক নিয়োগ চলছে
* এম্প্লয়িদের ভাল বেতন প্রদান
* কোম্পানীর ব্যবস্থাপনায় কর্মস্থলে যাতায়াত ও থাকার ব্যবস্থা
* পার্টনার হওয়ার সুযোগ
* মালিক হওয়ার সুযোগ
* বছরে ছুটির ব্যবস্থা
* হেলথ ইনস্যুরেন্স সুবিধা
দেরী না করে আজেই রিজ্যুমি পাঠান
golam@cellaxs.com
cellaxs
phone repair


GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396


M&N HOME CARE SERVICES LLC
$23/hr
CD PAP - PCA - HHA
866-688-6922

# প্রথম আলো

Prothom Alo North America
26May 2022, Thursday, 6th Year, Issue 271, 40 Pages

২৬ মে ২০২২, ১২ জ্যৈষ্ঠ ১৪২৯, ২৫ শাওয়াল ১৪৪৩, বৃহস্পতিবার


## আমেরিকার সব স্কুল এলাকায় পুলিশের উপস্থিতি বৃদ্ধি

**উত্তর আমেরিকা অফিস**

টেক্সাসে অস্ত্রধারী যুবকের গুলিতে ২১ জন নিহত হওয়ার পর আমেরিকার সব স্কুল এলাকায় পুলিশের উপস্থিতি বৃদ্ধি করা হয়েছে। নিউইয়র্কসহ পুরো আমেরিকায় উদ্বেগ বিরাজ করছে।

ঘটনার পরদিন ২৫ মে বুধবার স্কুল শিশুদের কাঁপা কাঁপা হাতে স্কুলে পৌঁছে দিতে দেখা গেছে অভিভাবকদের। মার্কিন প্রেসিডেন্ট থেকে প্রভাবশালী আইনপ্রণেতারা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪


কামাল আহমেদ


মনসুর খান


সাঈদ রহমান

# মরণোত্তর সম্মাননা পাচ্ছেন তিন গুণী

**জ্যামাইকা-বাংলাদেশ পথমেলা**

**উত্তর আমেরিকা অফিস**

জ্যামাইকা-বাংলাদেশ পথমেলায় নিউইয়র্কের তিনজন বিশিষ্ট ব্যক্তিকে মরণোত্তর সম্মাননা জানানো হবে।

কমিউনিটিতে স্ব স্ব ক্ষেত্রে অবদান রাখার জন্য আগামী ২৯ মে রোববার তাদের এই সম্মাননা দেয়া হবে। এরা হলেন বাংলাদেশ সোসাইটি সভাপতি মরহুম কামাল আহমেদ, খানস টিউটোরিয়ালের প্রতিষ্ঠাতা, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ মরহুম ড. মনসুর খান এবং বিশিষ্ট ব্যবসায়ী, মান্নান বেকারি, গ্রোসারি ও সুপারমার্কেটের প্রতিষ্ঠাতা, জেবিবিএ'র সাবেক সভাপতি মরহুম সাঈদ রহমান মান্নান।

মেলার আহ্বায়ক নাসির আলী খান পল একথা জানান।

উল্লেখ্য, বাংলাদেশি অধ্যুষিত জ্যামাইকার ১৬৫-৬৫ ৮৪ অ্যাভিনিউ এলাকায় (টমাস এডিশন হাই স্কুলের সামনে) দিনভর এই মেলা অনুষ্ঠিত হবে। নাসির আলী খান বলেন, বাংলাদেশের অসহায় পথশিশুদের সাহায্যার্থে নবগঠিত জ্যামাইকা বাংলাদেশি আমেরিকান ফাউন্ডেশন এই মেলার আয়োজন করছে। মূলত বেলা ১২টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত মেলা চলবে।

মেলায় ১২ থেকে ১৫ হাজার দর্শক আশা করছেন পল খান। তিনি জানান, আনুমানিক ৫০ হাজার ডলার বাজেটের এই মেলা থেকে উদ্বৃত্ত অর্থ বাংলাদেশের পথশিশুদের সাহয্যের জন্য পাঠানো হবে। এজন্য দেশের পথশিশুদের জন্য কাজ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

আলোচনায় চার বিদেশি দূত

## গণতন্ত্রে গণমাধ্যমের স্বাধীনতা অপরিহার্য

**ঢাকা অফিস**

বাংলাদেশে প্রকৃত গণতন্ত্র এবং উন্নয়ন ও অগ্রগতির জন্য গণমাধ্যমের স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করার তাগিদ দিয়েছেন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা ও জাপানের দূতরা। একই সঙ্গে তাঁরা বাংলাদেশে ডিজিটাল নিরাপত্তা আইনসহ গণমাধ্যমের স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতা খর্ব করে এমন প্রস্তাবিত আইনগুলোর বিষয়ে উদ্বেগ জানান।

মঙ্গলবার ঢাকায় ইএমকে সেন্টারে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১


শেখ রহমান


নাবিলা ইসলাম

# বাংলাদেশিদের জয়জয়কার

**জর্জিয়ার প্রাইমারি**

**বিশেষ প্রতিনিধি**

যুক্তরাষ্ট্রের জর্জিয়া রাজ্যে ডেমোক্র্যাট দলের প্রাইমারি নির্বাচনে রাজ্য সিনেটর পদে বাংলাদেশি আমেরিকান নাবিলা ইসলাম জয় লাভ করেছেন। এ রাজ্যে পুরোনো রাজ্য সিনেটর অপর বাংলাদেশি আমেরিকান শেখ রহমান তৃতীয়বারের মতো নির্বাচিত হয়েছেন।

আসছে নভেম্বরে আমেরিকার গুরুত্বপূর্ণ রাজ্য জর্জিয়ার সিনেটে দুইজন বাংলাদেশিকে দেখার সম্ভাবনা উজ্জ্বল হয়ে উঠেছে।

২৪ মে মঙ্গলবার জর্জিয়া রাজ্যে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

## যুদ্ধ শেষ করতে রাশিয়ার কাছে ভূখণ্ড ছাড়া উচিত ইউক্রেনের: কিসিঞ্জার

**উত্তর আমেরিকা ডেস্ক**

যুদ্ধ শেষ করতে প্রয়োজনে ইউক্রেনের উচিত রাশিয়ার কাছে ভূখণ্ড ছেড়ে দেওয়া। সোমবার সাবেক মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হেনরি

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

## জরিমানা দিলেন ট্রাম্প

**বিশেষ প্রতিনিধি**


ডোনাল্ড ট্রাম্প

আদালতের নির্দেশ অনুযায়ী জরিমানা গুনতে হয়েছে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে। কর ফাঁকির মামলায় নথিপত্র জমা না দেয়ায় তাকে এই জরিমানা করা হয়।

২০১৯ সাল থেকে তার বিরুদ্ধে কর ফাঁকির অভিযোগে তদন্ত চলছে নিউইয়র্কে। এজন্য তাঁর কাছে প্রয়োজনীয় নথি চাওয়া হয়। কিন্তু ট্রাম্প এখনও সেসব নথি প্রদান করেননি। আর এ কারণেই তাকে জরিমানা করে নিউইয়র্কের একটি আদালত। ২৫ এপ্রিল ট্রাম্পের বিরুদ্ধে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১


HILLSIDE TAX & MULTISERVICES INC.
e-file
Income Tax • Sales Tax • Corporate Tax • Partnership Tax
Business setup • Payroll (W2, 1099) • All imigratoin Services • Accounting & Bookkeeping
MD SHORIFUL ISLAM
President & CEO
165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432
Tel: +1 (347) 251-9921, Email: Hillsidetax21@gmail.com

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave, 2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

গায়ে হলুদের ফুড কার্ভিং
পান ডালা ও মিষ্টির ডালার জন্য যোগাযোগ করুন আমাদের সাথে।
Contact: 917-480-9461

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
"REALTOR, YOU CAN DEPEND ON"
RE/MAX PROS
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282
মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২
Hashan Chowdhury
Realtor
Realtorchowdhury@gmail.com
12810 Wisterica Dr, #300
Germantown, MD 20874

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
Immigrant Elder Home Care LLC
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
TOLL FREE 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
To Schedule Appointment Only.
• গাড়ী এক্সিডেন্ট • বিল্ডিং এ দুর্ঘটনা • ট্রিপ এন্ড ফল • বিকলাঙ্গ শিশুর জন্য
• কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা • স্লিপ এন্ড ফল • হাসপাতালে ভুল চিকিৎসা • লেড পয়জনিং
Moin Choudhury, Esq.
Attorney at Law
TIMOTHY BOMPART, ESQ.
ATTORNEY AT LAW
IMMIGRATION
Law offices of Timothy Bompart 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan & Long Island Office By Appointment Only
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompart is admitted in NY only

আশা হোম কেয়ার
Aasha Social Adult Day Care
ট্রান্সফার অথবা নতুন কেইস
$21.25 Long Island $170 PerMonth
$18.25 Buffalo
২২.২৫ প্রতি ঘন্টায় 5 Borough
917 306 2981

নতুন রূপে বাঙালি সব বাংলাদেশি খাবারের আয়োজন
খলিল'স ফুড
khalilsfood.com
Khalil Biryani House 718.409.6840
Khalil Halal Chinese 646.763.5073
Khalil Pizza & Grill 718.577.7997
Khalil Supermarket 718.521.9993
1457 Unionport Rd, Bronx, NY 10462
খলিলুর রহমান
CEO, Khalils Food

OPEN 7 DAYS
Best service is our Goal
IATA Accredited Agent
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন
হজ ওমরাহ
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টাকা পাঠান
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

KARNAFULLY
কর্ণফুলী ট্যাক্স
TAX SERVICES INC.
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
IRS ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

MTR Electric
Murad Hussain
আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।
আমরা অত্যন্ত দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্টাট, এয়ার কন্ডিশন, ওয়্যারিং, লাইটিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্লোরিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।
MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

Home & Habitat Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

M মতিন MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
989 Liberty Ave, Brooklyn, NY 11208
Commercial, Residential & Retail
917-346-8207
Liberty Renovation
Libertyrenovation.com


সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com